বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের আওতায় ২০১৯-২০ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসি এফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	৯	৯	০	০	৩	৯	• -২৬.০৮% • +৩১৬.৬৭ %	৪	• -০.৯১% • +৩৬৭.৮১%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ৯ (নয়)

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

<u>প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ</u>:

ক) প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;

খ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্য বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;

গ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণকী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণকী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

<u>প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ</u>:

ক) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি, টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

খ) সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ঋণ চুক্তি স্বাক্ষর ও কার্যকর করতে যথেষ্ট বিলম্ব হয়;

গ) সাহায্যপুষ্ট প্রকল্পের দরপত্র মূল্যায়নের সময় উন্নয়ন সহযোগী সংস্থার কনকারেন্স পেতে যথেষ্ট বিলম্ব হয়;

ঘ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পে যথেষ্ট সময়ক্ষেপণ হয়;

ঙ) প্রকল্প দপ্তরের অদক্ষতার কারণে এবং দূরদর্শিতার অভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ রক্ষণাবেক্ষণ	প্রকল্পের মাধ্যমে নির্মিত স্থাপনা, পাইপলাইন ও যন্ত্রপাতিসমূহের যথাযথ রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে;
৩.২ Feasibility Study'র সুপারিশ অনুসরণ না করা	ভবিষ্যতে প্রকল্পের কার্যক্রম দক্ষতার সাথে সম্পন্নের জন্য যথাযথ সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) পরিচালনা করা এবং সুপারিশের আলোকে ব্যবস্থা করতে হবে;
৩.৩ কূপের ওয়ার্কওভার কাজে বিঘ্ন না ঘটা	ভবিষ্যতে Blowout preventer control systems (BOP) সরবরাহে দেরী হওয়ায় যাতে কোন কূপের ওয়ার্কওভার কাজে বিঘ্ন না ঘটে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলে সচেষ্ট থাকতে হবে এবং বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩.৪ ডিপিপি/ টিপিপিতে স্টিয়ারিং কমিটির (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান না রাখা	প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম যথাযথভাবে মনিটরিং এর জন্য ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় ডিপিপিতে স্টিয়ারিং কমিটি (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান রাখতে হবে;
৩.৫ দেশীয় প্রতিষ্ঠানের সক্ষমতাকে ব্যবহার করা	বাংলাদেশের অভ্যন্তরে দেশীয় প্রতিষ্ঠানের সক্ষমতা উন্নীতকরণসহ সরকারী অর্থ সাশ্রয়করণের নিমিত্তে সকল গ্যাসক্ষেত্রের আওতায় ওয়ার্কওভার সংক্রান্ত কাজে যাতে বাপেক্স এর নিজস্ব অর্থায়নে ক্রয়কৃত রিগ ব্যবহার করা হয় সে বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সংস্থা তার অধীনস্থ সকল প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।
৩.৬ সমজাতীয় প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতাকে কাজে না লাগানো	ভবিষ্যতে সমজাতীয় প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে যাতে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করা যায় সেজন্য এ প্রকল্পের অভিজ্ঞতাসমূহ অনুসরণ করতে হবে
৩.৭ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন।
৩.৮ অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ	নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক প্রকল্পের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩.৯ প্রাপ্ত তথ্যাদির কারিগরী প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন আন্তর্জাতিক মানের Software ব্যবহারপূর্বক বিশ্লেষণ	যে কোন দেশের ভূগর্ভস্থ খনিজ সম্পদ বিশেষত তেল ও গ্যাস অনুসন্ধান একটি ধারাবাহিক প্রক্রিয়া। তেল ও গ্যাস অনুসন্ধান কার্যক্রম অধিকতর দক্ষতা, নিপুণতার এবং অর্থনৈতিকভাবে লাভজনকভাবে সম্পাদনের জন্যই বিভিন্ন প্রকার সার্ভে করা হয়ে থাকে। সার্ভের মাধ্যমে প্রাপ্ত ডাটা দক্ষতা ও বুদ্ধিমত্তার সাথে এনালাইসিস করাও খুব গুরুত্বপূর্ণ। সাইসমিক ডাটা সংগ্রহ প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত তথ্যাদির কারিগরী প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন আন্তর্জাতিকমানের Software ব্যবহারপূর্বক বিশ্লেষণ করে পরবর্তী কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে। প্রয়োজনে এ বিষয়ে অভিজ্ঞ পরামর্শক নিয়োগের মাধ্যমে তথ্য বিশ্লেষণ করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

Feasibility Study for Granite Slab Preparation and Enhancement of Stone Production by Expansion of Maddhapara Mine (1st Revised) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ আগস্ট, ২০১৯)

১. প্রকল্পের নাম : Feasibility Study for Granite Slab Preparation and Enhancement of Stone Production by Expansion of Maddhapara Mine (1st Revised)

২. পরিদর্শনকারী র্কমর্কতার নাম : সালেহীন তানভীর গাজী; পদবী: পরিচালক; সেক্টর: পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১ (শিল্প ও শক্তি)।

৩. প্রকল্প পরিদর্শনের তারিখ : ৪ সেপ্টেম্বর ২০২০।

৪. প্রকল্পের অবস্থান:

বিভাগ	জেলা	উপজেলা
রংপুর	দিনাজপুর	পার্বতীপুর ও নবাবগঞ্জ

৫. বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদশে তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরশেন (পেট্রোবাংলা)/ মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল) ।

৬. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৭. প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন কাল:

(লক্ষ টাকায়)

বিষয়		প্রকৃত ব্যয়	বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪৭৬৯.২০	৪৮১২.৩৯	৪৭২৫.৮৯	০১-১১-২০১৭ থেকে ৩০-০৪-২০১৯	০১-১১-২০১৭ থেকে ৩১-০৮-২০১৯	৩১-০৮-২০১৯	(-) ০.৯১%	২২.২২%

৮. অঙ্গভিত্তিক অগ্রগতিঃ (লক্ষ টাকায়)

ইকোনোমিক কোড	অঙ্গের নাম	একক	আরডিপিপি/টিএপিপি/পিএফএস অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১-০৮-২০১৯ পর্যন্ত)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
(ক) রাজস্ব ব্যয়ঃ						
৪৮১৩	ভ্যাট	থোক	-	৫৬৭.৭৭	-	৫৬০.১১ (৯৮.৬৫%)
৪৮১৪	এআইটি	থোক	-	৩৫০.৩৬	-	৩৪৫.৬০ (৯৮.৬৪%)

ইকোনোমিক কোড	অঙ্গের নাম	একক	আরডিপিপি/টিএপিপি/পিএফএস অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১-০৮-২০১৯ পর্যন্ত)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
৪৮১৬	টেলিফোন ও অন্যান্য	থোক	-	৩.৪৯	-	০.১০ (২.৮৭%)
৪৮২৭	রিপোর্ট প্রিন্টিং, ডকুমেন্টেশন অ্যান্ড বাইন্ডিং	থোক	-	৩.০০	-	০.৩০ (১০%)

ইকোনোমিক কোড	আরপিএফএস এ অঙ্গের নাম	একক	আরডিপিপি/টিএপিপি/পিএফএস অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১-০৮-২০১৯ পর্যন্ত)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
৪৮২৮	স্টেশনারী, সিল ও স্ট্যাম্পস	থোক	-	৩.০০	-	০.৫৪ (১৮%)
৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন	থোক	-	৩.০০	-	০.৭৭ (২৫.৬৬%)
৪৮৪৯	ক্রুপ কমপেনসেশন ফর টপোগ্রাফিক সার্ভে ও সাইসমিক সার্ভে	থোক	-	৫৮.০৫	-	৫৮.০৪ (৯৯.৯৮%)
	ক্রুপ কমপেনসেশন ফর ড্রিলিং অপারেশন	থোক	-	৮৭.০৭	-	৮৭.০৭ (১০০%)
৪৮৭৪	বৈদেশিক পরামর্শক সেবা (৫/৫০)	জনমাস	৫০	৫৫২.৯১	৫০	৫৪৫.২৫ (৯৮.৬১%)
	স্থানীয় পরামর্শক সেবা (৪/১৭)	জনমাস	১৭	৩৩.৩০	১৭	৩৩.৩০ (১০০%)
৪৮৮৩	সম্মানী/ফি/পারিশ্রমিক	থোক	-	৫.০০	-	২.৫৮ (৫১.৬০%)
৪৮৮৬	ক) টপোগ্রাফিক সার্ভে	বর্গ কি: মি:	৯	৬৪.১৩	৯	৬৩.০৫ (৯৮.৩১%)
	খ) ২-ডি সাইসমিক সার্ভে	কি: মি:	৬.২৫	৪৭৯.০৬	৬.২৫	৪৭১.০৪ (৯৮.৩২%)
	গ) বোরহোল ড্রিলিং	টি	১০	২০৫২.০০	১০	২০২৪.২৮ (৯৮.৬৩%)
	ঘ) হাইড্রোজিওলোজিক্যাল টেস্টিং অ্যান্ড মডেলিং	থোক	-	৫১.৩০	-	৫০.৭৩ (৯৮.৮৮%)
	ঙ) সিলিং অফ বোরহোলস	টি	১০	২৫৬.৫০	১০	২৫৩.৬৫ (৯৮.৮৮%)
	চ) কন্সট্রাকশন অফ কোর হাউস অ্যান্ড কোর প্রিজারভেশন	থোক	-	২০৫.২০	-	২০১.৭৭ (৯৮.৩২%)
৪৮৯৩	ভাড়ায় মাইক্রোবাস সংগ্রহ	টি	১	১৪.৪০	১	১২.৫৫ (৮৭.১৫%)

ইকোনোমিক কোড	আরপিএফএস এ অঙ্গের নাম	একক	আরডিপিপি/টিএপিপি/পিএফএস অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১-০৮-২০১৯ পর্যন্ত)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
(ক) মোট রাজস্ব ব্যয়ঃ	-	-	-	**৪৭৮৯.৫৪**	-	৪৭১০.৭৩ (৯৮.৩৫%)
(খ) মুলধন ব্যয়ঃ						
৬৮০০	সম্পদ সংগ্রহ/ক্রয়					
৬৮১৫	কম্পিউটার ও যন্ত্রাংশ	সেট	-	৫.৮৫	-	৩.৯৯ (৬৮.২০%)
৬৮১৯	অফিস সরঞ্জাম	সেট	-	৭.০০	-	৫.৭২ (৮১.৭১%)
৬৮২১	আসবাবপত্র	থোক	-	১০.০০	-	৫.৪৫ (৫৪.৫০%)
মোট মূলধন ব্যয়		-	-	২২.৮৫	-	১৫.১৬ (৬৬.৩৪%)
সর্বমোট ব্যয় (ক+খ)		-	-	৪৮১২.৩৯	-	৪৭২৫.৮৯ (৯৮.২০%)

৯. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: অসমাপ্ত নাই।

১০. পটভুমি:

বাংলাদেশ পৃথিবীর বৃহত্তম নদী ভিত্তিক ব-দ্বীপ, গাঙ্গেয় ব-দ্বীপ এলাকায় অবস্থিত, যার উপরিভাগ পলল দ্বারা আবৃত। এই ভূখন্ডের উপরিভাগের কোথাও আগ্নেয় শিলা পাওয়া যায়না। ফলে, দেশের নির্মাণ কাজে একসময় দেশজ পাথরের একমাত্র যোগান ছিল সিলেট, পঞ্চগড় ও পার্বত্য চট্টগ্রাম এলাকার পাললিক শিলা। নির্মাণ কাজে উন্নতমানের পাথর হিসাবে আগ্নেয় শিলার প্রয়োজনীয়তা অনস্বীকার্য। দেশজ উৎস হিসেবে মধ্যপাড়া গ্রানাইট খনির আগ্নেয় শিলা ছাড়াও বিদেশ থেকে আগ্নেয় ও রূপান্তরিত শিলা আমদানীর মাধ্যমে দেশে পাথরের চাহিদা পূরণ করা হয়। বাংলাদেশে বর্তমানে গড়ে প্রতিবছর ১০.০০ মিলিয়ন মেট্রিক টন এর অধিক পাথরের চাহিদা রয়েছে। উক্ত চাহিদার মধ্যে প্রায় ১৫% দেশজ উৎপাদনের মাধ্যমে পূরণ করা হয়। বিগত বছরগুলোতে বাংলাদেশে আমদানি পণ্যের মধ্যে পাথর দ্বিতীয় অবস্থানে ছিল। দেশে উন্নত ও টেকসই অবকাঠামো নির্মাণ কাজের চাহিদা পূরণে দেশজ প্রাকৃতিক সম্পদ ব্যবহারের বিকল্প নেই।

দেশজ প্রাকৃতিক সম্পদের সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) কর্তৃক ১৯৭৪ সালে দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার মধ্যপাড়া এলাকায় ভূ-গর্ভের ১২৮-১৩৬ মিটার গভীরতায় গ্রানাইট পাথর আবিস্কার করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশে নির্মাণ কাজে উন্নতমানের আগ্নেয় শিলার দেশজ যোগান নিশ্চিতের লক্ষ্যে ভূ-গর্ভস্থ পাথর খনির কারিগরি সম্ভাব্যতা যাচাইয়ের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নির্দেশনা প্রদান করেন। এর সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে ২৭ জুন ১৯৭৫ তারিখে চুক্তি স্বাক্ষর করতঃ কানাডার পরামর্শক প্রতিষ্ঠান মেসার্স এস,এন,সি-কে নিয়োজিত করা হয়। ১৯৭৬-৭৭ সালে পরামর্শক প্রতিষ্ঠান কারিগরি সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনাপূর্বক মধ্যপাড়ায় একটি ভূ-গর্ভস্থ খনি বাস্তবায়ন কারিগরি ও অর্থনৈতিকভাবে লাভজনক হবে বলে সুপারিশ করে। এরই ধারাবাহিকতায় মধ্যপাড়া কঠিন শিলা খনি প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এবং উত্তর কোরীয় ঠিকাদার মেসার্স কোরিয়া

সাউথ-সাউথ কো-অপারেশন কর্পোরেশন (নামনাম) এর মধ্যে ২৭-০৩-১৯৯৪ তারিখে সাপ্লায়ার্স ক্রেডিট এর আওতায় একটি টার্ণ-কী চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি মোতাবেক নামনাম প্রতিদিন তিন শিফটে ৫,৫০০ মেট্রিক টন গ্রানাইট পাথর উত্তোলন ক্ষমতার খনি স্থাপনের লক্ষ্যে সেপ্টেম্বর ১৯৯৪ সাল হতে প্রকল্পের কাজ শুরু করে। ২৫শে মে ২০০৭ তারিখে শর্ত সাপেক্ষে এবং ৪ নভেম্বর ২০১০ তারিখে চূড়ান্তভাবে উন্নয়ন ঠিকাদার মেসার্স নামনাম-এর নিকট হতে পেট্রোবাংলার প্রতিষ্ঠান মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল) খনি গ্রহণ করে। ২৫শে মে ২০০৭ তারিখ হতে কোম্পানির নিজস্ব ব্যবস্থাপনায় বাণিজ্যিকভাবে ৩১-১২-২০১৩ তারিখ পর্যন্ত এক শিফটে পাথর উৎপাদন করা হয়। দেশের ক্রমবর্ধনশীল ভৌত অবকাঠামো নির্মাণে পাথর ব্যবহার বৃদ্ধির প্রেক্ষিতে খনির উন্নয়ন ও উৎপাদন বৃদ্ধি করার প্রয়োজনীয়তা দেখা দেয়। খনির উন্নয়ন এবং পাথর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিঃ (এমজিএমসিএল) আন্তর্জাতিক দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে খনির উন্নয়ন ও উৎপাদন পরিচালনার জন্য বেলারুশ-জার্মান খনি ব্যবস্থাপনা ঠিকাদার জার্মানিয়া-ট্রেস্ট কনসোর্টিয়াম (জিটিসি)-কে নিয়োজিত করে। ঠিকাদার প্রতিষ্ঠানটি বর্তমানে মধ্যপাড়া খনির উন্নয়ন ও উৎপাদনের কাজ পরিচালনা করছে।

বর্তমান সরকার ঘোষিত রূপকল্প ২০২১ (মধ্যম আয়ের দেশ) এবং রূপকল্প ২০৪১ (উন্নত দেশের মর্যাদা) অর্জনে দেশের উন্নত ও টেকসই অবকাঠামো নির্মাণ কাজের চাহিদা পূরণের লক্ষ্যে খনি হতে পাথর উৎপাদন বৃদ্ধি ও স্লাব আকারে গ্রানাইট উৎপাদনের জন্য "Feasibility Study for Granite Slab Preparation and Enhancement of Stone Production by Expansion of Maddhapara Mine." শীর্ষক সম্ভাব্যতা যাচাই সমীক্ষা প্রকল্প গ্রহণ করা হয়।

১১. প্রকল্পের উদ্দেশ্য (আরপিএফএস অনুযায়ী):

Producing Maddhapara Granite stone/rock in the developed form of granite slab and expansion of mining area for increasing the industrial production. অর্থাৎ, গ্রানাইট শিলা স্লাব আকারে উত্তোলনযোগ্য কিনা তা নির্ধারণ এবং বিদ্যমান খনি এলাকা সম্প্রসারণের মাধ্যমে গ্রানাইট শিলার বাণিজ্যিক উৎপাদন বৃদ্ধি করা যায় কিনা তা যাচাই করা।

১২. প্রকল্প অনুমোদন এবং সংশোধন: মূল পিএফএস অনুমোদন : ২১ ডিসেম্বর ২০১৭।
১ম সংশোধিত পিএফএস অনুমোদন : ২৬ আগস্ট ২০১৮।

১৩. (ক) ডিপিপি/টিএপিপি/আরপিএফএস-তে মোট প্যাকেজ সংখ্যা: আরপিএফএস অনুযায়ী প্রকল্পের ক্রয় পরিকল্পনায় মোট প্যাকেজের সংখ্যা ০৭ (সাত) টি।

(খ) পণ্য, র্কায ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ নং	প্যাকেজ বিবরণ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
				চুক্তি অনুযায়ী	প্রকৃত	
পণ্য:						
GD 1	কম্পিউটার ও যন্ত্রাংশ	২৩-০১-২০১৮ ও ৫.৮০	১৯-০৩-২০১৮ ও ৩.৯৯৭২৫	০৩-০৪-২০১৮	০৩-০৪-২০১৮	-
GD2	অফিস সরঞ্জাম	২১-০১-২০১৮ ও ৬.৯৯	১৯-০৩-২০১৮ ও ৫.৭১৭১	০৩-০৪-২০১৮	০৩-০৪-২০১৮	-
GD3	আসবাবপত্র	১৩-০১-২০১৮ ও ৮.৫২৫	১১-০৩-২০১৮ ও ৫.৪৪৮	০২-০৫-২০১৮	০২-০৫-২০১৮	-
GD4	স্টেশনারী, সিল ও স্ট্যাম্পস	-	-	আগস্ট ২০১৯	আগস্ট ২০১৯	-

GD5	রিপোর্ট প্রিন্টিং ডকুমেন্টেশন এন্ড বাইন্ডিং	-	-	আগস্ট ২০১৯	আগস্ট ২০১৯	-
সেবা:						
SD1	ভাড়ায় মাইক্রোবাস সংগ্রহ	০৭-০৩-২০১৮ ও ১২.৮০	০৮-০৪-২০১৮ ও ১১.৯৯২৫	০৭-০৭-২০১৯	৩১-০৮-২০১৯	প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণে চুক্তির মেয়াদ ৩১-০৮-২০১৯ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়।
SD2	পরামর্শক সেবা	২০-০৮-২০১৬ ও ৪৭১৪.৪৬	০৭-০১-২০১৮ ও ৪৬২২.০০	০৬-০৭-২০১৯	০৬-০৭-২০১৯	-

১৪. প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

অর্থবছর ভিত্তিক ডিপিপি/ টিএপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা (লক্ষ টাকা):

অর্থবছর	এডিপি বরাদ্দ			জিওবি অর্থছাড়	ব্যয়		
	মোট	টাকা	পিএ		মোট	টাকা	পিএ
১	২	৩	৪	৬	৭	৮	৯
২০১৭-২০১৮	১৭৮.০০	১৭৮.০০	-	-	১৭৪.৪৫	১৭৪.৪৫	-
২০১৮-[illegible]	৩৬৪৮.০০	৩৬৪৮.০০	-	-	৩৬০৯.৯৬	৩৬০৯.৯৬	-
২০১৯-[illegible]	৯৫০.০০	৯৫০.০০	-	-	৯৪১.৪৯	৯৪১.৪৯	-
মোট	**৪৭৭৬.০০**	**৪৭৭৬.০০**	**-**	**-**	**৪৭২৫.৮৯**	**৪৭২৫.৮৯**	**-**

১৫. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (প্রকল্প শুরু হতে শেষ সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক এর নাম ও পদবী আইডি নং	পূর্ণকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তরের তারিখ
প্রকৌঃ মোঃ অবায়দুল্লাহ উপ-মহাব্যবস্থাপক (সিসিএন্ডএম) মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিঃ আইডি নং- ০০০৮৪	প্রকল্প পরিচালক	২০-০২-২০১৮	প্রয়োজন হয়নি

১৬. প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

উদ্দেশ্য	অর্জিত ফলাফল
গ্রানাইট শিলা স্লাব আকারে উত্তোলনযোগ্যতা এবং বিদ্যমান খনি এলাকা সম্প্রসারণের মাধ্যমে গ্রানাইট শিলার উৎপাদন বৃদ্ধির সম্ভাবনা যাচাই।	• স্টাডি-কৃত ২.২৫ বর্গ কিলোমিটার এলাকায় উত্তোলনযোগ্য ১১৩.৭০ মিলিয়ন মেট্রিক টন গ্রানাইট পাথর মজুদ আছে। • স্টাডি-কৃত এলাকায় দৈনিক ১১,০০০ মেট্রিক টন অর্থাৎ বাৎসরিক ৩.৩ মিলিয়ন মেট্রিক টন উৎপাদন ক্ষমতার নতুন একটি খনি করা সম্ভব হবে যার অনুমিত আয়ুস্কাল হবে ৪০ বছর।

উদ্দেশ্য	অর্জিত ফলাফল
	• নতুন একটি খনি উন্নয়ন করতে ২৭৫.৫০ মিলিয়ন মার্কিন ডলারের প্রয়োজন হবে যার IRR (Internal rate of Return) হবে ১৫.২%। • স্টাডি-কৃত এলাকায় ভূ-গর্ভস্থ পাথরের মধ্যে অধিক পরিমাণে ফ্রাকচার-ফিসার থাকায় স্লাব আকারে গ্রানাইট উৎপাদন করা সম্ভব হবে না।

১৭. উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: প্রযোজ্য নয়।

১৮. অডিটঃ

বাণিজ্যিক অডিট অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী কর্তৃক ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০ অর্থবছরের অর্থাৎ সকল অর্থবছরের অডিট সম্পন্ন করা হয়েছে এবং কোন অডিট আপত্তি নেই।

অডিট সময়	রিপোর্ট প্রদান	আপত্তি	আপত্তি নিষ্পত্তি
২০১৭-২০১৮ হতে ২০১৯-২০২০	১৪-০১-২০২০	ক)ফিজিবিলিটি স্টাডি/সার্ভে প্রকল্পের এডিপি-এর বাজেটে সংস্থান না থাকা সত্ত্বেও অনিয়মিতভাবে এমজিএমসিএল হতে ঋণ গ্রহণপূর্বক VAT on L/C Commission-এর L/C Charge খাতে অনিয়মিত ব্যয় করায় প্রকল্পের ক্ষতি টাকা = ৯,৭৫,৯৩৭/- (নয় লক্ষ পঁচাত্তর হাজার নয়শত সাইত্রিশ)।	ব্রডশীট জবাব ও প্রমাণক উপস্থাপন করে আপত্তিটি নিস্পত্তি করা হয়েছে। (নিষ্পত্তির কপি প্রকল্প সমাপ্তি রিপোর্টে সংযুক্ত করা হয়েছে)

১৯. প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ সামগ্রিকভাবে প্রকল্প বাস্তবায়নে বড় রকমের কোন সমস্যা হয়নি।

২০. প্রকল্প বাস্তবায়নে বিলম্বঃ

পরামর্শক প্রতিষ্ঠানের কার্যসম্পাদনের মেয়াদ (চুক্তি অনুযায়ী) ০৭-০১-২০১৮ হতে ০৬-০৭-২০১৯ পর্যন্ত অর্থাৎ ১৮ (আঠারো) মাস । কিন্তু, মূল পিএফএস অনুযায়ী প্রকল্পের মেয়াদকাল ছিল নভেম্বর ২০১৭ হতে এপ্রিল ২০১৯ পর্যন্ত অর্থাৎ ১৮ (আঠারো) মাস । সে কারণে, পরামর্শক প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদকাল প্রকল্পের মেয়াদকালের সাথে সামন্জস্যপূর্ণ করার জন্য পিএফএস সংশোধন করে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।

২১. ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনঃ প্রকল্প পরিচালক পরিবর্তন হয়নি।

২২. চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণঃ প্রয়োজ্য নয়।

২৩. **পরিদর্শন পর্যবেক্ষণঃ**

প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম সরেজমিনে অবলোকন ও পরিদর্শনের জন্য ফিজিবিলিটি স্টাডি এরিয়া ও এমজিএমসিএল প্রধান কার্যালয় *(অনুচ্ছেদ ২৪.০/চিত্র-১)* সহ মাটির নিচে মধ্যপাড়া পাথর খনির অভ্যন্তর কার্যক্রম *(চিত্রঃ২)* পরিদর্শন করা হয়। পিএফএস এ উল্লিখিত প্রধান অঙ্গসমূহের মধ্যে রাজস্ব খাতের ৪৮৮৬ কোডে বর্ণিত বৈজ্ঞানিক সার্ভে/ড্রিলিং এর কার্যক্রম এলাকা পরিদর্শন, প্রকল্প শেষে ক্রয়কৃত ব্যবহারযোগ্য পণ্যসমূহ কোম্পানীর মূলভান্ডারে জমাপ্রদান করা হয়েছে কিনা তা যাচাই করা হয়।

ক) প্রকল্পের আওতায় ক্রয়কৃত ব্যবহারযোগ্য অবশিষ্ট পণ্য (Goods) প্রকল্পের কাজ শেষে এমজিএমসিএল-এর ভান্ডারে জমা করা হয়েছে, যা এমজিএমসিএল-এর কাজে বর্তমানে ব্যবহৃত হচ্ছে।

খ) প্রকল্পের আওতায় ফিজিবিলিটি স্টাডি পরিচালনাকৃত ২.২৫ বর্গ কিলোমিটার এলাকায় দশটি অনুসন্ধান কূপ খনন করা হয়েছে যার মধ্যে দুইটি সরেজমিন পরিদর্শন করা হয়*(চিত্র অনুচ্ছেদঃ২৪)*। পরিদর্শনে দেখা যায় এই এলাকায় খননকূপ হতে উত্তোলনকৃত কোরসমূহ (খনির বিভিন্ন নমুনা পাথর) তাদের কতটুকু গভীরে পাওয়া গিয়েছে তার স্পেসিফিকেশানসহ তথ্য

পিএফএস এ ৪৮৮৬ কোডে অঙ্গের আওতায় নির্মিত কোর হাউজ(চিত্র-৩) অভ্যন্তরে র‍্যাকে করে*(চিত্র-৪)* সংরক্ষণ করা হয়েছে। এছাড়া এলাকাটিতে ৯ বর্গ কিলোমিটার টপোগ্রাফিক সার্ভে, ৬.২৫ কিলোমিটার ২-ডি সাইসমিক সার্ভে, হাইড্রোজিওলোজিক্যাল সার্ভে এবং বোরহোল সিলিংসহ কার্যাদি সম্পন্ন করা হয়েছে(প্রকল্প চলাকালীন চিত্র সংগ্রহপূর্বক সংযুক্ত করা হয়েছে; ২৪.০ অনুচ্ছেদ)। প্রকল্পের আওতায় নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান ফিজিবিলিটি স্টাডি-এর ভিত্তিতে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেছে। এছাড়া Environment Impact Assesment(EIA) রিপোর্ট প্রদান করা হয়েছে।

গ) প্রকল্পের অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে যা প্রকল্প সমাপ্তি রিপোর্টে সংযুক্ত করা হয়েছে।

ঘ) প্রকল্পের পূর্তকাজের সাইট বই যাচাই করা হয় যাতে ০৩/০৭/২০২০ তারিখে সর্বশেষ তথ্য এন্ট্রি করা হয়।

ঙ) প্রকল্পের সংশোধিত পিএফএস এর দুটি মূল লক্ষ্য*(অনুচ্ছেদ ১১.০ দ্রষ্টব্য)* এর মধ্যে একটির ফলাফল হলো স্টাডি এলাকায় ভূ-গর্ভস্থ পাথরের মধ্যে অধিক পরিমাণে ফ্রাকচার-ফিসার থাকায় স্লাব আকারে গ্রানাইট উৎপাদন করা সম্ভব হবে না।এক্ষেত্রে ফলাফল আশানুরুপ না আসলেও এই স্টাডি প্রকল্পের উদ্দেশ্য/লক্ষ্য অর্জিত হয়েছে (যেহেতু conclusive result এসেছে)। তবে, অপর লক্ষ্যের ক্ষেত্রে লক্ষ্য অর্জিত হয়েছে এবং ফলাফল পজিটিভ এসেছে। ফিজিবিলিটি স্টাডি প্রকল্পের ফলাফলের ভিত্তিতে মধ্যপাড়া এলাকায় দৈনিক ১১,০০০ মেট্রিক টন উৎপাদন ক্ষমতার অপর একটি নতুন খনি নির্মাণ করা সম্ভব হবে নতুন(সম্ভাব্য দৈনিক ১১০০০ মেঃটন) এবং বর্তমান খনির (উৎপাদন ক্ষমতা দৈনিক ৫,৫০০ মেঃটন) মোট পাথর উৎপাদন ক্ষমতা হবে দৈনিক ১৬,৫০০ মেট্রিক টন। যার মাধ্যমে দেশের পাথরের বর্তমান চাহিদার উল্লেখযোগ্য অংশ পূরণ করা সম্ভব হবে। যা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ব্যাপক অবদান রাখবে।

২৪. পরিদর্শন কার্যক্রমের স্থিরচিত্র:



চিত্রঃ১- এমজিএমসিএল প্রধান কার্যালয়ে সংক্ষিপ্ত উপস্থাপনা।



চিত্রঃ২- খনির অভ্যন্তরে ২৭০ মিটার মাটির নিচে



চিত্রঃ৩- নির্মিত কোর হাউজ



চিত্রঃ৪- কোর হাউজের অভ্যন্তরে নমুনা সংরক্ষণ



চিত্রঃ৫ – ২ডি সাইসমিক সার্ভে (সংগৃহীত)



চিত্রঃ৬- হাইড্রো-জিওলজিকাল সার্ভে (সংগৃহীত)



চিত্রঃ৭- বোরহোল ড্রিলিং (সংগৃহীত)



চিত্রঃ৮- প্রকল্প পরিচালকের সাথে সিলকৃত বোরহোল স্থানে

২৫. মতামত/সুপারিশঃ

১) প্রকল্প শুরু হওয়ার পর দেখা যায়, পরামর্শক প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তির মেয়াদ প্রকল্পের অনুমোদিত নির্ধারিত মেয়াদসীমাকে উত্তীর্ণ করে ফেলেছে, ফলশ্রুতিতে প্রকল্প সংশোধনের প্রয়োজন হওয়ায় বাস্তবায়নে কিছুটা অধিক সময় লাগে (বিস্তারিত অনুচ্ছেদ ২০.০)। পরবর্তীতে অন্য কোন প্রকল্পে এই বিষয়টির পুনরাবৃত্তি রোধে বাস্তবায়নকারী সংস্থা পেট্রোবাংলা/মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানীর সংশ্লিষ্টগণের নজর রাখতে হবে।

২) ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট অনুযায়ী যাচাইকৃত এলাকায় দৈনিক ১১,০০০ মেট্রিক টন অর্থাৎ বাৎসরিক ৩.৩ মিলিয়ন মেট্রিক টন উৎপাদন ক্ষমতার নতুন একটি খনি করা সম্ভব হবে যার অনুমিত আয়ুস্কাল হবে ৪০ বছর। নতুন একটি খনি উন্নয়ন করতে ২৭৫.৫০ মিলিয়ন মার্কিন ডলারের প্রয়োজন হবে বলে সমীক্ষায় ধারণা দেয়া হয়েছে যার IRR (Internal rate of Return) হবে ১৫.২%। বিষয়টি আমলে নিয়ে জ্বালানি এবং খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা নতুন খনির অর্থনৈতিক সম্ভাবনা বিবেচনাক্রমে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে।

৩ডি সাইসমিক প্রজেক্ট অব বাপেক্স (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: নভেম্বর, ২০১৯**)**

১. প্রকল্পের নাম: ৩ডি সাইসমিক প্রজেক্ট অব বাপেক্স (১ম সংশোধিত)

২. প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): জিওবি

৩.

৩.১ অর্থায়নের উৎস (জিওবি/প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব-অর্থায়ন/অন্যান্য): গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ)

৩.২ উন্নয়ন সহযোগী : প্রযোজ্য নয়

৪.

৪.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৪.২ বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত তথ্য:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	১৮,২৫০.০০	জিডিএফ	-	-	ডিসেম্বর ২০১২ হতে নভেম্বর ২০১৭	১০ ফেব্রুয়ারী ২০১৩	-	-
সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে)	২৪,৭৭০.০০	জিডিএফ	-	-	ডিসেম্বর ২০১২ হতে নভেম্বর ২০১৯	২৮ জুলাই ২০১৬	১৩৬%	১৪০%
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	২৪,৭৭০.০০	জিডিএফ	-	-	ডিসেম্বর ২০১২ হতে নভেম্বর ২০১৯	২৯ মে, ২০১৯	-	-

৬. প্রকল্প এলাকা:

বিভাগ	**জেলা**	**উপজেলা**	**সিটি কর্পোরেশন/ পৌরসভা**	**সমগ্র বাংলাদেশ**
৫টি	১১টি	২৭টি	-	-

৭. প্রকল্পের উদ্দেশ্য:

- ✓ গ্যাসপূর্ণ বালিস্তরের পুরুত্বের পরিবর্তন ও বিচ্ছিন্নতা এবং নতুন গ্যাসপূর্ণ বালিস্তর চিহ্নিতকরণ;
- ✓ সর্বোচ্চ হাইড্রোকার্বন মুজুদকৃত ভূগঠনের আকার ও ভূগঠনের অবস্থানের যথার্থতা উন্নতকরণ;
- ✓ কাঠামোগত, স্তরীয় ও সামষ্টিক বৈশিষ্ট্য সমূহ উত্তম রূপে বর্ণনার সাহায্যে নতুন কূপ খননের অবস্থানসমূহ সুনির্দিষ্টভাবে চিহ্নিতকরণ এবং উন্নয়ন/মূল্যায়ন কূপ খননের ঝুঁকি হ্রাস করা; এবং
- ✓ গ্যাস আধার সম্পর্কে জ্ঞান বৃদ্ধির মাধ্যমে গ্যাসের ভবিষ্যত চাহিদা ও সরবরাহের বিষয়ে অধিকতর ভালো পরিকল্পনা প্রণয়নে সহায়তা করা।

৮. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

৯. অঙ্গভিত্তিকঅগ্রগতি (ডিপিপি ও পিসিআর অনুসারে): পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

১০. অর্থবছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:

(লক্ষ টাকা)

অর্থ বছর	ডিপিপি/ টিপিপি সংস্থান	এডিপি/ আরএডিপি বরাদ্দ	অর্থ ছাড় (%)	প্রকৃত ব্যয় (%)
২০১২-২০১৩	৫,৩৭৬.২৫	৫,৩৭৬.২৫	৩,৮৪০.০০	২,৮৬৯.৬৯
		৫,৩৭৬.২৫	(১৫.৫০%)	(১১.৫৮%)
২০১৩-২০১৪	৪,৯৩১.৭৫	৪,৯৩১.৭৫	৪,০০০.০০	৪,০০০.০০
		৪,১০০.০০	(১৬.১৫%)	(১৬.১৫%)
২০১৪-২০১৫	৪,৯৯১.৭৫	৪,৯৮১.৭৫	২,৯৬০.০০	২,৯৬০.০০
		২,৯৬০.০০	(১১.৯৫%)	(১১.৯৫%)
২০১৫-২০১৬	২,৩০৩.০০	২,২৯৩.০০	৩,২০০.০০	৩,২০০.০০
		৩,২০০.০০	(১২.৯২%)	(১২.৯২%)
২০১৬-২০১৭	৩,৮২১.০০	৩,৩০০.০০	৩,২০০.০০	৩,২০০.০০
		৩,২০০.০০	(১২.৯২%)	(১২.৯২%)
২০১৭-২০১৮	৫,৪১৭.০০	৫,৪১৭.০০	৫,০০০.০০	৫,০০০.০০
		৫,০০০.০০	(২০.১৯%)	(২০.১৯%)
২০১৮-২০১৯	২,২০৪.০০	১,০০০.০০	১,৪৬০.০০	১,৪৬০.০০
		১,৮০০.০০	(৫.৮৯%)	(৫.৮৯%)
২০১৯-২০২০	১,৭৪০.৩১	৭০০.০০	৭০০.০০	৬৯২.০৫
			(২.৮২%)	(২.৭৯%)

১১. ডিপিপি/টিপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: পণ্য-১৪টি, সেবা- ১টি।

১২. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (প্রকল্প মেয়াদে):

প্রকল্প পরিচালক - এর আইডি নং	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/ অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
জনাব মো: মেহেরুল হাসান ০৫১৮	৩ডি সাইসমিক প্রোজেক্ট অব বাপেক্স, ভূপদার্থিক বিভাগ, বাপেক্স, কাওরান বাজার ও উপ-মহাব্যবস্থাপক (ভূপদার্থ)	২৭ জানুয়ারি ২০১৩ হতে নভেম্বর ২০১৯ পর্যন্ত	নিয়মিত	না	-

১৩. প্রকল্পের ডিপিপি-তে উল্লিখিত লক্ষ্য ও উদ্দেশ্যের বিপরীতে অর্জনের অবস্থা:

ক্রমিক	প্রকল্পের ডিপিপি-তে উল্লিখিত লক্ষ্য ও উদ্দেশ্যে	প্রকৃত অর্জন
১।	৩ডি সাইসমিক জরিপের মাধ্যমে একটি আবিস্কৃত গ্যাসক্ষেত্রের পূর্ণাঙ্গ বিস্তৃতি নিরূপন করা, যে কোন নতুন অনুসন্ধান বা উন্নয়ন কুপ খননের ক্ষেত্রে সফলতার সম্ভাবনা অনেকাংশে বাড়িয়ে তোলা এবং সঠিকভাবে জিআইআইপি (Gas initially in place) নির্ধারণ করা। প্রকল্পের আওতায় সুনেত্র ও	প্রকল্পের আওতায় সম্পাদিত সমীক্ষার মাধ্যমে ভোলায় দেশের ২৭তম গ্যাসক্ষেত্র আবিস্কার হয়। এছাড়াও এই প্রকল্পের সমীক্ষার মাধ্যমে প্রাপ্ত ফলাফল নিম্নেপ্রদান করা হল:-

ক্রমিক	প্রকল্পের ডিপিপি-তে উল্লিখিত লক্ষ্য ও উদ্দেশ্যে	প্রকৃত অর্জন
	মোবারকপুর ভূগঠন এবং শাহবাজপুর, শ্রীকাইল, বেগমগঞ্জ-শাহজাদপুর (সুন্দলপুর), নরসিংদী, ফেঞ্চুগঞ্জ, রূপগঞ্জ ও সেমুতাং গ্যাসক্ষেত্রের ২৭০০ বর্গ কি. মি. এলাকায় ৩ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ কাজ সম্পাদন করা।	

প্রকল্পের সমীক্ষার মাধ্যমে প্রাপ্ত ফলাফল:-

ক্র.	**কূপের নাম**	**কূপের ধরণ**	**ফলাফল/মন্তব্য**
১।	শাহবাজপুর- ৪	ওয়ার্কওভার	জোন নিশ্চিতকরণ ও ২৫ এমএমসিএফডি গ্যাস প্রবাহ।
২।	শাহবাজপুর ইস্ট-১	অনুসন্ধান	২টি জোন থেকে যথাক্রমে ২৫ ও ২০ এমএমসিএফডি হারে গ্যাস প্রবাহ নিশ্চিত করা হয়েছে। *
৩।	ভোলা নর্থ-১	অনুসন্ধান	২৫ এমএমসিএফডি হারে গ্যাস প্রবাহ নিশ্চিত করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১৫ জানুয়ারি ২০১৮ তারিখে ভোলা নর্থ-১ গ্যাসক্ষেত্রকে দেশের ২৭তম গ্যাসক্ষেত্র হিসেবে ঘোষণা করা হয়েছে। *
৪।	টবগী-১	অনুসন্ধান	লোকেশন প্রদান করা হয়েছে। গ্যাজপ্রম কর্তৃক খনন কার্যক্রম পরিচালনা করা হবে।
৫।	সুন্দলপুর-২	উন্নয়ন	লোকেশন যাচাই ও নিশ্চিতকরণ, ৮-১০ এমএমসিএফডি হারে গ্যাস প্রবাহ নিশ্চিত করা হয়েছে।
৬।	বেগমগঞ্জ-৪	উন্নয়ন	লোকেশন যাচাই ও নিশ্চিতকরণ করা হয়েছে। অবকাঠামো নির্মাণ প্রক্রিয়াধীন। সকার কর্তৃক খনন কার্যক্রম পরিচালনা করা হবে।
৭।	শ্রীকাইল ইস্ট-১	অনুসন্ধান	১০ এমএমসিএফডি হারে গ্যাস প্রবাহ নিশ্চিত করা হয়েছে।*
৮।	শ্রীকাইল নর্থ-১এ	অনুসন্ধান	কূপ খনন প্রক্রিয়াধীন।
৯।	শ্রীকাইল-৫	উন্নয়ন	কূপ খননের লোকেশন প্রদান।
১০।	শ্রীকাইল ডিপ-১	অনুসন্ধান	লোকেশন প্রদান প্রক্রিয়াধীন।
১১।	মোবারকপুর সাউথ-ইস্ট-১	অনুসন্ধান	লোকেশন যাচাই ও নিশ্চিতকরণ, কূপ খনন কার্যক্রম প্রক্রিয়াধীন।
১০।	ইলিশা-১	অনুসন্ধান	লোকেশন প্রদান করা হয়েছে। গ্যাজপ্রম কর্তৃক খনন কার্যক্রম পরিচালনা করা হবে।
১১।	ভোলা নর্থ-২	উন্নয়ন	লোকেশন প্রদান করা হয়েছে। গ্যাজপ্রম কর্তৃক খনন কার্যক্রম পরিচালনা করা হবে।

১৪. ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য: প্রকল্পের জন্য কোনপ্রকার ভূমি অধিগ্রহনের প্রয়োজন হয়নি। এছাড়া কোন প্রকার ইউটিলিটি সার্ভিস এর নতুন সংযোগ গ্রহন করতে হয়নি।

১৫. অডিট সম্পাদন ও আপত্তি নিস্পত্তি সংক্রান্ত তথ্য:

অর্থবছর	অডিট রিপোর্ট জমাদানের তারিখ/অডিটের ধরন	পর্যবেক্ষণ / আপত্তি	মন্তব্য
২০১২-২০১৩	২৪/০৮/২০১৪ (সরকারি/বাণিজ্যিক)	কোন আপত্তি নেই	-
২০১৩-২০১৪	২৪/০৮/২০১৪ (সরকারি/বাণিজ্যিক)	কোন আপত্তি নেই	-
	২৯/১০/২০১৫ (পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করে তৃতীয় পক্ষের মাধ্যমে)	কোন আপত্তি নেই	-
২০১৪-২০১৫	৩০/০৮/২০১৫ (সরকারি/বাণিজ্যিক)	1. Tk. 12,18,19,104 has been spend at Shahbazpur gas field to non-compliance of DPP directive 2. Without the annual purchase plan, irregularly spend Tk. 175,11,69,000. 3. No proof has found of MRR, test report, user demand and usage support of imported goods from abroad. 4. Disadvantages of the organization as there is no evidence to accept, distribute, use and import of imported goods.	সবগুলো আপত্তি নিস্পত্তি করা হয়েছে
	২৭/০৩/২০১৬ (পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করে তৃতীয় পক্ষের মাধ্যমে)	কোন আপত্তি নেই	-
২০১৫-২০১৬	২০/০৯/২০১৬ (সরকারি/বাণিজ্যিক)	কোন আপত্তি নেই	-
২০১৬-২০১৭	১২/১১/২০১৭ (সরকারি/বাণিজ্যিক)	কোন আপত্তি নেই	-
২০১৭-২০১৮	০৪/০৩/২০১৯ (সরকারি/বাণিজ্যিক)	১. Tk. ১০,৯৬০.০০ VAT is deductible from the contractor for deducting VAT at a lower rate from the vehicle rental bill. ২. Tk. ৪,০৯,৩০,০০০/- is miscoding to paid from the capital code.	সবগুলো আপত্তি নিস্পত্তি করা হয়েছে
২০১৮-২০১৯	২৩/০২/২০২০ (সরকারি/বাণিজ্যিক)	কোন আপত্তি নেই	-
২০১৯-২০২০	০১/০৪/২০২১ (সরকারি/বাণিজ্যিক)	কোন আপত্তি নেই	-

পরিদর্শনকালে জানা যায় ২০১৪-১৫ অর্থবছরের ১, ২ ও ৩ নং আপত্তি দুটি বাপেক্সের সামগ্রিক ক্রয় কার্যক্রমের উপর প্রদান করা হয় যেটি ভুলক্রমে প্রকল্পের পিসিআর-এ উল্লেখ করা হয়। এ বিষয়ে বাপেক্সের সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক জানান, বাপেক্সের সকল

প্রকল্পের ক্রয় প্রক্রিয়া কেন্দ্রীয়ভাবে সম্পন্ন করা হয়। যেখানে আলোচ্য প্রকল্পের ক্রয় কার্যক্রমও অন্তর্ভুক্ত ছিলো। পরবর্তীতে দেখা যায় যে আপত্তি তিনটি প্রদান করা হয়েছে তা আলোচ্য প্রকল্প সংশ্লিষ্ট নয়।

১৬. আইএমইডি'র পরিদর্শন ও পর্যবেক্ষণ: প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে ২৯/০৬/২০২১ তারিখে প্রকল্পটির আওতায় বাস্তবায়নাধীন কার্যক্রম সরেজমিনে পরিদর্মন করা হয়। প্রকল্পটি সমীক্ষাধর্মী হওয়ায় বাপেক্সের প্রধান কার্যালয়ে অবস্থিত প্রকল্প পরিচালকের দপ্তর পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সাম্প্রতিক বছরগুলোতে দেশের দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধির কারণে জ্বালানি শক্তির চাহিদা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। অর্থনৈতিক প্রবৃদ্ধির এই ধারাবাহিকতা অক্ষুন্ন রাখার জন্য জ্বালানি শক্তির সর্বাধিক গুরুত্বপূর্ণ দেশীয় উৎস গ্যাসের উত্তোলন বাড়ানোর জন্য দেশের ক্রমবর্ধমান গ্যাস সংকট মোকাবেলায় আবিষ্কৃত গ্যাসক্ষেত্রের পূর্ণাঙ্গ বিস্তৃতি নিরূপণ এবং নতুন কূপ খননের স্থান সঠিকভাবে চিহ্নিত করার লক্ষ্যে ৩ডি সাইসমিক প্রজেক্ট অব বাপেক্স (১ম সংশোধিত) প্রকল্পটি গ্রহণ করা হয়।

প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনার জন্য ১টি প্যাকেজের (GD1 -"এক্সপ্লোসিভ, ডেটোনেটর ও কোন-এ্যাংকর সেট" ক্রয়) ক্রয় কার্যক্রম পর্যালোচনা করা হয়েছে। উক্ত ক্রয় কার্যক্রমের ধারাবাহিক পদক্ষেপগুলো নিম্নরূপ:

(১) প্রকল্পের মাঠ পর্যায়ের উপাত্ত সংগ্রহ কাজের জন্য মোট ২ বার উন্মুক্ত আন্তর্জাতিক দরপত্র আহ্বানের মাধ্যমে (৪টি কনসাইনমেন্টে ও ৪টি ক্রয়াদেশে) এক্সপ্লোসিভ, ডেটোনেটর ও কোন-এ্যাংকর সেট সমূহ ক্রয় করা হয়। উক্ত খাতে প্রকল্পের অনুমোদিত ডিপিপি'তে ৩০ কোটি টাকা বরাদ্দ ছিল এবং সর্বমোট ২২.১০ কোটি টাকা ব্যয় হয়। এক্সপ্লোসিভ, ডেটোনেটর ও কোন-এ্যাংকর সেট সমূহ ক্রয়ের লক্ষ্যে ১ম বার উন্মুক্ত আন্তর্জাতিক দরপত্র আহ্বানের জন্য বাপেক্স পরিচালনা পর্ষদের ৩১২তম সভায় (তারিখ ১৬-৭-২০১২) এবং ২য় বার ৩৮৩তম সভায় (তারিখ ১৭-০১-২০১৭) অনুমোদন গ্রহণ করা হয়।

(২) পরবর্তীতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে ২টি জাতীয় দৈনিক পত্রিকায় (১টি বাংলা ও ১টি ইংরেজি) বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ১ম দরপত্রের ক্ষেত্রে 'দি ডেইলি স্টার', তারিখঃ ১০-০২-২০১৩ এবং 'সমকাল', তারিখঃ ১২-০২-২০১৩ এবং ২য় দরপত্রের ক্ষেত্রে 'দি ফিনানসিয়াল এক্সপ্রেস', তারিখঃ ১০-০২-২০১৭ এবং 'দৈনিক যুগান্তর', তারিখঃ ১২-০২-২০১৭ তে দরপত্র প্রকাশ করা হয়। দরপত্র জমাদানের জন্য ৪২ দিন সময় প্রদান করা হয়।

(৩) দরপত্র জমাদানের দিবসে প্রাপ্ত দরপত্র সমূহ দরদাতাদের উপস্থিতিতে "দরপত্র ও মূল্যায়ন কমিটি-১" কর্তৃক খোলা ও বাছাই করা হয়।

(৪) প্রাপ্ত দরপত্র সমূহ খোলা ও বাছাইয়ের পর দরপত্রের কারিগরি ও বাণিজ্যিক মূল্যায়ন সম্পন্নের জন্য "দরপত্র ও মূল্যায়ন কমিটি-১" এ দুইজন বহিরাগত সদস্য অন্তর্ভূক্ত পূর্বক মূল্যায়ন কমিটি পুনগর্ঠন করা হয়।

(৫) "দরপত্র ও মূল্যায়ন কমিটি-১" কর্তৃক প্রস্তুতকৃত দরপত্র সমূহের কারিগরি মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন ও বাণিজ্যিক দরপত্র সমূহ খোলার জন্য বাপেক্স পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করা হয়। বাপেক্স পরিচালনা পর্ষদ কর্তৃক কারিগরি মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের পর বাণিজ্যিক/আর্থিক দরপত্র সমূহ দরদাতাদের উপস্থিতিতে খোলা হয় এবং একই কমিটি কর্তৃক বাণিজ্যিক/আর্থিক দরপত্র সমূহ মূল্যায়ন করা হয়। বাণিজ্যিক/আর্থিক দরপত্র মূল্যায়ন প্রতিবেদন সমূহ বাপেক্স পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপন পূর্বক অনুমোদন গ্রহণ করা হয়।


(৬) বাপেক্স পরিচালনা পর্ষদ কর্তৃক কারিগরি ও আর্থিক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের পর কারিগরি ও আর্থিকভাবে উত্তীর্ণ দরদাতা বরাবর Notification of Award প্রদান করা হয়। Notification of Award এ acceptance দিলে দরদাতা বরাবর ক্রয়াদেশ প্রদান করা হয় এবং পিজি প্রদান সাপেক্ষে দরদাতার বৈদেশিক ব্যাংক একাউন্টের বিপরীতে আমদানী ঋণপত্র (Letter of Credit) খোলা হয়।

(৭) এলসি'র মেয়াদে মালামাল সরবরাহের পূর্বে মালামাল জাহাজীকরণের পূর্বে বাপেক্স মনোনীত Pre-shipment Inspection কোম্পানী মেসার্স NMCI (Bangladesh) Ltd. কর্তৃক Pre-shipment Inspection করা হয় এবং মালামালের কোন তারতম্য/অসামঞ্জস্য পরিলক্ষিত হয়নি মর্মে উক্ত কোম্পানী কর্তৃক সার্টিফিকেট পাওয়া যায়।


Pre-shipment Inspection কোম্পানী'র সার্টিফিকেটের প্রেক্ষিতে মালামাল সমূহ দরদাতা কর্তৃক জাহাজীকরণ করা হয়।

(৮) বাপেক্স মনোনীত সিএন্ডএফ এজেন্ট এর মাধ্যমে মালামাল সমূহ চট্টগ্রাম পোর্ট হতে খালাস করা হয়। মালামাল সমূহ খালাসের পর বাপেক্স এর চট্টগ্রামস্থ পোমরা স্থায়ী বিস্ফোরক ম্যাগাজিনে জমা প্রদান করা হয়। বাপেক্স মনোনীত কমিটির মাধ্যমে মালামাল সমূহের সংখ্যা, পরিমাণ যাচাই করা হয় এবং ডিএন এর মাধ্যমে প্রকল্পের চাহিদানুযায়ী পর্যায়ক্রমে মালামাল সমূহ প্রকল্পে হস্তান্তর করা হয়। মালামালের সংখ্যা, পরিমাণ ও গুনগুতমান যাচাই-বাছাইয়ের জন্য গঠিত কমিটি কর্তৃক মাঠ পর্যায়ে মালামাল সমূহের কমিশনিং, ইনস্টলেশন এবং গুনগত মান যাচাই করার পর প্রতিবেদন দাখিল করা হয়। উক্ত প্রতিবেদনের ভিত্তিতে বাপেক্স এর চট্টগ্রামস্থ স্টোর এর মাধ্যমে এমআরআর সম্পন্ন করা হয়। এমআরআর সম্পন্নের পর দরদাতার ব্যাংক একাউন্ট বরাবর স্থাপনকৃত ঋণপত্র (Letter of Credit) অনুযায়ী এলসি মূল্য পরিশোধ করা হয়।

পরিদর্শনকালে জানা যায় আলোচ্য প্রকল্পের আওতায় ত্রিমাত্রিক জরিপের কার্যক্রম বিষয়ে জানা যায়, তেল/গ্যাস প্রাপ্তির লক্ষ্যে অনুসন্ধান ব্লক সমূহে প্রাথমিকভাবে রিজিওনাল (Regional) সাইসমিক লাইন ডিজাইন করে উপাত্ত সংগ্রহ করা হয়। প্রাথমিকভাবে সংগৃহীত উপাত্তের প্রক্রিয়াকরণের মাধ্যমে অধিক সম্ভাবনাময় এলাকায় সেমি ডিটেইল (Semi detail) বা ক্লোজ গ্রিড (Close grid) সাইসমিক লাইন ডিজাইন করা হয়। হাইড্রোকার্বন (Hydrocarbon) প্রাপ্তির জন্য অধিক সম্ভাবনাময় এলাকায় Semi detail বা Close grid সাইসমিকের মাধ্যমে সংগৃীত উপাত্তের প্রক্রিয়াকরণ এবং বিশ্লেষনের ভিত্তিতে স্ট্রাকচারাল ক্লোজার (Structural Closer) নির্ধারণ এবং কূপ খননের স্থান চিহ্নিত করা হয়। কোন অনুসন্ধান ব্লকে সাইসমিক ডাটা এ্যাকুইজিশননের ক্ষেত্রে প্রথমে Regional basis এবং পরবর্তীতে অধিক সম্ভাবনাময় এলাকাগুলোতে Semi detail বা Close grid লাইন ডিজাইন করে উপাত্ত সংগ্রহ করা হয়। সাধারণত ২ডি জরিপে প্রাপ্ত এলাকায় অধিক সম্ভাবনাময় হলে পরবর্তীতে ত্রিমাত্রিক জরিপ করা হয়। ত্রিমাত্রিক জরিপের প্রধান উপাদানগুলো হচ্ছে উপগ্রহভিত্তিক ট্র্যাকিং সিস্টেম ব্যবহার করে ডিনামাইট বিস্ফোরণ এর শব্দসংকেত থেকে পাওয়া তথ্য সংগ্রহের জন্য জিওফোন স্থাপনের সুনির্দিষ্ট স্থান নির্ধারণ করা, বিস্ফোরক স্থাপনের জন্য নির্দিষ্ট দূরুত্বে ১২-২১ মিটার গভীর গর্ত করা, সেখানে ৫০ মিটার পর পর বিস্ফোরক স্থাপন ও বিস্ফোরণ ঘটানো; ওই বিস্ফোরনের শব্দ সংকেত এর মাধ্যমে পাওয়া তথ্য ৫০ মিটার পর পর রেকর্ড করা, কম্পিউটারে সেই তথ্যের মান যাচাই, প্রয়োজনে নতুন করে কোনো স্থানের তথ্য সংগ্রহ ও পুনরায় তা যাচাই করা এবং সবশেষে ওই তথ্য প্রক্রিয়াকরণ ও বিশ্লেষন করা হয়।



চিত্র-১: প্রকল্পের কার্যক্রমের আওতাভুক্ত এলাকাসমূহ।



চিত্র-২: 3D Seismic Survey Design and In Line Section

প্রকল্পের আওতায় ক্রয়কৃত মালামাল বাপেক্সের অন্য প্রকল্পে ব্যবহার করা হবে মর্মে প্রকল্প পরিচালক জানান। এ লক্ষ্যে একটি কমিটি গঠন করে প্রকল্পের আওতায় ক্রয়কৃত মালামাল বুঝে নেওয়া হয়। পরিদর্শনকালে ঐ কমিটির প্রতিবেদন পর্যালোচনা করা হয়। প্রকল্পটি ২০১৯-২০ অর্থবছরে সমাপ্ত হয়েছে। বাপেক্সের সমধর্মী কোন প্রকল্প বা কার্যক্রম চলমান না থাকায় এই মালামালের কিছু অংশ মেয়াদ উত্তীর্ণ হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

সাম্প্রতিক তথ্য পর্যালোচনা করে দেখা যায় বাপেক্স কর্তৃক পরিচালিত সমীক্ষা কার্যক্রম এবং কূপ খননের ব্যয় তুলনামূলকভাবে কম। তাই দেশীয় প্রতিষ্ঠান বাপেক্সের মাধ্যমে সমীক্ষা কার্যক্রম এবং কূপ খনন করা হলে রাষ্ট্রের অর্থ সাশ্রয় হয়। তবে এ বিষয়ে বাপেক্সের সক্ষমতা এ কাজের পরিধি বৃদ্ধি করাও জরুরি।

১৮. আইএমইডি'র মতামত/সুপারিশ:

১৮.১ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি ও সফটওয়্যার ব্যবহারের জন্য দ্রুত উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৮.২ সমীক্ষা কার্যক্রম এবং কূপ খননের কাজে বাপেক্সকে অধিকতর নিয়োজিত করে দেশীয় প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি সরকারের অর্থের সাশ্রয় করার জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ উদ্যোগ গ্রহণ করবে;

১৮.৩ প্রকল্পের পিসিআরে অডিট সংক্রান্ত যে তথ্য উল্লেখ করা হয়েছে তার কিছু অংশ প্রকল্প সংশ্লিষ্ট নয়। এ বিষয়ে সঠিক তথ্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আইএমইডি-তে প্রেরণ করতে হবে; এবং

১৮.৪ উপরিউক্ত সুপারিশ সমূহের আলোকে গৃহীত কার্যাদির বিষয়ে এক মাসের মধ্যে আএমইডি-কে অবহিত করতে হবে।

পরিশিষ্ট ‘ক’

(লক্ষ টাকা)

ক্র. নং	অঙ্গের নাম	একক	ডিপিপি অনুসারে লক্ষ্যমাত্রা		৩০ জুন, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		২০১৯-২০ অর্থ বছরের লক্ষ্যমাত্রা		৩০ নভেম্বর ২০১৯ মাস পর্যন্ত অগ্রগতি	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	(ক) রাজস্ব									
	সরবরাহ ও সেবা									
১।	ভাড়া-অফিস	থোক		১১০.০০		৯৩.৫৪		১.০০		১.৯৬
২।	ভাড়া বাড়ী, গোডাউন, উঠান সরঞ্জামাদি	থোক		১০০.০০		৭৬.৩১		১.০০		১.০৮
৩।	কাস্টম ডিউটি, ভ্যাট এবং এআইটি	থোক		১,০৯৯.০০		৮২৬.৩০		৬০.০০		১০০.৭২
৪।	টেলিফোন/মোবাইল	থোক		১০.০০		৮.৪১		১.০০		০.২২
৫।	টেলেক্স/ফ্যাক্স/ইন্টারনেট	থোক		১০.০০		৯.০১		০.৯০		০.৫৬
৬।	রেজিষ্ট্রেশন ফি (বিটিআরসি, বিআরটিএ ইত্যাদি)	থোক		১০০.০০		৮১.৫২		৫.০০		০.১৫
৭।	পানি	থোক		১০.০০		৮.৩৬		১.৫০		০.৯৭
৮।	বিদ্যুৎ	থোক		৩৫.০০		২৬.৫৮		২.০০		১.৬১
৯।	গ্যাস ও জ্বালানি	থোক		২০.০০		১৫.৩৮		১.৬০		১.১১
১০।	পেট্রোল ও লুব্রিক্যান্ট (পিওএল)	থোক		২৮২.০০		২৬৩.৫১		৬.০০		২.১৮
১১।	ক) বীমা	থোক		১৪২.০০		১৩৩.৬২		২.০০		
১২।	খ) ব্যাংক চার্জ	থোক		৫৬.০০		২৬.৮৬		১.০০		১৭.৩৩
১৩।	কমিশন/সুদ (জেটি ব্যয়, সিএন্ডএফ কমিশন ইত্যাদি)	থোক		৯২.০০		৬৭.৫৮		৫.০০		৭.৯৭
১৪।	অন্যান্য মনোহারী, সিল ও স্ট্যাম্পস্	থোক		২০.০০		১৬.০৫		৩.০০		১.৮৯
১৫।	বইপত্র ও সাময়িকী, স্যাটেলাইট ইমেজ, সংবাদপত্র ইত্যাদি	থোক		২০.০০		১৭.৪৪		২.০০		০.১০
১৬।	প্রচার, বিজ্ঞাপন ইত্যাদি	থোক		২১.০০		১৮.৪৭		১.০০		০.১৬
১৭।	ইউনিফর্ম	সংখ্যা		৪.০০		২.২৪		১.০০		
১৮।	বৈদেশিক প্রশিক্ষণ	জন	১৬	২০০.০০	১৬	১৪৯.২২		-		
১৯।	ওয়ার্কশপ, সেমিনার, কনফারেন্স	থোক		৫.০০		১.৪২		১.০০		০.৩৩
২০।	আপ্যায়ন ব্যয়	থোক		১২.০০		১১.২০		০.৮০		০.৭০
২১।	পরিবহন ব্যয় (মবিলাইজেশন, ডিমবিলাইজেশন এন্ড প্রিপারেশন)	থোক		১৫০.০০		১২৮.৮৮		২১.০০		১৬.৩২
২২।	অনিয়মিত শ্রমিক	সংখ্যা	১২৫০	৭,৮৬৬.০০		৭,৬১৮.১৬	১২৫০	২৪৫.০০	১২৫০	২৪৫.৯৮
২৩।	চিকিৎসা ব্যয় (প্রাথমিক চিকিৎসা)	থোক		৪.০০		৩.০৮		০.৮০		০.০৮
২৪।	কনসালটেন্সী/বিশেষজ্ঞ সেবা	জনমাস	২৫	১,৭৬৫.০০		১,২১২.৫১		২০০.০০		১৮৭.৪৪
২৫।	এক্সপ্লোসিভ, ডেটোনেটর ও কোন-এ্যাংকর	লট	৩	২,৩৫৪.০০		২,২০৯.৭৮		-		-
২৬।	নিরাপত্তা প্রহরী	জন	২৪	১৯৫.০০		১৩৭.১১	২৪	২৫.০০	২৪	১১.৫১
২৭।	সার্ভে (ইআইএ)	থোক		১৫.০০		৯.৯২		৪.০০		৩.৯১
২৮।	কপি/অনুলিপি ব্যয়	থোক		১.০০		০.৫৮		০.৪০		০.১০
২৯।	**অন্যান্য ব্যয়**	-								
	(i) ফিল্ড কনজিমেবল	লট	৯	৩০০.০০		২৮৯.১১		১০.০০		৪.৪৫
	(ii) বৈদেশিক বিশেষজ্ঞদের থাকা-খাওয়া	থোক		৩৭.০০		১৮.৭৫		৩.০০		১.২৭

ক্র. নং	অঙ্গের নাম	একক	ডিপিপি অনুসারে লক্ষ্যমাত্রা		৩০ জুন, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		২০১৯-২০ অর্থ বছরের লক্ষ্যমাত্রা		৩০ নভেম্বর ২০১৯ মাস পর্যন্ত অগ্রগতি	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	(iii) পারসোনাল প্রোটেকটিভ ইক্যুইপমেন্ট	লট	৮	২৩০.০০		২১২.৩৬		১০.০০		২.৯৭
	(iv) প্রি-শিপমেন্ট ইন্সপেকশন ফি (পিএসআই)	থোক		১৭.০০		১১.৭১		৫.০০		২.৪২
	(v) ফিল্ড মেসিং	থোক		৮২.০০		৭৬.৭৮		৫.০০		৪.৬৯
৩০।	**মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন**									-
	ক্যাম্প স্থাপন	থোক		১৯০.০০		১৮৬.৬৯		৩.০০		৩.২৩
৩১।	**অন্যান্য মেরামত ও সংরক্ষণ**									**-**
	(i) গাড়ী, জেনারেটর, তাবু, এয়ারকুলার, টিভি, ফ্রিজ, প্রিন্টার, প্লটার, ফটোকপিয়ার, স্ক্যানার, সিসিটিভি, প্রজেক্টর, কম্পিউটার, ফার্নিচার, রাস্তা, ব্রীজ, বাড়িঘর ইত্যাদি মেরামত	থোক		৬০.০০		৫৪.১৫		৫.০০		৫.৩৯
	(ii) এ্যাকুইজিশন যন্ত্রপাতি মেরামত (Geophone, Survey, QC, Drilling, Recording) and Processing, Interpretation Hardware & Software (Lumpsum)	থোক		৭০.০০		৬৫.৭২		৪.০০		১.২৫
	মোট (রাজস্ব)			**১৫,৬৮৪.০০ (৪,৩১৯.০০)**		**১৪,০৮৮.৩১ (৩,৫৭১.৫১)**		**৬৩৮.০০ (২০০.০০)**		**৬৩০.০৫ (১৮৭.৪৪)**
	(খ) মোট মূলধন ব্যয়									
৩২।	মোটরযান ভাড়া	সংখ্যা	৪৫	২,৩২০.০০		২,২০২.৮২	৪৫	৬০.০০	৪৫	৬০.৮৯
৩৩।	জলযান (স্পীড বোট, ট্রলার বোট, ইঞ্জিন বোট ইত্যাদি)	থোক		২০.০০		১৮.৫৪		-		-
৩৪।	**যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম**									-
	(i) ডাটা একুইজিশন সিষ্টেমের জন্য ইক্যুইপমেন্ট,ভাইব্রোসিস, হার্ডওয়্যার, সফটওয়্যার, ও আনুষাঙ্গিক	লট	৩	২,৮৬১.০০	৩	২,৮১৭.৭৬		-		-
	(ii) পজিশনিং/ট্রপো সার্ভে যন্ত্রপাতি,	লট	২	৬৫০.০০	২	৬১৯.৪৬		-		-
	(iii) ৩ডি ফিল্ড প্ল্যানিং/ডিজাইন/মান নিয়ন্ত্রণ, যন্ত্রপাতি, হার্ডওয়্যার ও সফটওয়্যার	লট	২	৫১৯.০০	২	৪৬৪.০৯		-		-
	(iv) জিওফোন ষ্ট্রিং	সংখ্যা	১৫০০	৩৩১.০০	১৫০০	৩২৯.৭৮		-		-
	(v) ড্রিলিং মেশিন এন্ড এক্সেসরিজ	সেট	৯০	৬০০.০০	৯০	৫০৯.৬৮		-		-
	(vi) হার্ডওয়্যার ও সফটওয়্যারসহ ৩ডি সাইসমিক, ডাটা প্রসেসিং সিষ্টেম	লট	২	৮০০.০০	২	৭৬৬.১২		-		-
	(vii) হার্ডওয়্যার ও সফটওয়্যারসহ ৩ডি সাইসমিক, ডাটা ইন্টারপ্রিটেশন সিষ্টেম	লট	২	৮০০.০০	২	৭৬৪.০৮		-		-
	(viii) কমিউনিকেশন যন্ত্রপাতি	সেট	১৬০	১০০.০০	১৬০	৪৫.৯৩		-		-
৩৫।	কম্পিউটার ও যন্ত্রাংশ	সেট	২৫	২৭.০০	২৫	২৩.৯৭		১.০০		০.৫১
৩৬।	অফিস সরঞ্জাম	লট	৮	১৮.০০	৮	১১.৫৩		০.০৫		০.১০
৩৭।	আসবাবপত্র (ফার্নিচার, ফিক্চার, ইন্টেরিয়র ডেকেরেশন)	থোক	-	২০.০০	-	১৩.১৫		-		-
৩৮।	ইলেক্ট্রিক্যাল স্পেয়ার্স এন্ড ইকুইপমেন্ট	লট	-	১০.০০	-	৯.৪০		০.৫০		০.৫০

ক্র. নং	অঙ্গের নাম	একক	ডিপিপি অনুসারে লক্ষ্যমাত্রা		৩০ জুন, ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		২০১৯-২০ অর্থ বছরের লক্ষ্যমাত্রা		৩০ নভেম্বর ২০১৯ মাস পর্যন্ত অগ্রগতি	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
৩৯।	ফায়ার ফাইটিং যন্ত্রপাতি/ফায়ার এক্সটিংগুইসার	সংখ্যা	-	১০.০০	-	৫.০৭		-		-
	(খ) মোট মূলধন ব্যয়=			**৯,০৮৬.০০ (৬,৬৬১.০০)**		**৮,৬০১.৩৮ (৬,৩১৬.৯০)**		**৬২.০০ (-)**		**৬২.০০ -**
	সর্বমোট (রাজস্ব + মূলধন)=			**২৪,৭৭০.০০ (১০,৯৮০.০০)**		**২২,৬৮৯.৬৯ (৯,৮৮৮.৪১)**		**৭০০.০০ (২০০.০০)**		**৬৯২.০৫ (১৮৭.৪৪)**

মীরসরাই অর্থনৈতিক অঞ্চল-এর জন্য গ্যাস পাইপ লাইন নির্মাণ ও কেজিডিসিএল গ্যাস বিতরণ নেটওয়ার্ক আপগ্রেডেশন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেন

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৯**)**

১। প্রকল্পের নাম : মীরসরাই অর্থনৈতিক অঞ্চল-এর জন্য গ্যাস পাইপ লাইন নির্মাণ ও কেজিডিসিএল গ্যাস বিতরণ নেটওয়ার্ক আপগ্রেডেশন প্রকল্প

২। প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম : পুলক কান্তি বড়ুয়া

৩। প্রকল্প পরিদর্শনের তারিখ : ১৭/১০/২০২০ ইং

৪। প্রকল্পের অবস্থান : প্রকল্পটি সমাপ্ত হয়েছে।

৫। বাস্তবায়নকারী সংস্থা : কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

৬। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৭। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল : মে ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
৩৬৭১০.০০	৩৯৮৬২.০০	৩০৫৯৮.০৭	মে ২০১৭ হতে জুন ২০১৯ পর্যন্ত	মে ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত	মে ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত	-	৬ মাস (২৬.০৮%)

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রযোজ্য নয়

০.৯। উদ্দেশ্যঃ

৯.১। কেজিডিসিএল এর বিদ্যমান গ্যাস বিতরণ নেটওয়ার্ক ৩৫০ এমএমএসসিএফডি হতে ৫০০ এমএমএসসিএফডি করণ।

৯.২। মীরসরাই অর্থনৈতিক অঞ্চল-এর জন্য ২০০ এমএমএসসিএফডি গ্যাস সরবরাহ ব্যবস্থা করা।

৯.৩। আনোয়ারা সিজিএস হতে কাফকো, সিইউএফএল ও শিকলবাহা পাওয়ার স্টেশন পর্যন্ত ডেডিকেটেড পাইপ লাইন নির্মাণ।

১০। ক্রয় কার্যক্রমঃ

প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
প্যাকেজ নং : GD1					
(GTCL) Procurement of Line Pipe and Coating Materials	11.09.2017 (41.3024)	Line Pipe: USD: 4669178.40 Equivalent to	23.09.2018	26.12.2018	

প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
		BDT 38.75 Crore (1 USD=82.98) Date: 19.04.2018 Coating Materials: EUR: 105048.23 Equivalent to BDT 1.08 Crore (1 EUR= 102.3478 Taka) Total: BDT 39.83 Crore Date: 19.03.2018	09.08.2018	16.08.2018	
প্যাকেজ নং : GD2					
(GTCL) Procurement of Line Pipe Fittings and Valve	11.09.2017 (7.1676)	Induction Bends: (LOT-A) USD: 89530.00 Equivalent to BDT 0.743 Crore (1 USD=82.96 Taka) Date: 21.03.2018 Line Pipe Fittings: (LOT-B+C) USD: 231109.00 Equivalent to BDT 1.92 Crore (1 USD=82.96 Taka) Date: 14.03.2018 Valves: (LOT-D) USD: 386317.25 Equivalent to BDT 3.21 Crore (1 USD=82.96 Taka) Total: BDT 5.87 Crore Date: 11.03.2018	08.07.2018 26.08.2018 18.09.2018	17.09.2018 01.09.2018 11.09.2018	
প্যাকেজ নং : GD3					
(KGDCL) Procurement of Line Pipe, Valves, Fittings	23.11.2017 (2.4737)	USD: 291159.18 Equivalent BDT 2.42 Crore (1 USD=83.10 Taka) Date: 08.05.2018	21.09.2018	03.09.2018	
প্যাকেজ নং : WD1					
(GTCL) Procurement of Design, Supply, Installation, Testing, Commissioning of 01 CGS & 02 HP-DRS.	29.08.2017 (85.50)	USD: 9492000.00 Equivalent to BDT 78.77 Crore (1 USD=82.98 Taka) & Taka: 4.86 Crore Total: BDT 83.63 Crore Date: 22.04.2018	31.12.2019	12.11.2019	
প্যাকেজ নং : WD2					

প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
(GTCL) Construction of Pipeline and Other related facilities (up to 1050 passing line) and hookup works with ring-main at Shahmirpur.	Lot A: 24.02.2018 Lot B: 24.02.2018 Lot C: 30.05.2017 (36.47)	Lot A:13.60287 Date: 22.11.2018 Lot B:15.579 Date: 23.07.2018 Lot C:0.477 Date: 16.08.2017	06.07.2019 30.06.2019 02.10.2017	25.08.2019 18.06.2019 02.10.2017	
প্যাকেজ নং : WD3					
(GTCL) River Crossing by HDD Method on EPC Basis at Shikalbaha.	16.02.2018 (16.60)	7.9276 Date: 29.08.2018	01.05.2019	11.01.2019	
প্যাকেজ নং : WD5					
(KGDCL) Procurement of Design, Supply, Installation, Testing, Commissioning of 03 HP-DRS & 04 IP-DRS.	09.05.2017 (61.09)	USD: 4941256.00 Equivalent to BDT 39.98 Crore (1 USD=80.90 Taka) & Taka: 19.1031752 Crore Total: BDT 59.08 Crore Date: 01.11.2017	10.12.2018	25.06.2019	
প্যাকেজ নং : WD6					
(KGDCL) Construction of Pipeline and Other related facilities (up to 150 psig line) and hookup works with DRS.	Lot A: 27.11.2017 Lot B: 22.02.2018 (11.27)	Lot A: 6.297 Date: 25.04.2018 Lot B: 4.455 Date: 03.07.2018	25.06.2019 08.02.2019	30.04.2019 08.12.2018	
প্যাকেজ নং : WD7					
(KGDCL) Land Development for CGS at Mirsarai Economic Zone.	27.11.2017 (14.23)	12.9192 Date: 29.03.2018	29.09.2018	20.03.2019	

১১। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ প্রকল্পের শুরু হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৩০৫৯৮.০৭ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের প্রায় ৭৬.৭৬% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিমণরূপঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়			অব্যয়িত অর্থ
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১৬-১৭	--	--	--	--	--	--	--	--
২০১৭-১৮	৫০২৬.০০	৫০২৬.০০	--	--	৪৯৪১.৪৮	৪৯৪১.৪৮	--	৮৪.৫২
২০১৮-১৯	২৯২৬০.০০	২৯২৬০.০০	--	--	২৩৪০৫.৫৮	২৩৪০৫.৫৮	--	৫৮৫৪.৪২
২০১৯-২০	২২৫৮.০০	২২৫৮.০০	--	--	২২৫১.০১	২২৫১.০১	--	৬.৯৯
সর্বমোট	**৩৬৫৪৪.০০**	**৩৬৫৪৪.০০**	**--**	**--**	**৩০৫৯৮.০৭**	**৩০৫৯৮.০৭**	**--**	**৫৯৪৫.৯৩**

১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত মাত্র ১ (এক) জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিম্নে প্রদান করা হলঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মন্তব্য
প্রকৌ. আ.ন.ম সালেহ উপ-মহাব্যবস্থাপক	হ্যাঁ	--	১৯.০৭.২০১৭	৩১.১২.২০১৯	--

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

ক্রঃ	উদ্দেশ্য	অর্জিত ফলাফল
১।	কেজিডিসিএল এর বিদ্যমান গ্যাস বিতরণ নেটওয়ার্ক ৩৫০ এমএমএসসিএফডি হতে ৫০০ এমএমএসসিএফডিকরণ।	চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় ১০ ইঞ্চি ব্যাসের ১০ বার চাপ বিশিষ্ট ১২.৯৮ কি:মি: পাইপ লাইন নির্মাণ।
২।	মীরসরাই অর্থনৈতিক অঞ্চল-এর জন্য ২০০ এমএমএসসিএফডি গ্যাস সরবরাহ ব্যবস্থা করা।	বড়তাকিয়া বাজার হতে বেজা পর্যন্ত ১৬ ইঞ্চি ব্যাসের ৩৫০ পিএসআইজি চাপ বিশিষ্ট ১৪.০০ কি:মি: পাইপ লাইন নির্মাণ এবং ১টি সিজিএস এবং ২টি ডিআরএস স্থাপন।
৩।	আনোয়ারা সিজিএস হতে কাফকো, সিইউএফএল ও শিকলবাহা পাওয়ার স্টেশন পর্যন্ত ডেডিকেটেড পাইপ লাইন নির্মাণ।	আনোয়ারা সিজিএস হতে কাফকো, সিইউএফএল ও শিকলবাহা পাওয়ার স্টেশন পর্যন্ত ১৬ ইঞ্চি ব্যাসের ৩৫০ পিএসআইজি চাপ বিশিষ্ট ২২.০০ কি:মি: পাইপ লাইন নির্মাণ

১৪। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ : প্রযোজ্য নয়

১৫। অডিট : এই প্রকল্পের অডিট এফ আহমেদ এন্ড কোং নামক একটি অডিট ফার্ম দিয়ে করানো হয়েছে (কপি সংযুক্ত)। কিন্তু প্রকল্প সমাপ্ত হওয়ার পর কোন সিভিল অডিট করানো হয়নি।

১৬। প্রকল্প বাস্তবায়ন সমস্যা : প্রযোজ্য নয়

১৭। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run): পাইপ লাইনের সিপি সিস্টেম স্থাপন, মীরসরাই অর্থনৈতিক অঞ্চল-এর সিজিএস ও ডিআরএস এর ভূমি উন্নয়ন কাজের রি-টেন্ডার আহবান করা হয়েছে। এছাড়াও মীরসরাই অর্থনৈতিক অঞ্চল-এর সিজিএস ও ডিআরএস এর এপ্রোচ রোডের কাজে বিলম্ব হয়।

১৮। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন (If any): প্রযোজ্য নয়

১৯। এক নজরে পরিদর্শনের কিছু আলোকচিত্র:

চিত্র-১	চিত্র-২
	

২০। পরিদর্শন পর্যবেক্ষণঃ

গত ১৭/১০/২০২০ খ্রিঃ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক "মীরসরাই অর্থনৈতিক অঞ্চল-এর জন্য গ্যাস পাইপলাইন নির্মাণ ও কেজিডিসিএল গ্যাস বিতরণ নেটওয়ার্ক আপগ্রেডেশন" শীর্ষক সমাপ্ত প্রকল্পটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী এবং প্রকল্প এলাকায় দায়িত্বরত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্পের মিরসরাই উপজেলার অংশ পরিদর্শনকালে দেখতে পাই, উপজেলার অন্তর্গত বড়তাকিয়া বাজারের কিছুটা পশ্চিমে মিরসরাই অর্থনৈতিক অঞ্চল সংযোগ সড়কের পাশ্ববর্তী পয়েন্ট থেকে ১৬ ইঞ্চি ব্যাসের পাইপ বসানো হয়েছে। এই ১৪ কি:মি: এর পাইপ লাইন ৩৫০ পিএসআইজি চাপ বিশিষ্ট বলে প্রকল্প পরিচালক জানান। এই পাইপ লাইন মিরসরাই অর্থনৈতিক অঞ্চল পর্যন্ত বিস্তৃত। প্রকল্পের আওতায় মিরসরাই অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত সিটি গেইট স্টেশন (সিজিএস) পরিদর্শনকালে দেখতে পাই, সেখানে ১টি ভবন নির্মাণসহ গ্যাস পাইপ লাইন সংযোগ পয়েন্ট, মিটারিং কন্ট্রোল সিস্টেমসহ অন্যান্য যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। এমইজেড ২০০ এমএমএসএফডি সিজিএস এবং ৫০ এমএমএসএফডি এইচপিডিআরএস নির্মাণের জন্য ন্যাশনাল সার্ভে অর্গানাইজেশন কর্তৃক দাখিলকৃত সাব-সয়েল ইনভেস্টিগেশন রিপোর্টে মিরসরাই ইকোনোমিক জোনে সিজিএস ও ডিআরএস নির্মাণের সুপারিশ করা হয়েছে (কপি সংযুক্ত)। সিজিএস পরিদর্শনকালে আরো দেখতে পাই, এখানে প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তা প্রহরী নেই এবং সিজিএস-এ ঢোকার মূল গেটটি টিন দিয়ে তৈরি। মিরসরাই অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত ২টি ডিস্টিক্ট রেগুলেটর স্টেশন (ডিআরএস) পরিদর্শনকালে দেখতে পাই, এগুলোতেও পর্যাপ্ত নিরাপত্তার অভাব রয়েছে। তাছাড়া ডিআরএস দু'টোর একটিতেও শীতাতপ নিয়ন্ত্রণের ব্যবস্থা নেই। পরিদর্শনকালীন এলাকায় বিদ্যুৎ না থাকায় দু'টো ডিআরএস-এর নিয়ন্ত্রণ কক্ষে প্রবেশ করলে অত্যন্ত গরম অনুভূত হয়। এতে ডিআরএস সমূহে স্থাপিত গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকে। প্রকল্প বাস্তবায়নের জন্য ভূমি অধিগ্রহণ ও হুকুমদখল এবং ভূমি উন্নয়ন করার জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান ডিপিপিতে রাখা আছে। কিন্তু বেজা কর্তৃক ভূমি প্রদান করায় ভূমি অধিগ্রহণ ও হুকুম দখল বাবদ কোন অর্থ খরচ করতে হয়নি। প্রকল্পের ক্রয় কার্যক্রম ১৩টি প্যাকেজের আওতায় সম্পন্ন হয়েছে। জিডি-৪ (কেজিডিসিএল) প্যাকেজের আওতায় ক্রয়কৃত ১টি এসইউভি জিপ গাড়ী ও ১টি ডাবল কেবিন পিকআপ গাড়ীর বর্তমান অবস্থা সম্পর্কে জিজ্ঞাসা করা হলে প্রকল্প পরিচালক জানান, গাড়ী দু'টি কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিভিউশন কোম্পানী লি: কর্তৃক বর্তমানে ব্যবহৃত হচ্ছে।

প্রকল্পের আওতায় কর্ণফুলী গ্যাস ডিস্টিউশন কো: লি: এর গ্যাস বিতরণ নেটওয়ার্কের ক্ষমতা বৃদ্ধি করার জন্য এবং কাফকো, সিইউএফএল ও শিকলবাহা বিদ্যুৎ কেন্দ্রে পর্যাপ্ত গ্যাস সরবরাহ নিশ্চিত করার জন্য কেজিডিসিএল কর্তৃক নতুন পাইপ লাইন নির্মাণ করতে হয়েছে।

সিভিল অডিট সম্পন্ন করার কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা জিজ্ঞাসা করা হলে প্রকল্প পরিচালক জানান, অডিট বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা হচ্ছে। ইতোপূর্বে অডিট কর্তৃপক্ষ একবার প্রকল্প কার্যালয় পরিদর্শন করেছেন এবং শ্রীঘ্র অডিট কার্যক্রম সম্পাদন করা হবে।

এই প্রকল্প পূর্ব পরিদর্শনকারী আইএমইডি কর্মকর্তা কর্তৃক প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর আইএমইডিতে প্রেরণের জন্য সুপারিশ করা হয়েছিল। কিন্তু এতদসত্ত্বেও পিসিআর আইএমইডিতে বিলম্বে প্রেরণ করা হয়েছে।

ক্ষেত্রের কয়লার গুণগত মানও অত্যন্ত ভালো। এই কয়লায় সালফারের পরিমাণ অত্যন্ত কম, তাপজ্বলন ক্ষমতা খুব বেশী যা প্রায় ১২০০ বিটিইউ/পাউন্ড এবং ছাইয়ের পরিমাণ কম। ইহা হাই ভোলাটাইল বিটুমিনাস প্রকৃতির কয়লা। যে কোন দেশের অর্থনৈতিক এবং আর্থ-সামাজিক উন্নয়নে জ্বালানিখাত অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অর্থবহ ভূমিকা পালন করে। বাংলাদেশের ক্ষেত্রেও বিষয়টি প্রযোজ্য। বাংলাদেশে প্রাইমারি এনার্জি হিসেবে শুধুমাত্র প্রাকৃতিক গ্যাসের ব্যবহার করা হয়ে থাকে। তবে গ্যাসের পরিমাণ দিন দিন হ্রাস পাওয়ায় ভবিষ্যতের জ্বালানি নিরাপত্তার বিষয়টি অত্যন্ত জটিল হয়ে পড়েছে। দেশের উত্তরাংশে নিজস্ব জ্বালানি হিসেবে একমাত্র কয়লার অবস্থান রয়েছে। বাংলাদেশের মানুষের অর্থনৈতিক এবং আর্থ-সামাজিক উন্নয়নের সঙ্গে সঙ্গে জ্বালানি এবং বিদ্যুতের চাহিদাও উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। দিঘীপাড়া কয়লাক্ষেত্রে কয়লা উত্তোলন করা সম্ভব হলে তা দ্বারা প্রায় ১২০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হবে, দেশের সামগ্রিক বিদ্যুৎ চাহিদা পুরণে যা উল্লেখযোগ্য ভুমিকা পালন করবে। তারই ধারাবাহিকতায় কয়লা মজুদের পরিমাণ নিশ্চিতকরণ এবং বার্ষিক ৩ মিলিয়ন টন কয়লা উত্তোলন ক্ষমতাসম্পন্ন একটি কয়লা খনি নির্মাণের সম্ভাব্যতা জরিপ (Feasibility Study) কার্যক্রম সম্পন্নের জন্য "ফিজিবিলিটি স্টাডি ফর ডেভেলপমেন্ট অব দিঘীপাড়া কোল ফিল্ড এ্যাট দিঘীপাড়া, দিনাজপুর, বাংলাদেশ (১ম সংশোধনী)"-শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হয়। বাস্তব ও পারিপার্শ্বিক অবস্থার প্রেক্ষিতে গৃহীত প্রকল্পটির আবেদন মূল্য অপরিসীম।

১১। উদ্দেশ্যঃ

(১) দিঘীপাড়া কয়লাক্ষেত্রে বাপেক্স কর্তৃক চিহ্নিত ২৪ বর্গ কিলোমিটার এলাকায় ২-ডি সাইসমিক সার্ভের মাধ্যমে অনুমিত ৮৬৫ মিলিয়ন টন কয়লার মজুদ নিশ্চিতকরণ;

(২) দিঘীপাড়া কয়লা ক্ষেত্রের কোর ৬.০০ বর্গকিলোমিটার এলাকায় বাৎসরিক ৩.০০ মিলিয়ন টন কয়লা উত্তোলন ক্ষমতার একটি খনি নির্মাণের সম্ভাব্যতা জরিপ (Feasibility Study) কার্যক্রম সম্পন্নকরণ।

১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

ক) প্রকল্প অনুমোদনের তারিখ: ২ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি: তারিখে প্রশাসনিক মন্ত্রণালয় হিসেবে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ প্রকল্পের অনুমোদন প্রদান করে। অনুমোদনপত্র নং; ২৮.০০.০০০০.০৩৮.১৪.১৫.১৬/৪৪, তারিখ: ০২-০২-২০১৭

খ) ১ম সংশোধিত প্রকল্প অনুমোদনের তারিখ: ৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রি: তারিখে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় হতে অনুমোদিত হয়। অনুমোদনপত্র নং: ২৮.০০.০০০০.০৩৮.১৪.১৫.১৬/১৮১, তারিখ: ৫ সেপ্টেম্বর ২০১৯

১৩। প্রকল্পের আর্থিক অগ্রগতি: **(লক্ষ টাকায়)**

অর্থবছর	সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়			অব্যয়িত অর্থ
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১৬-১৭	২৩০০.০০ (১৬১০.০০)	২৩০০.০০ (১৬১০.০০)		-	২১৩৯.১৪ (১৫৬৭.৮৬)	২১৩৯.১৪ (১৫৬৭.৮৬)		১৬০.৮৬ (৪২.১৪)
২০১৭-১৮	২৩০০.০০ (১৬৮৪.০০)	২৩০০.০০ (১৬৮৪.০০)		-	২২৫৩.৭৯ (১৬৬১.৩৬)	২২৫৩.৭৯ (১৬৬১.৩৬)		৪৬.২১ (২২.৬৪)
২০১৮-১৯	৬৭১৯.০০ (৪৯৩৭.০০)	৬৭১৯.০০ (৪৯৩৭.০০)		-	৬৬৫৮.২১ (৪৮৮৪.৭২)	৬৬৫৮.২১ (৪৮৮৪.৭২)		৬০.৭৯ (৫২.২৮)
২০১৯-২০	৭৪২১.০০ (৪৩৬৬.০০)	৭৪২১.০০ (৪৩৬৬.০০)			৭২৮০.৯১ (৪৩১৫.২০)	৭২৮০.৯১ (৪৩১৫.২০)		১৪০.০৯ (৫০.৮০)
সর্বমোট	**১৮৭৪০.০০ (১২৫৯৭.০০)**	**১৮৭৪০.০০ (১২৫৯৭.০০)**	**-**	**-**	**১৮৩৩২.০৫ (১২৪২৯.১৪)**	**১৮৩৩২.০৫ (১২৪২৯.১৪)**	**-**	**৪০৭.৯৫ (১৬৭.৮৬)**

১৪। আইএমইডি'র সর্বশেষ পরিদর্শনকারী (জনাব মোছা: লুৎফুন নাহার নাজীম, উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব), তারিখ-২৪ এপ্রিল ২০১৯) কর্তৃক পরিদর্শনের সুপারিশসমূহের প্রেক্ষিতে গৃহিত ব্যবস্থাবলী:

ক্র. নং.	আইএমইডি কর্তৃক প্রণীত সুপারিশ	আইএমইডি কর্তৃক প্রণীত সুপারিশের বাস্তবায়ন	মন্তব্য
১.	পিএফএস অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করে যথাযথভাবে কার্যক্রম অগ্রগতি সম্পন্ন করতে হবে।	প্রকল্পের মূল পিএফএস অনুসারে প্রকল্প বাস্তবায়নের নির্ধারিত সময় ছিল ১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৯ । প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রকল্প শুরুর প্রায় ৫ মাস পর প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠানসমূহের কনসোর্টিয়ামের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হওয়া, নিরাপত্তা ইস্যুতে প্রকল্পের কাজে সাময়িক বিরতি, বেনাপোল স্থল বন্দর হতে ড্রিল রিগ খালাসে অতিরিক্ত সময় ব্যয়, বোরহোল খননে কারিগরি জটিলতার সম্মুখিন হওয়া, হাইড্রোলজিক্যাল স্টাডির মানোন্নয়নসহ ইত্যাদি কারণে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন পড়ে। সে অনুযায়ী ৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অনুমোদিত প্রকল্পের ১ম সংশোধিত পিএফএস অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের সময়সীমা ৩১ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। বর্ধিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করা হয়েছে।	
২.	নিরীক্ষা অধিদপ্তরের সাথে নিবিড় যোগাযোগ বজায় রেখে প্রকল্পের অডিট কার্যক্রম সমাপ্ত করতে হবে।	নিরীক্ষা অধিদপ্তরের সঙ্গে নিবিড় যোগাযোগ রেখে প্রকল্পের অডিট কাজ সম্পন্ন করা হয়েছে। এজি অডিট অফিস কর্তৃক উত্থাপিত তিনটি আপত্তির মধ্যে ইতোমধ্যে একটি নিষ্পত্তি হয়েছে অপর দু'টির নিষ্পত্তির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে যা অতিদ্রুত নিষ্পত্তি হবে বলে আশা করা যায়।	
৩.	যথাসময়ে প্রকল্পের পিএসসি এবং পিআইসি সভা করতে হবে	নির্দেশনার আলোকে প্রকল্পের পিএসসি এবং পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে।	
৪.	প্রকল্পের অধীনে সাইট বই ব্যবহার করার পরামর্শ প্রদান করা হলো	প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্পের কার্যক্রমের ডেইলি প্রগ্রেস রিপোর্ট/ ডেইলি ওয়ার্কিং রিপোর্ট সংরক্ষণ করা হয়েছিল।	
৫.	প্রকল্পের তথ্য পিএমআইএস এ আপলোডকৃত তথ্যাদি নিয়মিত হালনাগাদ করার ব্যবস্থা নিতে হবে	প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্পের তথ্য নিয়মিত পিএমআইএস ডাটাবেইজে আপলোড করা হয়েছে।	
৬.	প্রকল্প সমাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) দাখিল করতে হবে।	৩১ মার্চ ২০২০ তারিখে প্রকল্প শেষ হয়েছে। ৩১ মে ২০২০ তারিখ অর্থাৎ প্রকল্প সমাপ্তির তিন মাসের মধ্যে প্রকল্পের পিসিআর পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছিল।	

১৫। পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণঃ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতায় বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল) কর্তৃক বাস্তবায়িত "ফিজিবিলিটি স্টাডি ফর ডেবেলপমেন্ট অব দিঘীপাড়া কোল ফিল্ড এ্যাট দিঘীপাড়া, দিনাজপুর, বাংলাদেশ (১ম সংশোধনী)" শীর্ষক প্রকল্পটির সমাপ্ত প্রতিবেদন মূল্যায়নের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ের আইএমইডি'র সেক্টর-১ এর পরিচালক (উপসচিব) জনাব ড. খান মোঃ মনিরুজ্জামান ৫-৬/১২/২০২১ তারিখে প্রকল্প এলাকা (দিনাজপুর জেলার নবাবগঞ্জ এবং হাকিমপুর উপজেলা) পরিদর্শন করেন।

পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেডে'র ব্যবস্থাপনা পরিচালকসহ অন্যান্য উর্দ্ধতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১৫.১ **পরিদর্শন কর্মসূচী:** পরিদর্শনকালে প্রকল্প পরিচালক প্রকল্পের সামগ্রিক কর্মকান্ডের উপর একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন। উক্ত প্রেজেন্টেশনে তিনি প্রকল্পের কর্মপরিকল্পনা, বাস্তবায়ন কার্যক্রম, আর্থিক কার্যক্রম, প্রকল্প বাস্তবায়নে অসুবিধাসমূহ এবং প্রকল্প হতে প্রাপ্ত ফলাফলের উপর আলোকপাত করেন। অত:পর যে ২৪ বর্গকিলোমিটার এলাকায় টপোগ্রাফিক সার্ভে সম্পন্ন করা হয়েছে সে এলাকায় ৬৭ টি খননকৃত বোরহোল, ৪টি প্রোডাকশন ওয়েল, ১০টি পিজোমেট্রিক বোরহোল এবং ২০ টি অবজারভেশন ওয়েলের অংশবিশেষ পরিদর্শন করা হয়। এছাড়া সম্ভাব্যতা জরিপ হতে প্রাপ্ত ফলাফল সম্পর্কে ধারণা গ্রহণ করা হয়।

১৬। ক্রয় কার্যক্রম সংক্রান্ত:

(লক্ষ টাকা)

প্যাকেজ নং	সাব-প্যাকেজ নং	প্রাক্কলিত ব্যয়	চুক্তিমূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ	কাজ সমাপ্তির তারিখ	
						চুক্তি অনুযায়ী	প্রকৃত
জিডি-১ (১ লট)	৪ টি ডেস্কটপ কম্পিউটার, প্রিন্টার ২ টি, স্ক্যানার-৩ টি, ল্যাপটপ-৩ টি, প্লটার প্রিন্টার-১ টি, মাল্টিমিডিয়া প্রজেক্টর-১টি, ফটোকপিয়ার-১ টি, ডিজিটাল ক্যামেরা-১ টি সাপ্লাই এবং ইন্সটলেশন	১৪.৬৫	১০.৯৫	30-07-2017	10-09-2017	10-10-2017	10-10-2017

প্যাকেজ নং	সাব-প্যাকেজ নং	প্রাক্কলিত ব্যয়	চুক্তিমূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ	কাজ সমাপ্তির তারিখ	
						চুক্তি অনুযায়ী	প্রকৃত
জিডি-২ (১ লট)	অফিস ফার্নিচার এবং ফিক্সার (টেবিল-৮ টি, সিটিং চেয়ার ৮টি, ফ্রন্ট চেয়ার-২০ টি, ফাইর কেবিনেট এবং সেলফ-৬ টি)	৬.০৪	৪.০০	30-07-2017	31-08-2017	30-09-2017	30-09-2017
জিডি-৩ (১ লট)	স্টেশনারী গুডস, সীল এ্যান্ড স্ট্যাম্প	৩.০০	২.৯৮	22-10-2017	17-12-2017	27-12-2017	27-12-2017
জিডি-৪ (১ লট)	মটর সাইকেল (২ টি)	৩.৬০	৩.৫৬	30-07-2017	31-08-2017	30-09-2017	30-09-2017
জিডি-৫ (১ লট)	এয়ার কন্ডিশনার (৩ টি)	২.৪০	২.৩৪	৩০-০৭-২০১৭	৩১-০৮-২০১৭	৩০-০৯-২০১৭	৩০-০৯-২০১৭
ডব্লিউডি-১	২ টি মাইক্রোবাস ভাড়া গ্রহণ	৫২.৮০	৫০.২৬	১৪-০৯-২০১৭	০৫-১০-২০১৭	04-10-2019	২৯-০২-২০২০
ডব্লিউডি-২	অফিস ভবন রেন্টাল	৯.০০	7.44	09-07-2017	27-07-2017	31-08-2019	29-02-2020
ডব্লিউডি-৩	আবাসিক ভবন রেন্টাল	৬.০০	4.94	09-07-2017	27-07-2017	31-08-2019	29-02-2020

এসডি-১	কন্সালটিং ফার্ম ফর মাইনিং প্লান, ফিজিবিলিটি স্টাডি এবং সকল ভৌত কার্যবলী	১৭৮৭৯.৭১ (১২৩৭০.১০)	১৬৭৪৫.৬৮ (১৪৭৯১.২৫)	০৩-04-2016	30-05-2017	31-08-2019	29-02-2020

১৭। <u>প্রকল্পের ব্যয় এবং সময় বৃদ্ধির যৌক্তিকতা</u>

(ক) <u>ব্যয় বৃদ্ধির যৌক্তিকতা</u> ২০১৬-২০১৭ অর্থবছরে প্রকল্পটির মূল SSP প্রণয়নকালে বৈদেশিক মুদ্রা হিসাবে মার্কিন ডলারকে বিবেচনা করা হয়। প্রকল্পের SSP'তে প্রতি মার্কিন ডলার এর বিনিময় মূল্য ৭৯.৬০ টাকা ধরা হয় কিন্তু দেশীয় মুদ্রা অর্থাৎ টাকার বিপরীতে ডলারের বিনিময় মূল্য উত্তরোত্তর বৃদ্ধি পেয়ে ফেব্রুয়ারি ২০১৮ মাসে প্রতি মার্কিন ডলারের বিপরীতে ৮৩.৫০ টাকায় অবস্থান করে। প্রকল্পটিতে মোট প্রকল্প ব্যয়ের প্রায় শতকরা ৭০ ভাগ অর্থ বৈদেশিক মুদ্রায় পরিশোধ করতে হয়। সে সময় বৈদেশিক মুদ্রার বিনিময় হারের উর্দ্ধগতি এবং কয়েকটি খাতে চুক্তি মূল্য ও খাতওয়ারি প্রকল্প ব্যয়ের মধ্যে সামঞ্জস্যতা বিধানের জন্য প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১৯ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(i) প্রকল্পের ১ম সংশোধনের প্রস্তাব পেশ করতে বলা হয়;
(ii) মার্কিন ডলারের বিনিময় মূল্যের উর্দ্ধগতির কারণে মার্কিন ডলারে'র বাজার মূল্যের সাথে ২ টাকা যোগ করে সংশোধিত PFS এ ব্যয় প্রাক্কলন করতে নির্দেশনা প্রদান করা হয়। অপরদিকে, মূল প্রকল্প প্রস্তাবে রেমুনারেশনের উপর ১৫% এবং ভৌত কাজের উপর ৫.২৫% হিসেবে ভ্যাট হিসেব করে ১০২১.২৬ লক্ষ টাকা ভ্যাটের সংস্থান রাখা হয়েছিল। কিন্তু রাজস্ব বোর্ডের এসআরও নং ০৬/মূসক/২০১৮, তারিখ: ৭ জুন ২০১৮ অনুযায়ী এবং বিসিএমসিএল'এ প্রেরিত তাদের পত্র সূত্র নং: ০৮.০১.০০০০.০৬৮.২২.০১২.১২ (অংশ)/২২২, তারিখ: ২৮ আগস্ট ২০১৮ অনুযায়ী চুক্তিমূল্যের ১৫% ভ্যাট হিসেবে পরিশোধ করতে বলা হয়। সুতরাং এসআরও অনুযায়ী ভ্যাটের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় প্রকল্প ব্যয় বৃদ্ধি পায়। এছাড়া প্রকল্পের সময় বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের অফিসভাড়া, বাসাভাড়া, মাইক্রোবাস ভাড়ার সময় বৃদ্ধি পাওয়ায় ব্যয় বৃদ্ধি পেয়েছে। প্রকল্পের শতকরা ৭০ ভাগ অর্থ বৈদেশিক মুদ্রায় ব্যাংকিং চ্যানেলে এল.সি. এর মাধ্যমে পরিশোধিত হওয়ায় প্রকল্প সংশোধনকালে এল.সি চার্জ অন্তর্ভূক্ত করা হয়। সুতরাং প্রাক্কলিত প্রকল্প ব্যয় ১৭৯৮৮.২০ (১২৩৭০.১০) লক্ষ টাকা হতে সংশোধিত প্রকল্প ব্যয় ১৮৭৬৬.০০ (১২৫৫৫.০০) লক্ষ টাকায় উন্নিত হয়। কিন্তু প্রকৃত প্রকল্প ব্যয় সংশোধিত ব্যয় হতে হ্রাস পেয়ে ১৮৩৩২.০৫ (১২৪২৯.১৪) টাকা হয়েছে।

(খ) <u>সময় বৃদ্ধির যৌক্তিকতা</u> "ফিজিবিলিটি স্টাডি ফর ডেভেলপমেন্ট অব দিঘীপাড়া কোল ফিল্ড এ্যাট দিঘীপাড়া, দিনাজপুর বাংলাদেশ" শীর্ষক প্রকল্পটির বাস্তবায়ন ১ জানুয়ারী ২০১৭ তারিখে শুরু হয়েছিল এবং ৩০ জুন ২০১৯ তারিখে প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার কথা ছিল। ২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে প্রকল্পের প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছিল। প্রকল্পটি বাস্তবায়নের জন্য ৩০ মে ২০১৭ তারিখে MIBRAG Conlsulting International GmbH, Germany, FUGRO Consult GmbH, Germany, Runge Pincock Minarco Limited, Australia নামক তিনটি প্রতিষ্ঠানের সমন্বয়ে গঠিত পরামর্শক কনসোর্টিয়ামের সঙ্গে বিসিএমসিএলে'র ২৭ (সাতাশ) মাস মেয়াদি একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী ৩১ আগস্ট ২০১৯ তারিখে পরামর্শক প্রতিষ্ঠানের কাজের মেয়াদ শেষ হওয়ার কথা ছিল। তবে প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ে শেষ করা সম্ভব না হওয়ায় প্রকল্পের মেয়াদ/সময় কয়েক মাস বৃদ্ধি করা হয়।

১৮. প্রকল্পের উদ্দেশ্য অর্জন

ক্র. নং.	উদ্দেশ্য	অর্জিত ফলাফল	মন্তব্য
১.	দিঘীপাড়া কয়লা ক্ষেত্রে বাপেক্স কর্তৃক চিহ্নিত ২৪ বর্গকিলোমিটার এলাকায় ২-ডি সাইসমিক সার্ভের মাধ্যমে অনুমিত ৮৬৫ মিলিয়ন টন কয়লার মজুদ নিশ্চিতকরণ।	দিঘীপাড়া কয়লা ক্ষেত্রে বাপেক্স কর্তৃক চিহ্নিত ২৪ বর্গকিলোমিটার এলাকায় ২-ডি সাইসমিক সার্ভের মাধ্যমে অনুমিত ৮৬৫ মিলিয়ন টন কয়লার মধ্যে ১১ বর্গকিলোমিটার এলাকায় ৭০৬ মিলিয়ন	-

ক্র. নং.	উদ্দেশ্য	অর্জিত ফলাফল	মন্তব্য
		মেট্রিক টন কয়লার মজুদ নিশ্চিত হয়েছে।	
২.	দিঘীপাড়া কয়লা ক্ষেত্রের কোর ৬.০০ বর্গকিলোমিটার এলাকায় বাৎসরিক ৩.০০ মিলিয়ন টন কয়লা উত্তোলন ক্ষমতার একটি খনি নির্মাণের সম্ভাব্যতা জরিপ (Feasibility Study) কার্যক্রম সম্পন্নকরণ।	দিঘীপাড়া কয়লা ক্ষেত্রের কোর ৬.০০ বর্গকিলোমিটার এলাকায় বাৎসরিক ৩.০০ মিলিয়ন টন কয়লা উত্তোলন ক্ষমতার একটি খনি নির্মাণের সম্ভাব্যতা জরিপ (Feasibility Study) কার্যক্রমের ফলাফল অনুযায়ী এখানে বাৎসরিক ৩ মিলিয়ন টন উৎপাদন ক্ষমতাসম্পন্ন ভূ-গর্ভস্থ পদ্ধতির একটি খনি নির্মাণ সম্ভব।	-

১৯। সম্ভাব্যতা জরিপ হতে প্রাপ্ত ফলাফলের বর্ণনা

১৯.১ কয়লার বৈশিষ্ট্য এবং মজুদ সংক্রান্ত তথ্যাবলী: সম্ভাব্যতা জরীপ হতে প্রাপ্ত তথ্যানুযায়ী দিঘীপাড়া কয়লা ক্ষেত্রের ১১ বর্গকিলোমিটার এলাকায় মোট ১১ টি কোল সীমের মধ্যে ৩ টি কোল সীমে উল্লেখযোগ্য পরিমাণ কয়লার মজুদ রয়েছে। অবশিষ্ট কোল সীমগুলি অত্যন্ত কম পুরুত্বের হওয়ায় তা উত্তোলনযোগ্য নয়। কোল ফিল্ডের A, B এবং C সীমের আয়তন যথাক্রমে ৮.৩০, ১০.৫০ এবং ১১.০০ বর্গকিলোমিটার। অপরদিকে কয়লার পুরুত্ব যথাক্রমে ১৭.৬৭, ৩১.৬৯ এবং ৯.৯৬ মিটার। কয়লার মোট ভূ-তাত্ত্বিক মজুদ ৭০৬ মিলিয়ন মেট্রিক টন। কয়লার গভীরতা ভূ-গর্ভের ৩২০ মিটার হতে ৫০৬ মিটার পর্যন্ত। ভূ-গর্ভস্থ Multislice Longwall Top Coal caving পদ্ধতিতে উত্তোলনযোগ্য কয়লার পরিমাণ ৯০ মেট্রিক টন। আবিস্কৃত কয়লা Sub-Bituminous to Bituminous প্রকৃতির। ক্যালরিফিক ভ্যালু ১১৯৫২ বিটিইউ/পা, ৬৬৪৫ কিলোক্যালরি/কি.গ্রা. বা ২৭.৮২ মে.জু/কি.গ্রা। যার উপাদানগুলো হলো- এ্যাশ ১৪.৬০%, ফিক্সড কার্বন ৫২.৬০%, ভোলাটাইল ম্যাটার ৩০.৬০%, টোটাল ময়েশ্চার (আরওএম) ১০%, টোটাল সালফার ০.৮৫% ও ইনহ্যারেন্ট ময়েশ্চার ২.২%।

১৯.২ খনি নির্মাণের কারিগরী বিশ্লেষণ: আন্তর্জাতিকভাবে Conventional Mining Method হিসেবে উন্মুক্ত খনি পদ্ধতি (Open Cut Mining Method) এবং ভূ-গর্ভস্থ খনি পদ্ধতি (Underground Mining Method)'তে কয়লা উত্তোলন করা হয়ে থাকে। দিঘীপাড়া কয়লা খনির ক্ষেত্রে উভয় পদ্ধতি বিবেচনা করে দেখা যায় যে, দিঘীপাড়া খনিতে কয়লা স্তরের গভীরতা ৩২০ মিটার হতে ৫০৬ মিটার। এই গভীরতায় উন্মুক্ত পদ্ধতিতে খনি নির্মাণ কারিগরিভাবে ব্যয় বহুল। দিঘীপাড়া কয়লা স্তরের উপরে উল্লেখযোগ্য পরিমাণ কাদাস্তর (Clay layer) এর উপস্থিতি থাকায় উন্মুক্ত পদ্ধতির খনি নির্মিত হলে উত্তোলনকৃত কাদা সংরক্ষণ এবং ব্যবস্থাপনা (Overburden Management) অত্যন্ত ঝুঁকিপূর্ণ হবে, একইভাবে Slope Management ব্যয়বহুল ও খুবই ঝুঁকিপূর্ণ হবে। এছাড়া উন্মুক্ত পদ্ধতির ক্ষেত্রে বেসিন এরিয়ার চেয়ে ৩.৫-৪ গুণ বেশী জায়গার প্রয়োজন হয়। সুতরাং সার্বিক বিবেচনায় দিঘীপাড়া কয়লা খনি নির্মাণের জন্য ভূ-গর্ভস্থ পদ্ধতি গ্রহণের জন্য পরামর্শক সুপারিশ করেছে।

১৯.৩ কয়লা উৎপাদন এবং ব্যবহার: দিঘীপাড়া কয়লা খনি হতে ৩১ বছর যাবত গড়ে প্রতিবছর ২.৮ মেট্রিক টন হিসেবে কয়লা উত্তোলন করা সম্ভব হবে, অপরদিকে খনি নির্মাণকালে আরো ৪ বছর কয়লার আংশিক উৎপাদন হবে। খনি নির্মাণ প্রক্রিয়া শুরুর ৮ বৎসর পর হতে আংশিক এবং ১২ বছর পর হতে পূর্ণাঙ্গ কয়লা উৎপাদন শুরু হবে। এই খনি হতে উত্তোলিত কয়লা দ্বারা ১০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হবে।

১৯.৪ Environmental & Social Impact Assesment (ESIA) এবং Environmental Management Plan (EMP) সংক্রান্ত তথ্যাবলি: দিঘীপাড়া কয়লা খনি নির্মাণের সম্ভাব্যতা জরিপ কাজের অংশ হিসেবে খনি এলাকার Environmental & Social Impact Assesment (ESIA) জরিপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। খনি নির্মাণ (Mine Construction), পরিচালনা (Mine Operation) এবং কয়লা উৎপাদন শেষে খনি বন্ধকরণ (Mine Closure)- বিষয়টিকে বিবেচনায় রেখে ESIA জরিপ কার্যক্রম

বাস্তবায়ন করা হয়েছে। দিঘীপাড়া কয়লা খনি নির্মাণে প্রায় ৩৪৫৫ একর (১৩৯৮ হেক্টর) জমির প্রয়োজন হবে, উক্ত জমির মধ্যে ২৫৩০.৩০ একর (১০২৪ হেক্টর) খনি এলাকা এবং ৯২৬.৬৩ একর (৩৭৫ হেক্টর) খনির শিল্প এলাকা নির্মাণে ব্যবহৃত হবে। খনি এলাকার শতকরা ৮৩ ভাগ আবাদি, ১৩ ভাগ বসতি, ৩ ভাগ জলাধার এবং অবশিষ্ট ১ ভাগ অন্যান্য প্রকৃতির জমি। কৃষি জমির শতকরা ৯১.৫০ ভাগ দুই ফসলি এবং ৮.৫০ ভাগ তিন ফসলি জমি।

১৯.৫ Environmental Impact Assessment (EIA): EIA জরিপের অংশ হিসেবে Environment সম্পর্কিত সকল Component এর Impact Assesment সম্পন্ন করা হয়। Impact Assessment পর্যালোচনায় দেখা যায় শুধু মাত্র Land (Resources) এর ক্ষেত্রে Higher Impact সম্ভাবনা রয়েছে। এছাড়া অন্য সকল ক্ষেত্রে Low, Low-Medium, Medium এবং Medium-High মাত্রার Impact-এর সম্ভাবনা রয়েছে।

১৯.৬ Environmental Management Plan (EMP): Environmental Impact Assessment (EIA) এর মাধ্যমে নির্ণয়কৃত Impact-সমূহ মোকাবেলার জন্য Environmental Management Plan (EMP) প্রস্তুত করা হয়েছে। EMP কাজের উল্লেখযোগ্য অংশ হিসেবে Sealing Wall Construction; Fencing/access control to restricted areas (e.g. Subsidance); Mine Water Treatment; Sewage Water Treatment (Camp); Culverts Construction; Dust Suppression; Noise Reduction, Green Belt Installation; air and vibration mitigation measures; Operation of low emission equipment এবং Revegetation বিষয়গুলো ইতোমধ্যে খনি নির্মাণ পরিকল্পনার মধ্যে অন্তর্ভূক্ত আছে। এছাড়া খনি নির্মাণ এবং অপারেশন পর্যায়ের Mitigation Measures Cost এবং বছর ভিত্তিক Monitoring Cost অন্তর্ভূক্ত করা হয়েছে। ইআইএ, ইএমপি সংক্রান্ত প্রতিবেদনসহ পূর্ণাঙ্গ ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদন ইতোমধ্যে পত্র সূত্র নং: ২৮.১২.০০০০.৩২১.১৪.০১/২০৩২, তারিখ: ২৩ জুন ২০২০ দ্বারা পরিবেশ অধিদপ্তরে জমা প্রদান করা হয়েছে।

১৯.৭ Social Impact Assessment (SIA): SIA জরিপের অংশ হিসেবে Linear Infrastructure, Resettlement, Labour, Livelihood Income, Cultural Heritage, CSR, Public Health and Safety-বিষয়সমূহের Base Line Data collection, Analysis এবং Management Plan প্রস্তুত করা হয়েছে। Impact Assessment এর ক্ষেত্রে Land Form, Land use, Crop Production, Crop Damage, Livestock and Fisheries, Employment, Housing, Land Ownership, Population Displacement, Poverty, Loss of Community Structure, Transportation System and Traffic movement, Water Supply, Income and Expenditure, Public Health, Literacy বিষয়গুলিতে কি ধরণের প্রভাব পড়বে তা নির্ণয় করা হয়েছে। Impact-সমূহের Mitigation and Enhancement Measures এবং Social Monitoring Plan প্রস্তুত করা হয়েছে। Base Line data বিশ্লেষণ করলে দেখা যায় যে, খনি এলাকার প্রায় ৩০% মানুষ গৃহস্থালী, ২৫% ছাত্র, ১৪% কৃষিজীবী, চাকুরিজীবী ৬%, দিনমজুর ৬%, ব্যবসায়ি ৫% এবং অন্যান্য ১২%। অপরদিকে প্রায় ২৭% মানুষ মাধ্যমিক স্কুল পর্যায়ের শিক্ষা গ্রহণ করেছেন, ২৫% প্রাথমিক স্কুল, স্বাক্ষরতা জ্ঞানসম্পন্ন ১৩.৬০%, মাধ্যমিক ৮.৪%, উচ্চ মাধ্যমিক ৬.৭%, উচ্চ শিক্ষিত ৫.৩% নিরক্ষর মানুষের বসবাস রয়েছে। এছাড়া অন্যান্য সকল ডাটা উপাত্তের বিশ্লেষণ প্রতিবেদনে অন্তর্ভূক্ত রয়েছে।

১৯.৮ Resettlement Action Plan (RAP) সংশ্লিষ্ট তথ্যাবলী: উল্লেখিত Social Impact Assessment (SIA) হতে প্রাপ্ত তথ্য উপাত্তের ভিত্তিতে খনি নির্মাণের জন্য Resettlement Action Plan (RAP) প্রস্তুত করা হয়েছে। Acquisition and Requisition of Immovable Property Act 2017এর আলোকে RAP প্রস্তুত করা হয়েছে। দিঘীপাড়া কয়লা খনি নির্মাণে ২৭৯৮ টি পরিবারের ১১,১১০ জন মানুষকে পুনর্বাসন করতে হবে। পুনর্বাসন কাজে প্রায় ৩১৮ মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের

প্রাক্কলন করা হয়েছে। জরিপ পরিচালনাকালে এলাকাবাসি খনির আশে পাশে অবস্থান করে খনিতে কাজ করা এবং খনি হতে প্রাপ্ত সুবিধাদি গ্রহণের বিষযে আগ্রহ প্রকাশ করেছে। কিন্তু ১১,১১০ জন মানুষকে একত্রে খনি এলাকার আশেপাশে পুনর্বাসন করার মত কোন সরকারি খাস জমি পাওয়া যায়নি। অপরদিকে সামাজিক সম্পর্ক এবং সংহতি বজায় রেখে খনি এলাকার কাছাকাছি অবস্থানের আগ্রহের কারণে পরামর্শক 'Self-Relocation' এর বিষয়ে সুপারিশ প্রদান করেছে। পরামর্শক তাদের প্রতিবেদনে যে সকল খাতে Resettlement Cost এবং Compensation প্রদানের সুপারিশ করেছে সেগুলি হলো Losses of Agricultural Land; Losses of Homestead, Commercial, Industrial and Community Property Resources,; Loss of Water Bodies (Ponds, Both Cultivated and Non-cultivated), Loss of Residential Structures, Loss of Commercial/Industrial Structures; Loss of Common Property Resources; Loss of trees; Loss of Standing Crops and Fish stock; Loss of Leased or Mortgaged properties; Loss of Income from dismantle commercial/business premises; Wage earners in agricultural and small businesses; Assistance to Vulnerable Households; Livelihood Improvement Program ইত্যাদি।

১৯.৯ <u>Corporate Social Responsibility (CSR):</u> পরামর্শক কোম্পানি'র আয় হতে খনি এলাকায় ক্ষতিগ্রস্থ এলাকাবাসির মধ্যে সামাজিক দায়বদ্ধতা সংক্রান্ত কার্যাবলী পালনের সুপারিশ করেছে। তারা Garments Training Center and Factory; Mainstream education Center like school, college, university, supply of new equipment and furniture to schools and education centers; Establishment of good quality and wide village road network; mine related training center for skilled manpower development; Technical Education Centre like Diploma or Vocational institute; Child or amusement park and botanical garden as recreational place; Women's cube and information centre; Sponsor various sports and gaming activities such as Cricket, Football, Badminton etc. leagues through District Sports Council; Formulate a recruitment policy giving priority to PAP's and Locals; Cultural center for Ethnic Community; Renovation of existing clubs for youths in different unions; Donation of ambulances to Upazila Health Complexes with ICU facilities; Renovation of the Boro Ghaora Charch; Providing tiffin supports to the students; Provide financial support to establish multimedia classrooms, modern laboratories in the school; Contribute to the social forestry program by providing fund to the forest depertment and planting trees to the project areas শীর্ষক সুবিধাদি প্রদানের জন্য সুপারিশ করেছে।

১৯.১০ খনি নির্মাণে সম্ভাব্য কারিগরী ও আর্থ-সামাজিক চ্যালেঞ্জ এবং তা নিরসনের সম্ভাব্য পন্থাসমূহ: খনি নির্মাণ এবং পরিচালনার ক্ষেত্রে নানামুখী প্রতিকূল পরিস্থিতির মুখোমুখি হওয়ার সম্ভাবনা রয়েছে। সম্ভাব্য উল্লেখযোগ্য চ্যালেঞ্জ বা প্রতিকূলতাসমূহ নিম্নরুপ:

- যদিও প্রকল্প এলাকার অধিকাংশ মানুষ তাদের যথাযথ ক্ষতিপূরণ এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্তি নিশ্চিতকরণ সাপেক্ষে তারা কয়লা খনির বাস্তবায়ন চায় তথাপিও বিভিন্ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে এলাকাবাসি, খনি শ্রমিকসহ বিভিন্ন মানুষের মধ্যে দলগত বা সামাজিক আন্দোলনের সম্ভাবনা রয়েছে।

- দিঘীপাড়া কোল বেসিনের মধ্যভাগে উত্তর-দক্ষিণ বরাবর Central North Fault, East Fault, West Fault এবং একটি Central Graven Structure এর উপস্থিতি রয়েছে। উক্ত ভূ-তাত্ত্বিক প্রতিবন্ধকতা মোকাবেলা করে দিঘীপাড়া কয়লা খনি নির্মাণ করতে হবে।
- দিঘীপাড়া কোল বেসিনে উল্লেখযোগ্য পুরুত্বের Upper Dupi Tila (UDT) এর উপস্থিতি রয়েছে। যার সর্বনিম্ন পুরুত্ব ৪০.৫০ মিটার, সর্বোচ্চ পুরুত্ব ২২৮.৫০ মিটার এবং গড় পুরুত্ব ১৩৪.৮২ মিটার। এছাড়া Gondowana Roof Rock এর উপর Kopili Sand এর উপস্থিতি রয়েছে যেখানে High pressure এ Confined water মজুদ রয়েছে। এই এ্যাকুইফারের পানির চাপ মোকাবেলা করে দিঘীপাড়া কয়লা খনি নির্মাণ করতে হবে।
- হাইড্রোজিওলজিক্যাল মডেল বিশ্লেষণ থেকে প্রাপ্ত তথ্যানুযায়ী দিঘীপাড়া কয়লা খনি হতে সর্বোচ্চ ১৯,৪৯৪ ঘনমিটার/ঘন্টা, সর্বনিম্ন ৩,৯৫৩ ঘনমিটার/ঘন্টা এবং পরামর্শকের বিশ্লেষণ/বিবেচনা অনুযায়ী ৫,৭৩৬ ঘনমিটার/ঘন্টা হারে পানি নিঃসৃত হতে পারে। উক্ত পানি নিয়ন্ত্রণের জন্য খনি এলাকার চতুরপার্শ্বে Sealling Wall নির্মাণের সুপারিশ করা হয়েছে। Sealling Wall নির্মাণের পর পানির প্রবাহ ২৫১৬ ঘনমিটার/ঘন্টা হবে।
- পরামর্শক কনসোর্টিয়ামের বিশ্লেষণ অনুযায়ী দিঘীপাড়া কোল ফিল্ডের Upper Dupi Tila (UDT)'তে উল্লেখযোগ্য পরিমাণ পানির উপস্থিতি এবং যে সকল এলাকায় ৩০ মিটারের নীচে Roof Rock এর উপস্থিতি থাকবে সেখানে খনি নির্মাণ করা সম্ভব হবে না। ৩০ মিটারের কম রুফ রক থাকায় বেসিনের অনেক অংশে কয়লা উত্তোলন সম্ভব হবেনা।
- ভূ-গর্ভের পানির প্রবাহ রোধকল্পে খনি এলাকায় প্রায় ১৩ কি.মি. দৈর্ঘ্যের Cut Off Wall নির্মাণ করার প্রয়োজন হবে।
- খনি ব্যবস্থাপনা এবং কারিগরী বিশেষজ্ঞ জনবলের অপ্রতুলতা।
- তুলনামুলকভাবে Capital এবং Operating Cost এর পরিমাণ বেশী হওয়া।
- কয়লার স্বতঃস্ফুর্ত প্রজ্জলনের সম্ভাবনা ইত্যাদি।

১৯.১১ খনি নির্মাণের বিনিয়োগ সম্পর্কিত বিশ্লেষণ: খনি নির্মাণ প্রকল্প বাস্তবায়নে কয়েকটি বিকল্প নিয়ে বিবেচনা করা যেতে পারে, যা নিম্নরুপ:

- পরামর্শক EPCM (Engineering, Procurement and Construction Management Service) পদ্ধতিতে প্রকল্প বাস্তবায়নের প্রস্তাব করেছে। তবে বিসিএমসিএল এর পক্ষে এত বিশাল অংকের বিনিয়োগ সম্ভব নয় মর্মে প্রতীয়মান হয়। সেক্ষেত্রে সরকারি তহবিল হতে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ যোগানের প্রয়োজন হবে। সুতরাং বার্ষিক উন্নয়ন কর্মসূচী খাত হতে সরকারী বরাদ্দ পাওয়া গেলে EPCM পদ্ধতিতে খনি নির্মাণ সম্ভব হবে।

২০। **<u>আর্থিক বিশ্লেষণ:</u>** সম্ভাব্যতা জরিপ সম্পন্নকারি পরামর্শক প্রতিষ্ঠান খনি নির্মাণে ক্যাপিটাল কস্ট হিসেবে মোট ২০৫৫ মিলিয়ন মার্কিন ডলার ব্যয় হবে বলে প্রতিবেদনে উল্লেখ করেছে। উক্ত ব্যয় বিশ্লেষণ করলে দেখা যায় যে, ২০৫৫ মিলিয়ন মার্কিন ডলারে'র মধ্যে ১৬৫৩ মিলিয়ন মার্কিন ডলার খনি এবং খনি সংক্রান্ত স্থাপনা নির্মাণে ব্যয়, ১৫০ মিলিয়ন মার্কিন ডলার ল্যান্ড কম্পেনসেশন ও রিলোকেশন সংক্রান্ত ব্যয় এবং প্রজেক্ট কন্টিনজেন্সি ও এলাউন্স বাবদ ২৫২ মিলিয়ন মার্কিন ডলার ব্যয় ধার্য করা হয়েছিল। অপরদিকে পরামর্শক Acquisition and Requisition of Immovable Property Act, 2017 অনুযায়ী জমির প্রকৃত মূল্যের উপর ২০০% প্রিমিয়াম যোগ করে মোট রিসেটেলমেন্ট কস্ট ৩১৮ মিলিয়ন মার্কিন ডলার নির্ধারণ করা হয়েছিল কিন্তু প্রকল্পের ক্যাপিটাল কস্টের মধ্যে তারা প্রিমিয়াম ছাড়া জমির প্রকৃত মূল্য এবং রিসেটেলমেন্ট সংক্রান্ত অন্যান্য সকল ব্যয়সহ ১৫০ মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভূক্ত করে প্রিমিয়ামের ২০০% অর্থাৎ ১৬৮ মিলিয়ন মার্কিন ডলার সংস্থা নির্বাহ করবে মর্মে প্রতিবেদনে উল্লেখ করেছিল। কিন্তু প্রকৃত অর্থে উক্ত ১৬৮ মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল কস্ট হিসেবে অন্তর্ভূক্ত হওয়া প্রয়োজন। সে হিসেবে খনি নির্মাণে প্রকৃত ক্যাপিটাল কস্ট ২০৫৫+১৬৮=২,২২৩ মিলিয়ন মার্কিন ডলার হবে। ৩৫ বছর ব্যাপী কয়লা উৎপাদনকালে

অপারেটিং কস্ট হিসেবে প্রতি মেট্রিক টনে ৩৬.৩০ মার্কিন ডলার ব্যয় হবে বলে পরামর্শকগণ মতামত ব্যক্ত করেছে। আর্থিক বিশ্লেষণ কালে পরামর্শকগণ উল্লেখ করেছে যে, ডিসকাউন্ট রেট ৮%, রেট অব রিটার্ন ৬% এবং কয়লার বিক্রয় মূল্য প্রতি টন ১৩০ মার্কিন ডলার ধরে Net Present Value (NPV) ৩১০ মিলিয়ন মার্কিন ডলার (নেগেটিভ) হবে। অপরদিকে ক্যাপিটাল কস্ট শতকরা ২৫ ভাগ হ্রাস পেলে অথবা কয়লার বিক্রয় মূল্য টন প্রতি ১৬০ মার্কিন ডলার হলে নেট প্রেজেন্ট ভ্যালু Break Even Point এ উপনিত হবে। কয়লার বিক্রয়মূল্য টন প্রতি ১৭২.৯০ মার্কিন ডলার হলে NPV ১৩৬ মিলিয়ন মার্কিন ডলার এবং টনপ্রতি ১৯০ মার্কিন ডলার হলে NPV ৩৫৪ মিলিয়ন মার্কিন ডলার হবে।

২১। **পরামর্শকের কর্মপরিধি:** পরামর্শকের কর্মপরিধি নিম্নরুপ:

± ৫০০ মিটার গভীরতার ৬০ টি বোরহোল ড্রিলিং সম্পন্নকরণ, মোট ড্রিলিং দৈর্ঘ্য ৩০,০০০ মিটার; জিওফিজিক্যাল লগিং, কোরিং, ম্যাপিং সম্পন্নকরণ; ৪ টি প্রোডাকশন ওয়েল, ১০ টি পিজোমেট্রিক বোরহোল এবং ২০ টি অভজারভেটরি বোরহোল খনন; হাইড্রোলজি এবং হাইড্রোলজিক্যাল স্টাডি সম্পন্নকরণ; সেন্ট্রাল পার্টের ৬.০ বর্গকিলোমিটার এলাকায় ৩-ডি সাইসমিক সার্ভে সম্পন্নকরণ; ২৪ বর্গকিলোমিটার এলাকায় টপোগ্রাফিক সার্ভে সম্পন্নকরণ; মাইন ডিজাইন প্রস্তুতকরণ; ইআইএ, ইএমপি, আরএপি, এসআইএ স্টাডি কার্যক্রম সম্পাদন; চুড়ান্ত ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদন প্রস্তুতকরণ; খনি নির্মাণের লক্ষ্যে ঠিকাদার নিয়োগের জন্য একটি দরপত্র দলিল প্রস্তুতকরণ, পরামর্শক কনসোর্টিয়াম চুক্তি অনুযায়ী সকল কার্যক্রম সম্পন্ন করেছে এবং প্রতিবেদনসমূহ দাখিল করেছে।

২২। **প্রকল্পের ব্যবহৃত গাড়ি সম্পর্কিত তথ্য:** প্রকল্পের আওতায় অনুমোদিত পিএফএসে'র ২ (দুই) টি মটরসাইকেল ক্রয়ের জন্য ৩.৫৬ লক্ষ টাকা সংস্থান ছিল, যার সম্পূর্ণটাই উক্ত মটরসাইকেল ক্রয়ে ব্যয় হয়েছে। প্রকল্প সমাপ্তির পর মটরসাইকেল ২ টি বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেডে হস্তান্তর করা হয়েছে, যা বর্তমানে কোম্পানির TOE এর ভিত্তিতে দাপ্তরিক কাজে ব্যবহৃত হচ্ছে।

২৩। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত ১ (এক) জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিম্নে প্রদান করা হলঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মন্তব্য
খান মো: জাফর সাদিক উপমহাব্যবস্থাপক বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড	✓	-	১৭ এপ্রিল ২০১৭	৩১ মার্চ ২০২০	প্রকল্পের পূর্ণ মেয়াদে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

২৪। **অডিট**: প্রকল্পের পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের শুরু থেকে অর্থাৎ ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ অর্থবছর এবং ২০১৯-২০২০ অর্থবছরের ২০ ডিসেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত এজি অডিট অফিস অত্র প্রকল্পের অডিট সম্পন্ন করেছে। এজি অডিট অফিস External অডিট সম্পন্ন করার সময় ৩ (তিন) টি অডিট আপত্তি প্রদান করে যার মধ্যে ১ (এক) টি নিস্পত্তি হয়েছে। অপর ২ (টি) টি অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রদান করা হয়েছে এবং নিস্পত্তির পর্যায়ে রয়েছে । পরিদর্শনকালীন সময় পর্যন্ত উক্ত আপত্তিগুলি অনিস্পন্ন অবস্থায় রয়েছে। ৩ টি আপত্তি এবং তার জবাব এবং বর্তমান অবস্থা নিম্নরুপ:

ক্রমিক নং	আপত্তির বিবরণ	আপত্তির জবাব	বর্তমান অবস্থা
১.	**শিরোনামঃ** দিঘীপাড়া ফিজিবিলিটি প্রকল্পে কোড নং ৪৮৯৫ ক্রপ কমপেনশেসন খাত জমির মালিকদের কম মূল্য মানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করায় রাজস্ব বাবদ সরকারের ১৮,৭৭,০০০.০০ (আঠার লক্ষ সাতাত্তর হাজার) আর্থিক ক্ষতি। **বিবরণঃ** "Entity Wide Audit" এর আওতায় বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড, পার্বতীপুর, দিনাজপুর এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত	"Feasibility Study for Development of Dighipara Coal Field at Dighipara, Dinajpur" শীর্ষক (জানুয়ারী/২০১৭ হতে জুন/২০১৯ সংশোধিত, মার্চ/২০২০) প্রকল্প বাস্তবায়নকালে ক্রপ কমপেনশেসন খাত হতে জমির মালিকদের কম টাকা	আপত্তি নিস্পত্তি হয়েছে।

ক্রমিক নং	আপত্তির বিবরণ	আপত্তির জবাব	বর্তমান অবস্থা
	"Feasibility Study for Development of Dighipara Coal Field at Dighipara, Dinajpur" শীর্ষক (জানুয়ারী/২০১৭ হতে জুন/২০১৯ সংশোধিত, মার্চ/২০২০) প্রকল্পের হিসাব নিরীক্ষা ৩১/১২/২০১৯ হতে ২১/০১/২০২০ খিঃ তারিখ পর্যন্ত সময়ে নিরীক্ষাকালে পরিলক্ষিত হয় যে, দিঘীপাড়া ফিজিবিলিটি প্রকল্পে কোড নং ৪৮৯৫ ক্রুপ কমপেনশেসন খাত জমির মালিকদের কম মূল্য মানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করায় রাজস্ব বাবদ সরকারের ১৮,৭৭,০০০/- টাকা (আঠার লক্ষ সাতাত্তর হাজার) আর্থিক ক্ষতি হয়েছে। ➢ অর্থ আইন-২০১২ এর মাধ্যমে The Stamp Act,1899 (Act 0f 1899) এর সংশোধনী মোতাবেক যেকোন চুক্তিপত্র সম্পাদনের ক্ষেত্রে ৩০০/-(তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প ব্যবহার করতে হবে যা ১/৭/২০১২ হতে কার্যকর। কিন্তু বিল ভাউচার, চুক্তিপত্র, বাজেট ও সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি হতে পরিলক্ষিত হয় যে, আলোচ্য ক্ষেত্রে উক্ত খাতের বিপরীতে জমির মালিকদের সাথে ইজারা চুক্তি সম্পাদনের ক্ষেত্রে তিনশত টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প ব্যবহার না করে না করে ৫০/- টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প ব্যবহার করায় উক্ত ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত বিবরণ পরিশিষ্ট '১০৫'-তে দেওয়া হলো। **অনিয়মের কারণঃ** অর্থ আইন-২০১২ এর মাধ্যমে The Stamp Act,1899 (Act 0f 1899) এর সংশোধনী মোতাবেক ৩০০/-(তিনশত) টাকার স্থলে ৫০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ব্যবহার করা হয়েছে। অডিট প্রতিষ্ঠানের জবাবে বলা হয়েছে যে, আপত্তিকৃত অর্থ সরকারী কোষাগারে জমা করে জানানো হবে। **নিরীক্ষা মন্তব্যঃ** জবাব মোতাবেক আপত্তিকৃত অর্থ অতি সত্তর সরকারী কোষাগারে জমা করা আবশ্যক। বিষয়টি গুরুতর আর্থিক অনিয়ম। **নিরীক্ষার সুপারিশঃ** জবাব মোতাবেক আপত্তিতে উল্লেখিত ১৮,৭৭,০০০/- টাকা জরুরী ভিত্তিতে সরকারী কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষা অফিসে জবাব প্রেরণ করা আবশ্যক।	৫০.০০ এর-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করা হয়। পরবর্তীতে বাণিজ্যিক অডিট, রাজশাহী কর্তৃক উত্থাপিত আপত্তির আলোকে সংযুক্ত চালানের মাধ্যমে সরকারী কোষাগারে টাকা ১৮,৭৭,০০০/- (আঠার লক্ষ সাতাত্তর হাজার) জমা প্রদান করা হয়েছে। বর্ণিত জবাব এবং প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছিলো।	
২।	**শিরোনামঃ** ফিজিবিলিটি সার্ভে প্রকল্পের কনসালটেন্সী সার্ভিস এবং বিভিন্ন প্রকার সার্ভে বিল হতে প্রযোজ্য হারের চেয়ে কম হারে ভ্যাট কর্তন করায় রাজস্ব বাবদ সরকারের ৮,৪৯,৩৮,৭২৪/- (আট কোটি উনপঞ্চাশ লক্ষ আটত্রিশ হাজার সাতশত চব্বিশ) টাকা আর্থিক ক্ষতি। **বিবরণঃ** 'Entity Wide Audit' এর আওতায় বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড, পার্বতীপুর, দিনাজপুরে'র নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত 'Feasibility Study for Development of Dighipara Coal Field at Dighipara, Dinajpur' শীর্ষক	'Feasibility Study for Development of Dighipara Coal Field at Dighipara, Dinajpur' শীর্ষক (জানুয়ারী/২০১৭ হতে জুন/২০১৯ সংশোধিত, মার্চ/২০২০) প্রকল্প বাস্তবায়নকালে পরামর্শক প্রতিষ্ঠানের সঙ্গে স্বাক্ষরিত চুক্তির আলোকে পরামর্শক প্রতিষ্ঠানকে যে বিল পরিশোধ করা হয়েছে তার বিপরীতে ৮,৪৯,৩৮,৭২৪/- (আট কোটি উনপঞ্চাশ লক্ষ আটত্রিশ হাজার সাতশত চব্বিশ)	আপত্তি নিষ্পত্তির পর্যায়ে রয়েছে।

ক্রমিক নং	আপত্তির বিবরণ	আপত্তির জবাব	বর্তমান অবস্থা
	(জানুয়ারী/২০১৭ হতে জুন/২০১৯ সংশোধিত, মার্চ/২০২০) প্রকল্পের হিসাব নিরীক্ষা ৩১/১২/২০১৯ হতে ২১/০১/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ে নিরীক্ষাকালে পরিলক্ষিত হয় যে, ফিজিবিলিটি সার্ভে প্রকল্পের অনিবাসী কনসালটেন্সী সার্ভিস এবং বিভিন্ন প্রকার সার্ভে বিল হতে প্রযোজ্য হারের চেয়ে কম হারে ভ্যাট কর্তন করায় রাজস্ব বাবদ সরকারের ৮,৪৯,৩৮,৭২৪/- (আট কোটি উনপঞ্চাশ লক্ষ আটত্রিশ হাজার সাতশত চব্বিশ) টাকা আর্থিক ক্ষতি হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের ১/৭/২০১৭ খ্রিঃ তারিখের গেজেট প্রজ্ঞাপন অনুযায়ী ভ্যাটের সেবার কোড 'এস ০৩২.০০ "কনসালটেন্সী সার্ভিস' এবং সেবার কোড 'এস ০২০.০০ সার্ভে/জরিপ সংস্থা' এর বিল হতে ১৫% হারে ভ্যাট কর্তনযোগ্য। সংস্থার ২২,৩৪,৯৪,৬৪১/- টাকা ক্ষতি সাধন করা হয়েছে। কিন্তু বিল ভাউচার, চুক্তিপত্র, বাজেট ও সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি হতে পরিলিক্ষিত হয় যে, ফিজিবিলিটি স্টাডি প্রকল্পের অনিবাসী কনসালটেন্সী সার্ভিস এবং বিভিন্ন প্রকার সার্ভে বিল হতে প্রযোজ্য হারের চেয়ে কম হারে ভ্যাট কর্তন করায় রাজস্ব বাবদ সরকারের উক্ত পরিমাণ ক্ষতি সাধিত হয়েছে। **অনিয়মের কারণঃ** জাতীয় রাজস্ব বোর্ডের ০১/০৭/২০১৭ খ্রিঃ তারিখের গেজেট প্রজ্ঞাপন অনুযায়ী ভ্যাট সেবার কোড 'এস ০৩২.০০ এবং সেবার কোড এস ০২০.০০' যথাযথভাবে অনুসরণপূর্বক ভ্যাট আদায়/জমা করা হয়নি। **নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ** আপত্তিকৃত অর্থ সরকারী কোষাগারে জমা করে জানানো হবে। **নিরীক্ষা মন্তব্যঃ** জবাব মোতাবেক আপত্তিকৃত অর্থ অতি সত্তর সরকারী কোষাগারে জমা করা আবশ্যক। বিষয়টি গুরুতর আর্থিক অনিয়ম। **নিরীক্ষার সুপারিশঃ** জবাব মোতাবেক আপত্তিতে উল্লেখিত ৮,৪৯,৩৮,৭২৪/- টাকা জরুরী ভিত্তিতে সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষা অফিসে জবাব প্রেরণ করা আবশ্যক।	টাকার অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। উল্লেখ্য যে অডিট আপত্তিতে ৮,৪৯,৩৮,৭২৪/- টাকার (আট কোটি উনপঞ্চাশ লক্ষ আটত্রিশ হাজার সাতশত চব্বিশ) আপত্তি উত্থাপন করা হলেও প্রকৃতপক্ষে পরিশোধযোগ্য ভ্যাটের পরিমাণ ৮,২৩,৬৪,৯৮২.৮৮/- (আট কোটি তেইশ লক্ষ চৌষট্টি হাজার নয়শত বিরাশি এবং পয়সা আটাশি মাত্র) টাকা। আরো উল্লেখ্য যে, ইতোমধ্যে আপত্তিকৃত টাকা ৮,২৩,৬৪,৯৮২.৮৮/- (আট কোটি তেইশ লক্ষ চৌষট্টি হাজার নয়শত বিরাশি এবং পয়সা আটাশি মাত্র) ট্রেজারি চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে । বর্ণিত জবাব এবং প্রমাণকের আলোকে আপত্তিটি নিস্পত্তির জন্য সুপারিশ করা হয়েছিলো।	
৩।	**শিরোনামঃ** দিঘীপাড়া ফিজিবিলিটি সার্ভে প্রকল্পের কনসালটেন্সি সার্ভিসের বিল হতে বিধি মোতাবেক উৎসে আয়কর কর্তন না করায়/কম কর্তন করায় রাজস্ব বাবদ সরকারের ১,৪৮,৬৮,৯৩৭/- (এক কোটি আটচল্লিশ লক্ষ আটষট্টি হাজার নয়শত সাইত্রিশ) টাকা আর্থিক ক্ষতি। **বিবরণঃ** 'Entity Wide Audit' এর আওতায় বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড, পার্বতীপুর, দিনাজপুর-এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত 'Feasibility Study for Development of Dighipara Coal Field at Dighipara, Dinajpur' শীর্ষক (জানুয়ারী/২০১৭ হতে জুন/২০১৯ সংশোধিত, মার্চ/২০২০) প্রকল্পের হিসাব নিরীক্ষা ৩১/১২/২০১৯ হতে ২১/০১/২০২০ খ্রিঃ তারিখ পযন্ত সময়ে নিরীক্ষাকালে পরিলক্ষিত হয় যে, দিঘীপাড়া ফিজিবিলিটি সার্ভে প্রকল্পের কনসালটেন্সি সার্ভিসের বিল	'Feasibility Study for Development of Dighipara Coal Field at Dighipara, Dinajpur' শীর্ষক (জানুয়ারী/ ২০১৭ হতে জুন/২০১৯ সংশোধিত, মার্চ/২০২০) প্রকল্প বাস্তবায়নকালে পরামর্শক প্রতিষ্ঠানের সঙ্গে স্বাক্ষরিত চুক্তির আলোকে পরামর্শক প্রতিষ্ঠান'কে তাদের বিল পরিশোধ করা হয়েছে। চুক্তিটি জ্বালানি খাত (ফসিল ফুয়েল) সংশ্লিষ্ট একটি Feasibility Study সম্ভাব্যতা জরিপ সংক্রান্ত প্রকল্প। এই প্রকল্পের আয়কর হার সংক্রান্ত বিষয়ে পত্র নং: বিসিএমসিএল/৯০০/দিঘীপাড়া/১৮/৪৯২;	আপত্তিটি ত্রি-পক্ষীয় সভায় নিস্পত্তির জন্য প্রেরণ করা হয়েছে।

ক্রমিক নং	আপত্তির বিবরণ	আপত্তির জবাব	বর্তমান অবস্থা
	হতে বিধি মোতাবেক উৎসে আয়কর কর্তন না করায়/কম কর্তন করায় রাজস্ব বাবদ সরকারের ১,৪৮,৬৮,৯৩৭/- (এক কোটি আটচল্লিশ লক্ষ আটষট্টি হাজার নয়শত সাইত্রিশ) টাকা আর্থিক ক্ষতি হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর পরিপত্র-১/২০১৭-১৮ এর পরিশিষ্ট-২১ এর ক্রমিক নং-১ এবং আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সেকশন ৫২ এএ অনুযায়ী অনিবাসী কনসালটেন্সী সার্ভিসের ক্ষেত্রে ২০% হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। তাছাড়া আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সেকশন ৫৬-এর সাব সেকশান-১ এ বর্ণিত টেবিল অনুযায়ী অনিবাসীদের আয়ের ক্ষেত্রে ২০% হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। কিন্তু বিল ভাউচার, চুক্তিপত্র, বাজেট ও সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি হতে পরিলক্ষিত হয় যে, আলোচ্য ক্ষেত্রে উক্ত নির্দেশনা উপেক্ষা করে পরশিষ্টে বর্ণিত অনিবাসী কনসালটেন্সী সার্ভিসের বিল হতে বিধি মোতাবেক উৎসে আয়কর কর্তন না করায়/কম কর্তন করায় রাজস্ব বাবদ সরকারের উক্ত ক্ষতি সাধিত হয়েছে। **অনিয়মের কারণঃ** জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর পরিপত্র ১/২০১৭-১৮ এর পরিশিষ্ট-২১ এর ক্রমিক নং-১ এবং আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সেকশন ৫২ এএ এবং আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সেকশন ৫৬-এর সাব সেকশান-১ এ বর্ণিত টেবিল অনুযায়ী অনিবাসীদের আয়ের ক্ষেত্রে ২০% হারে উৎসে আয়কর কর্তন/জমা করা হয়নি। **নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ** আপত্তিটি গ্রহণ ও জবাব প্রদান হতে বিরত ছিল। **নিরীক্ষা মন্তব্যঃ** "Feasibility Study for Development of Dighipara Coal Field at Dighipara, Dinajpur" শীর্ষক প্রকল্পের ১ম সংশোধিত প্রকল্পের বাজেট কোষাগারে জমা দেয়ার মত বরাদ্দ না থাকায় বিল পরিশোধের সাথে জড়িত কর্মকর্তাদের নিকট হতে ক্ষতির টাকা আদায় করা আবশ্যক। বিষয়টি গুরুতর আর্থিক অনিয়ম। **নিরীক্ষার সুপারিশঃ** আপত্তিতে উল্লেখিত ১,৪৮,৬৮,৯৩৭/- বিল পরিশোধের সাথে জড়িত কর্মকর্তাদের নিকট হতে জরুরী ভিত্তিতে আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করে প্রমাণকসহ নিরীক্ষা অফিসে জবাব প্রেরণ করা আবশ্যক।	৮-১-২০১৯ তারিখে স্পস্টিকরণের অনুরোধ জানালে আয়কর উইং, জাতীয় রাজস্ব বোর্ড হতে সংযুক্ত পত্র নং-০৮.০১.০০০০.০৩১.০২.৮০০.২০১৯/৩৬, তারিখ: ৩১-০১-২০১৯ দ্বারা বিসিএমসিএল'কে অবহিত করা হয় যে 'করনীতি উইং কর্তৃক বিষয়টি পরীক্ষা করা হয়েছে। আলোচ্য ক্ষেত্রে Income Tax Ordinance, 1984 এর Section 56 এর Sub-Section 1 এ বর্ণিত Table এর Sl. No. 24 অনুসারে উৎস কর কর্তন করতে হবে।' কর উইং এর মতামতের আলোকে Income Tax Ordinance, 1984 এর Section 56 এর Sub-Section 1 এ বর্ণিত Table এর Sl. No. 24 অনুসারে অত্র প্রকল্পের চুক্তির সকল বিলের বিপরীতে ৫.২৫% হারে উৎসে আয়কর কর্তন করে যথারিতী সরকারী কোষাগারে পরিশোধ করা হয়েছে। বর্ণিত জবাব এবং প্রমাণকের আলোকে আপত্তিটি নিস্পত্তির জন্য সুপারিশ করা হয়েছিলো।	

২৫। <u>প্রকল্প বাস্তবায়ন সমস্যা :</u>

২৫.১ দিঘীপাড়া ফিজিবিলিটি স্টাডি প্রকল্পটি ২৪ বর্গকিলোমিটার এলাকা জুড়ে বাস্তবায়িত হয়েছে। এই এলাকাটি সম্পূর্ণরুপে একটি গ্রাম্য এলাকা। প্রকল্প এলাকায় প্রায় ৩০ হাজার লোকের বসবাস। সুতরাং এ সকল এলাকাবাসির আস্থা অর্জন করে প্রকল্প বাস্তবায়নে অত্যন্ত কৌশলগত অবস্থা অবলম্বন করতে হয়েছে। প্রকল্প বাস্তবায়নে ব্যবহৃত মালামাল এবং যন্ত্রপাতিসমূহ এবং বিশেষজ্ঞ বিশ্বের বিভিন্ন দেশ থেকে আমদানি করতে হয়েছে, যেমন: ভারত, আরব আমিরাত, ফিলিপাইন, দক্ষিণ কোরিয়া, যুক্তরাজ্য, জার্মানী, অস্ট্রিয়া, অষ্ট্রেলিয়া, ফ্রান্স, ক্রোয়েশিয়া, স্পেন, ইত্যাদি। এ সকল দেশ থেকে আমদানি প্রক্রিয়া সম্পন্ন করতে অতিরিক্ত সময়ের প্রয়োজন হয়েছে। প্রকল্প এলাকার অধিকাংশ রাস্তাঘাট কাঁচা এবং মেঠোপথ হওয়ায় এই সকল রাস্তা দিয়ে ড্রিলিং রিগের মত ভারি যন্ত্রপাতি পরিবহন অত্যন্ত ঝুঁকিপূর্ণ ছিল যা

প্রকল্প বাস্তবায়নে একটা বড় অন্তরায়। তাছাড়া সুষ্ঠু কার্যক্রম সম্পদনে এলাকাবাসির প্রতিরোধের মুখে পড়াটাও প্রকল্প বাস্তবায়নে অনেকটা অনিশ্চিত হয়ে পড়েছিল।

২৫.২ প্রকল্পের কাজ চলমান অবস্থায় প্রকল্প এলাকায় কিছুটা জন-অসন্তোষ দেখা দিলে কনসোর্টিয়াম নিরাপত্তার স্বার্থে কাজে বিরতি দেয়। পরবর্তিতে এলাকার জনপ্রতিনিধি এবং প্রশাসনের সহযোগীতায় উদ্ভূত পরিস্থিতি নিয়ন্ত্রণ করে কয়েক সপ্তাহের বিরতির পর পুনরায় প্রকল্পের কাজ শুরু করা হয়।

২৫.৩ প্রকল্পের বোরহোল ড্রিলিং কাজে ব্যবহারের জন্য ভারত হতে পেট্রাপোল-বেনাপোল বন্দর হয়ে তিনটি ড্রিলিং রিগ সংগ্রহ করা হয়। বেনাপোল বন্দর হতে ড্রিলিং রিগসমূহ কাষ্টম জটিলতা হেতু খালাসকরণের জন্য প্রায় আড়াই মাস সময়ের প্রয়োজন হয়। নভেম্বর ২০১৭ মাসের শেষ সপ্তাহে রিগসমূহ পেট্রাপোল বন্দরে পৌছালেও তা ফেব্রুয়ারী ২০১৮ মাসের ২য় সপ্তাহে ছাড়করণ সম্ভব হয় এবং ১৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে প্রকল্পের ড্রিলিং শুরু হয়।

২৫.৪ মূলত জিএসবি হতে প্রাপ্ত ডাটা উপাত্তের উপর ভিত্তি করে বোরহোলের ডিজাইন করা হয়। কিন্তু বোরহোল খননকালে উচ্চমাত্রার আর্টেসিয়ান প্রেসার, স্যান্ড বয়লিং, ভূ-গর্ভে ড্রিলরড স্টাক হয়ে যাওয়াসহ নানামুখি কারিগরি সমস্যার সম্মুখিন হয়েছিল। এমতাবস্থায় দ্রুত ডিজাইন পরিবর্তন, সে অনুযায়ী বিভিন্ন দেশ যেমন: ভারত, ফিলিপাইন, আরব আমিরাত, যুক্তরাজ্য, জার্মানী, অষ্ট্রিয়া, ইত্যাদি রাষ্ট্র হতে সরঞ্জামাদি এবং বিশেষজ্ঞ জনবল সংগ্রহকরণ এবং মাড কোয়ালিটি পরিবর্তন করে উদ্ভূত পরিস্থিতি নিয়ন্ত্রণ করা হয়েছিল। এ প্রেক্ষিতে ড্রিলিং-এ অতিরিক্ত সময় ব্যয় হয়েছে।

২৬। এক নজরে পরিদর্শনের কিছু স্থির চিত্র:

<table>
<tr><td></td><td></td></tr>
<tr><td>দিঘীপাড়া প্রকল্প সম্পর্কিত উপস্থাপনা</td><td>দিঘীপাড়া কোল ফিল্ডে বোরহোল পরিদর্শন</td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td>দিঘীপাড়া কোল ফিল্ডে ৩-ডি সার্ভে সম্পর্কিত ব্রিফিং-১</td><td>বোরহোল ড্রিলিং-২</td></tr>
</table>

	
৩-ডি সাইসমিক সার্ভে হোল ড্রিলিং	**কোর ড্রিলিং এর মাধ্যমে কোল স্যম্পল কালেকশন**

২৭। সুপারিশসমূহ:

২৭.১ এজি অডিট অফিস কর্তৃক প্রকল্পের অডিট কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। অডিট আপত্তির ব্রডশীট জবাবে ৩ (তিন) টি অডিট আপত্তির মধ্যে ১ (এক) টি অডিট আপত্তি নিষ্পত্তি সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ২ (দুই) টি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করত: নিষ্পন্নের প্রমাণক ১৫ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে আবশিকভাবে আইএমইডি'তে প্রেরণ করতে হবে;

২৭.২ প্রকল্পটির ফিজিবিলিটি স্টাডি কার্যক্রমের ফলাফলের প্রেক্ষিতে গৃহিত একটি ভূ-গর্ভস্ত পদ্ধতির কয়লা খনি নির্মাণের জন্য বিপুল পরিমাণ অর্থ বিনিয়োগ করতে হবে বিধায় খনি নির্মাণের পূর্বে এই ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদনটি অপর একটি পরামর্শক প্রতিষ্ঠান দ্বারা রিভিউ করে খনি নির্মাণ কার্যক্রম গ্রহণ করা যেতে পারে;

২৭.৩ দিঘীপাড়া কয়লা খনি নির্মাণকালে ফিজিবিলিটি স্টাডি হতে প্রাপ্ত Environmental Impact Assessment (EIA) ও Environmental Management Plan (EMP) স্টাডি অনুযায়ী এ সংক্রান্ত প্রতিবেদন পত্র সূত্র নং: ২৮.১২.০০০০.৩২১.১৪.০১/২০৩২, তারিখ: ২৩ জুন ২০২০'তে পরিবেশ অধিদপ্তরে জমা প্রদান করা হয়। এ প্রেক্ষিতে পরিবেশ অধিদপ্তর হতে খনি নির্মাণের লক্ষ্যে পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র গ্রহণ করে ১৫ জানুয়ারি ২০২২ এর মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে;

২৭.৪ এ প্রকল্পের আওতায় সংগৃহীত কম্পিউটার সামগ্রী ও অফিস ফার্নিচারসমূহের গায়ে প্রকল্পের নামখঁচিত স্টিকার লাগিয়ে আইএমইডি'কে অবহিত করতে হবে।

২৮। উপরোক্ত সুপারিশের আলোকে গৃহিত ব্যবস্থাদির বিষয়ে আগামী ১৫ (পনেরো) জানুয়ারি ২০২২ এর মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে আইএমইডি'কে অবহিত করতে হবে।

রূপকল্প-১ খনন প্রকল্পঃ ২টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ইস্ট-১ ও সালদা নর্থ-১) (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০২০)

১। পরিদর্শনকারী কর্মকর্তার নাম : মোঃ আমিনুল হক, পরিচালক (উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১, আইএমই বিভাগ।

২। পরিদর্শনের তারিখ : ১২ ও ১৩ মার্চ, ২০২১

৩। প্রকল্পের নাম : "রূপকল্প-১ খনন প্রকল্পঃ ২টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ইস্ট-১ ও সালদা নর্থ-১) (২য় সংশোধিত)।

৪। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৫। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) (পেট্রোবাংলার একটি কোম্পানী)

৬। প্রকল্পের অবস্থান :

বিভাগ	জেলা	উপজেলা
০১	০২	০৩
চট্টগ্রাম	কুমিল্লা	মুরাদনগর
	ব্রাহ্মণবাড়িয়া	কসবা

৭। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন কাল:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃতব্যয় সর্বমোট টাকা	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের%)
মূল সর্বমোট টাকা	সর্বশেষ সংশোধিত সর্বমোট টাকা		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪৭,৭৮৩.০০	১৬,২০৯.০০	১৪৪২৫.০৮ (৮৮৪৭.৭৫)	জুলাই, ২০১৬-জুন, ২০১৮	জুলাই, ২০১৬-জুন, ২০২০	জুলাই,২০১৬ - জুন, ২০২০	-৬৬.০৭% হ্রাস পেয়েছে	+২ বছর (+১০০ %)

৮। **প্রকল্পের অর্থায়ন:** গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) হতে ব্যয় নির্বাহ।

৯। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমঃ

প্রকল্পের আওতায় প্রধান প্রধান কার্যক্রম সমূহ হচ্ছে-

i) Land Requisition (ভূমি অধিযাচন)

ii) Land Development (ভূমি উন্নয়ন)

iii) Rig materials Collects and instatllation

iV) Rig Foundation Development

v) Procurement of Drill Equipment/Engg. Materials (ড্রিল মেশিন ও প্রকৌশল যন্ত্রপাতি ক্রয়)

vi Procurement of Hiring 3rd party service (তয় পক্ষের সেবা গ্রহণ)

vii) Drilling Rig Shifting (ড্রিলিং রিগ স্থানান্তর)

viii) Drilling operation (ড্রিল অপারেশন)

ix) Drill Steam Testing (DST) (ড্রিল স্টিম টেস্টিং)

১০. অঙ্গভিত্তিক অগ্রগতি: (সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুসরণে):

(লক্ষ টাকা)

ইকনমিক সাবকোড (চলতি রাজস্ব)	ইকনমিক সাবকোড বর্ণনা (বিস্তারিত) (সরবারহ ও সেবা)	একক	২য় সংশোধিত ডিপিপি			
			আরডিপিপি/টিএপিপ অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব (পরিমাণ/সংখ্যা)	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
৩১১১৩১২	টেলিফোন/মোবাইল/ইন্টারনেট		থোক	১.৫০	-	১.১৫
৩১১১৩৩২	(ক) দরপত্র মূল্যায়নের সম্মানি ভাতা		থোক	৪২.০০		৩৬.৩৫
	(খ) কমিটি'র সভার সম্মানি ভাতা/কমিশন		থোক	৬.২০		৪.৪২
৩১১১৩৩৮	অন্যান্য ভাতা (ফিল্ড মেসিং, যাতায়াত ইত্যাদি)		থোক	১৭৫.০০		১৬৭.৫৭
৩২১১১০৩	ফসল, গাছ, স্থাপনা ইত্যাদি/ভূমি অধিযাচন বাবদ ক্ষতিপূরণ	একর	১৪	১২৫.০০		১০১.৪০
৩২১১১০৬	আপ্যায়ন ব্যয়		থোক	৬.০০		৫.৯৫
৩২১১১০৭	হায়ারিং চার্জ					
	ক) গাড়ী ভাড়া	সংখ্যা	৩	১২০.০০	১	৬৩.২১
	খ) তৃতীয় পক্ষীয় সেবা					
	১) ওয়ার লাইন লগিং সার্ভিস	লট	২	৯৮৭.০০	২	৯৮৭.০০
	২) ড্রিল স্টিম টেস্টিং এবং সারফেস টেস্টিং সার্ভিসেস (ডিএসটি)	লট	২	৩৩২.০০	২	৩৩২.০০
	৩) সিমেন্টশন সার্ভিস ইউনিটসহ সিমেন্টিং সার্ভিসেস/সিমেন্টিং ব্যাক অ্যাপ সার্ভিসেস	লট	২	২১১.০০	২	২১১.০০
	৪) স্লিক লাইন সার্ভিসেস	লট	২	২০.০০	২	২০.০০
	৫) ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস/অপারেশন এন্ড মেইন্টেনেস সার্ভিসেস	লট	৩	৪০০.০০	১	৩৪৬.০০
	৬) লস্ট ইন হোল সার্ভিসেস	লট	১	৪৭৩.০০		
	৭) মাড লগিং সার্ভিসেস	লট	১	১২৯.০০	১	১২৮.০০
	মোট (তৃতীয় পক্ষীয় সেবা)			২,৫৯২.০০		
৩২১১১০৯	শ্রমিক মজুরী					
	ক) অস্থায়ী শ্রমিক		থোক	৩৪৫.০০	১৬১	৩৪৪.৭৫
	খ) অস্থায়ী নিরাপত্তা প্রহরী		থোক	৫০.০০	১৬	৪১.১৪
৩২১১১১৭	ইন্টারনেট/ফ্যাক্স		থোক	০.৮০	-	০.১৫
৩২১১১২৫	প্রচার ও বিজ্ঞাপন ব্যয়		থোক	৮.০০	-	৭.৯৯

ইকনমিক সাবকোড (চলতি রাজস্ব)	ইকনমিক সাবকোড বর্ণনা (বিস্তারিত) (সরবারহ ও সেবা)	একক	২য় সংশোধিত ডিপিপি			
			আরডিপিপি/টিএপিপ অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব (পরিমাণ/সংখ্যা)	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
৩২১১১২৯	অফিস ভবন ভাড়া (গোডাউন, ভূমি ও ক্যাম্প)		থোক	১০.০০	-	১.১০
৩২১১১০৩	প্রাক জাহাজীকরণ পরিদর্শন ফি		থোক	৩০.০০	-	৩০.০০
৩২১১১০৬	পরিবহন ব্যয় (রিগ ও অন্যান্য সরঞ্জাম)		থোক	৭৫.০০	-	৬৭
৩২১১১০৭	অনুলিপি ব্যয়, বাধাঁই		থোক	২.০০	-	১.৯০
৩২১১১০৮	ব্যাংক চার্জ (আমদানীকৃত মালামাল, তৃতীয়পক্ষে সেবা এবং কেমিক্যাল এর উপর)		থোক	১১০.০০	-	৬৭.৮২
৩২২১১১০	বন্দর চার্জ (জেটি ব্যয়		থোক	১৫৩.০০	-	১৫৩.০০
৩২২১১১০	কমিশন (সি এন্ড এফ ব্যয়)		থোক	৩৮.০০	-	৩৮.০০
৩২৪৩১০১	পেট্রোলিয়াম ও অন্যান্য লুব্রিকেট (পিওল)		থোক	১,১০২.০০	-	১১০০.৪১
৩২৫৫১০১	কম্পিউটার সামগ্রী (প্রিন্টার, স্ক্যানার, ইউপিএস, মডেম, কার্টিজ ইত্যাদি)		থোক	২.০০	-	১.৪৯
৩২৫৫১০৫	অন্যান্য মনিহারী (স্টেশনারী সমাগ্রী)		থোক	৬.০০	-	৬.০০
			মোট	১,৯৩১.৮০		
৩২৫৬১০২	রাসায়নিক (আমদানীতব্য)					
	ক) এপিআই ক্লাস জি সিমেন্ট	লট	২	৯৮.৭০	২	৯৮.৭০
	খ) সিমেন্ট এডিটিভস	লট	২	১১৮.৫০	২	১১৮.৫০
	গ) মাড ও কমপ্লিশন কেমিক্যালস	লট	২	৮১১.৮০	২	৮১১.৮০
৩২৫৭১০৪	জরিপ (ইআইএ)	সংখ্যা	২	৮.৫০	২	৮.৩০
৩২৫৭৩০২	চিকিৎসা ব্যয়	থোক		২.০০	২	১.৪০
৩২৫৮১০১	মটরযান (মেরামত ও রক্ষণাবেক্ষণ)	থোক		৪০.০০	-	৩৯.৭৪
৩২৫৮১০৫	পুরাতন ক্যারাভান মেরামতও রক্ষণাবেক্ষন	থোক		২২.০০	-	২১.৪৩
৩২৫৮১০৮	যন্ত্রপাতি ও সরঞ্জাম মেরামতও রক্ষণাবেক্ষন	থোক		৪০.০০	-	৩৯.৫৮
৩২৫৮১২৯	অন্যান্য (স্থানীয়ভাবে ক্রয়তব্য মালামাল, সরঞ্জাম, খুচরা যন্ত্রাংশ ও কনজুমেবল আইটেম)	লট	২০	১৩০.০০	-	১২৯.২৪
৩৮২১১০৪	ভ্যাট		থোক	৩৯৪.০০	-	৩৯৪.০০
৩৮২১১২৫	আয়কর (এআইটি)		থোক	৭২১.০০	-	৬৯৩.৪২
৩৮২১১২৬	(ক) বীমা (আমদানীকৃত মালামাল এবং কেমিক্যাল এর উপর ৩%)		থোক	২১০.০০	-	১৬০.০০
	(খ) এক্সপ্লোরেশন বীমা		থোক	২৫.০০	-	
	উপমোট (রাজস্ব):			৭,৬২১.০০ (৩,৬২১.০০)		
৪১১১৩০৪	গ্রামীণ সড়ক ও অন্যান্য অবকাঠামো নির্মাণ (বক্স কালর্ভাট, আর সিসি	ঘ.মি/ ব.মি	থোক.	১53.6০ (2টি	-	১৪৫০.৭৫

ইকনমিক সাবকোড (চলতি রাজস্ব)	ইকনমিক সাবকোড বর্ণনা (বিস্তারিত) (সরবারহ ও সেবা)	একক	২য় সংশোধিত ডিপিপি			
			আরডিপিপি/টিএপিপ অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব (পরিমাণ/সংখ্যা)	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
	পাইপ প্লেসি সহ সংযোগ রাস্তা)			পুর্তকাজ একসাথে ধরে)		
৪১১২২০২	কম্পিউটার/ল্যাপটপ (প্রিন্টার, টোনার, ইউপিএস, স্ক্যানার, ইত্যাদি	সেট	৫	৫.০০	৫	৪.৬১
৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জামদি (ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি, সরঞ্জাম এবং বিলসহ আইবি কানেকশন ইত্যাদি)	লট	২০	১৪০.০০	২০	১৩৮.৪৯
৪১১২৩০৪	প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি -		-			
	অ) ড্রিলিং যন্ত্রপাতি সংগ্রহ					
	১) ড্রিল পাইপ	লট	১	৬০৪.০০	১	৬০৪.০০
	২) ড্রিল কলার, এইচডাব্লিউডিপি	লট	১	১,১০৯.০০	১	১,১০৯.০০
	৩) কেসিং (বিভিন্ন সাইজ)	লট	২	১,১২৫.০০	২	১,১২৫.০০
	৪) ওয়েলহেড এন্ড ক্রিসমাস ট্রি ও ওয়েল হেড কন্ট্রোল প্যানেল	লট	২	৩৭৯.০০	২	৩৭৯.০০
	৫) ড্রিল বিট (বিভিন্ন সাইজ)	লট	২	১৯৭.০০	২	১৬৮.০০
	৬) কেসিং এক্সেসরিজ ও লাইনার হেংগার	লট	২	২১২.০০	২	১০১.০০
	৭) ড্রিল স্ট্রিং হেন্ডেলিং কম্পোনেন্ট	লট	১	২০০.০	১	২০০.০০
	৮) ড্রিল ফ্লোর হেন্ডেলিং টুলস এন্ড স্পেয়ারস	লট	১	১৪২.০০	১	১৪২.০০
	৯) ওয়েল সার্ভিসিং টুলস	লট	১	১০৭.০০	১	১০৭.০০
	১০) রিগ ইন্সটুমেন্টেশন স্পেয়ার	লট	১	১৩০.০০	১	১৩০.০০
	১১) ওয়েল সার্ভিসিং টুলস	লট	১	৬৪.০০	১	৬৪.০০
	১২) বিবিধ যন্ত্রপাতি	লট	১	২৯০.০০	১	২৯০.০০
	১৩) ওয়েল কম্পিশন যন্ত্রপাতি ও ব্রিজ প্লাগ	লট	২	২০৬.০০	১	৮৯.০০
	১৪) প্রকিউরমেন্ট অব ডাটা একুইজেশন ইকুইপমেন্ট ফর মাড লগিং ইউনিট	লট	১	৩৭০.০০	১	৩৭০.০০
	আ) রিগ যন্ত্রপাতি					
	১) ওভার হোলিং/রানিং স্পেয়ারস এবং রিগ যন্ত্রপাতি	লট	৩	৮২৬.০০	২	৩১১.০০
	২) রানিং ইলেক্ট্রিক্যাল যন্ত্রপাতি এবং সরঞ্জাম	লট	৩	৪৪২.০০	৩	৪৪২.০০
	৩) ১টি বাউযার ক্রয় ও স্পেয়ার পার্টস ক্রয় (যানবাহন রক্ষণাবেক্ষণের জন্য)	লট	৩	২৬৩.০০	২	১৪৪.০০ (১২৩.০০)
৪১১২৩০৫	অগ্নি নির্বাপক সরঞ্জামাদি (ফায়ার	লট	২	৫.০০	২	১.৯৮

	ফাইটিং বিলসহ)					
৪১১২৩১০	অফিস সরঞ্জামাদি (ফটোকপিয়ার, ক্যালকুলেটর, ফ্যাক্স মেশিন ইত্যাদি)	লট	২	৩.৫০	২	২.০১
৪১১২৩১৪	আসবাবপত্র	লট	২	৭.০০	২	৬.৯৮
৪১৪১১০১	ভূমি অধিগ্রহণ/অধিযাচন (কূপ এলাকা, এপ্রোচ রোড, মাড পিট ইত্যাদি)			-		
৫১১১১০৪	ভূমি উন্নয়ন (কূপ এলাকায় মাটি ভরাটের মাধ্যমে ভূমি উন্নয়ন কম্পেকশনসহ)	ঘ.মি:	থোক	২২৫.০০	-	২২২.৯৫
	উপমোট (মূলধন)			৮,৫৮৮.০০ (৬,৬১৬.০০)		৭,৬০৩.৫১ (৫,৭৫৪.৭৫)
	সর্বমোট:			১৬,২০৯.০০ (১০,২৩৭.০০)		১৪,৪২৫.০৮ (৮,৮৪৭.৭৫)

প্রকল্পের আর্থিক অগ্রগতি: ৮৯.৯৯৪% এবং বাস্তব অগ্রগতি : ১০০%।

১১। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: অসমাপ্ত নাই।

১২। প্রকল্প গ্রহণের পটভুমি:

২০২১ সাল বাংলাদেশের ৫০ বছর স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী। ২০২১ কে সামনে রেখে সরকার প্রতিটি সেক্টরে রুপকল্প-২১ নির্ধারণ করেছে ,যার মাধ্যমে সরকার দীর্ঘ মেয়াদে দেশকে একটি উন্নতিশীল জাতিতে রুপান্তরের চ্যালেঞ্জ নির্ধারণ করেছে। বাংলাদেশের এনার্জি সেক্টরে প্রাকৃতিক গ্যাস খুবই গুরুত্বপূর্ণ । বাপেক্স-এর নিজস্ব লক্ষ্যমাত্রা সেট করা হয়েছে যা সরকারের লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক। সে লক্ষ্যে ২০১৬-২০১৮ সালের মধ্যে বাপেক্স এর ২৩ টি কূপ অনুসন্ধানসহ ৩৬ টি কূপ খনন, ৩টি কূপ উন্নয়ন ও ১০ টি ওয়ার্কওভার নির্মাণ করার পরিকল্পনা হাতে নিয়েছে। সে জন্য ৩১ জানুয়ারি, ২০২০ বাপেক্সের কর্মকর্তার দ্বারা শ্রীকাইল ইস্ট-১ এ ১৮ মার্চ ,২০২০ সালে বাংলাদেশের ২৮ তম গ্যাস উত্তোলন কুপ খনন করতে সক্ষম হয়। শ্রীকাইল ইস্ট-১, ১৯৯১-৯২ সালে মাঠ মৌসুমে বাপেক্স ১২ ফোল্ডের দ্বি-মাত্রিক সাইসমিক জরিপ করে এবং সালদা নর্থ-১, ১৯৯১-৯২ ও ১৯৯৬-৯৭ সালে মাঠ মৌসুমে বাপেক্স যথাক্রমে ১২ ফোল্ড ও ৩০ ফোল্ডের দ্বি-মাত্রিক সাইসমিক জরিপ করে। ভূপদার্থ ও ভূতাত্ত্বিক তথ্য উপাত্ত বিশ্লেষণ করে জুলাই, ২০১৭ সালে শ্রীকাইল ইস্ট-১ ও সালদা নর্থ-১ নামে অনুসন্ধান কূপের প্রস্তাবনা প্রণয়ন করা হয়, যা বাপেক্সের জি এন্ড জি কমিটি কর্তৃক অনুমোদিত হয়।

১৩। প্রকল্পের উদ্দেশ্য (ডিপিপি অনুযায়ী):
প্রকল্পের উদ্দেশ্যে হলো ০২ টি অনুসন্ধান কূপ শ্রীকাইল ইস্ট-১ (গভীরতা ±৩৫০০ মিটার) ও সালদা নর্থ-১ (গভীরতা ২৮১৫ মিটার) খননের মাধ্যমে গ্যাসের মজুদ নতুন প্রায় ১২০ বিসিএফ এবং দৈনিক প্রায় ১১.৫ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন বৃদ্ধি।

১৪। **কার্যপরিধির পরিবর্তন (Change of Scope):**
বাপেক্স এর রূপকল্পের ৩টি প্রকল্পের আরডিপিপি অনুমোদন সংক্রান্তে ০৯-০৭-২০১৮ তারিখে অনুষ্ঠিত জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগে অনুষ্ঠিত সভায় “রূপকল্প-২ খনন প্রকল্প”, “রূপকল্প-৩ খনন প্রকল্প” এবং “রূপকল্প-৫ খনন প্রকল্প” শীর্ষক ৩টি প্রকল্পের ১ম সংশোধিত প্রকল্পের ডিপিপি বিবেচনার জন্য “নিজস্ব তহবিলে বাস্তবায়নযোগ্য প্রকল্প প্রস্তাব বিবেচনার জন্য কমিটি” এ সভায় বাপেক্সের রূপকল্পের আওতায় গৃহীত সংশ্লিষ্ট প্রকল্পের প্রস্তাবিত কূপসমূহের তথ্য-উপাত্ত পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ করে, শর্তযুক্ত কূপসমূহ পরিহার করে লোকেশন প্রাপ্ত কূপসমূহের সমন্বয়ে জোনভিত্তিক প্রকল্প গ্রহণের জন্য একটি সমন্বিত ও বাস্তবসম্মত কর্ম পরিকল্পনা প্রণয়ন করার নির্দেশনা প্রদান করা হয়। সে অনুযায়ী বাপেক্স ১৩-০৯-২০১৮ তারিখের কারিগরি সভায় রূপকল্প-১ খনন প্রকল্পের অধীনে খননতব্য ০৩ টি অনুসন্ধান কূপ

(হারারগঞ্জ-১, সালদা নর্থ-১) ও ২টি উন্নয়ন কূপ (কসবা-২ ও শ্রীকাইল নর্থ-২) এর মধ্যে হারারগঞ্জ-১ অনুসন্ধান কূপ এর পর্যাপ্ত বিজ্ঞানসম্মত তথ্য-উপাত্ত না থাকায় এ কূপটি বাদ দেয়া হয় এবং কসবা-২ ও শ্রীকাইল নর্থ-২ উন্নয়ন কূপ ২টি শর্তযুক্ত হওয়ায় মোট ৩টি কূপ প্রকল্প হতে বাদ দেয়ার সিদ্ধান্ত হয়। অবশিষ্ট ২টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ইস্ট-১ ও সালদা নর্থ-১) বাপেক্সের নিজস্ব খনন রিগ দিয়ে খননের লক্ষ্যে আরডিপিপি পুনর্গঠনের সদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে চলমান এ প্রকল্প হতে ৩টি কূপ বাদ দিয়ে প্রকল্পের শিরোনাম "রূপকল্প-১ খনন প্রকল্প: ০২টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ইস্ট-১ ও সালদা নর্থ-১)" নির্ধারণ করে ২য় সংশোধিত ডিপিপি প্রণয়ন করা হয়।

১৫। **ব্যয় সংশোধন:**

প্রকল্পের অনুমোদিত ডিপিপি'তে ০৩টি অনুসন্ধান কূপ ও ০২টি উন্নয়ন কূপ খননের জন্য ৪৩০৭৮ লক্ষ টাকা বরাদ্দ। ০১টি অনুসন্ধান কূপ (হারারগঞ্জ-১) ও ০২টি উন্নয়ন কূপ (কসবা-২ ও শ্রীকাইল নর্থ-২) খনন কার্যক্রম অত্র ডিপিপি হতে বাদ দেয়ার সিদ্ধান্ত হওয়ায় ব্যয় উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে। প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি'র প্রাক্কলিত ব্যয় ন.বৈ.মু ১০২৩৭.০০ লক্ষ টাকাসহ মোট ১৬২০৯.০০ লক্ষ টাকা যা মূল ডিপিপির মোট প্রাক্কলিত ব্যয় হতে ৩১৫৭৪.০০ লক্ষ টাকা বা ৬৬.০৭% কম।

১৬। **প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:**

নির্ধারিত ০৩টি অনুসন্ধান কূপ (হারারগঞ্জ-১, সালদা নর্থ-১, শ্রীকাইল ইস্ট-১) ও ০২টি উন্নয়ন কূপ (কসবা-২ ও শ্রীকাইল নর্থ-২) খনন কার্যক্রম ডিসেম্বর ২০১৮ এর মধ্যে সম্পন্ন করার জন্য ১ম সংশোধিত ডিপিপিতে নিদিষ্ট থাকলেও শুধুমাত্র সালদা নর্থ-১ অনুসন্ধান কূপের খনন কার্যক্রম অক্টোবর ২০১৮ মাসে সম্পন্ন হয়েছে। সালদা নর্থ-০১ অনুসন্ধান কূপ খনন কাজ অক্টোবর ২০১৮ মধ্যে সম্পন্ন হলেও শ্রীকাইল ইষ্ট-১ অনুসন্ধান কূপের লোকেশন মার্চ ২০১৭ তে প্রাপ্তির পর ভূমি অধিগ্রহণের দীর্ঘ সূত্রিতায় ০৯ জানুয়ারি ২০১৮ তে ভূমি বুঝে পাওয়া যায়। বিশেষ বিধানের আওতায় ক্রয় প্রক্রিয়া করে খনন এলাকার ভূমি উন্নয়ন কাজ জুন ২০১৮ তে শেষ হয়। অবকাঠামো নির্মাণ কাজের ক্রয় প্রক্রিয়া প্রক্রিয়াগত জটিলতায় তখনও সম্পন্ন করতে না পারায়, ফলে রিগ ফাউন্ডেশন ও মেশিনারি ফাউন্ডেশন এর কাজ শেষ হলেও অন্যান্য অবকাঠামো নির্মাণ কাজ আরম্ভ করতে বিলম্ব হয়। একই কারণে কূপ খনন কাজের জন্য প্রয়োজনীয় বৈদেশিক খনন/রিগের যান্ত্রিকও তড়িৎ মালামাল এবং তৃতীয় পক্ষ সেবাসমূহের ক্রয় প্রক্রিয়া দীর্ঘায়িত হয়। ফলে অবশিষ্ট কার্যক্রম সম্পন্ন করতে আগস্ট ২০১৯ পর্যন্ত সময়ের প্রয়োজন হয়। এ সকল কারণে শ্রীকাইল ইস্ট-১ অনুসন্ধান কূপ খনন কাজ সেপ্টেম্বর ২০১৯ এ শুরু করে ফেব্রুয়ারি ২০২০ এ সম্পন্নকরণ এবং কূপের তৃতীয় পক্ষীয় সেবার বিল পরিশোধসহ আনুষঙ্গিক কার্য সম্পন্ন করতে জুন ২০২০ পর্যন্ত সময়ের প্রয়োজন হয় বলে প্রকল্প পরিচালক অবহিত করেন।

১৭। প্রকল্প অনুমোদন এবং সংশোধন:

প্রকল্পের মূল প্রাক্কলিত ব্যয় ৪৭৭,৮৩.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১৬- ডিসেম্বর,২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক ২২/০৯/২০১৬ তারিখে অনুমোদিত হয়। গত ০৩/০৪/২০১৮ তারিখে প্রাক্কলিত ব্যয় হ্রাস করে ৪৩০,৭৮.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১৬- ডিসেম্বর,২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য ১ম সংশোধন হয়। এবং গত ১০/০৬/২০১৯ তারিখে প্রাক্কলিত ব্যয় পুনরায় আরও হ্রাস করে ১৬২,০৯.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১৬- জুন,২০২০ মেয়াদে বাস্তবায়নের জন্য ২য় সংশোধন করা হয়।

১৮। প্রকল্পের সার্বিক অগ্রগতি: সার্বিক ভৌত অগ্রগতি ১০০% এবং আর্থিক অগ্রগতি ৮৯.৯৯%।

অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিএপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থ ছাড় ও বাস্তবায়ন অবস্থা : (লক্ষ টাকা)

অর্থ বছর	এডিপি/আরএডিপি বরাদ্দ			জিওবি অর্থ ছাড়	ব্যয়		
	মোট	টাকা	পিএ		মোট	টাকা	পিএ
১	২	৩	৪	৫	৬	৭	৮
২০১৬-২০১৭	১১২.০০ (-)			১১২.০০ (-)	১০৬.৬১ (-)	১০৬.৬১ (-)	
২০১৭-২০১৮	৮৪৬১.০০ (৫৪১০.০০)			৮৪৬১.০০ (৫৪১০.০০	৮০৬৬.৫২ (৫৪১০.০০	৮০৬৬.৫২ (৫৪১০.০০)	

				)	)		
২০১৮-২০১৯	৩১৩৭.০০ (১৫৬৬.০০)			২৬৮৭.০০ (১৫৫৭.০০)	২৫৭৮.৪৪ (১৫৫৭.০০)	২৫৭৮.৪৪ (১৫৫৭.০০)	
২০১৯-২০২০	৪৬৭৭.০০ (২৭৫০.০০)			১৭৯২.০০ (৪৭৯.০০)	৩৬৭৩.৫১ (১৮৮০.৭ ৫)	৩৬৭৩.৫১ (১৮৮০.৭৫)	

১৯। প্রকল্প মূল্যায়ন প্রক্রিয়া :

বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতায় বাংলাদেশ তৈল,গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা/বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশনের এন্ড প্রডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স) কর্তৃক বাস্তবায়িত "রুপকল্প-১ খনন প্রকল্প" ২টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ইস্ট-১ ও সালদা নর্থ-১) (২য় সংশোধিত) প্রকল্পটির সমাপ্ত প্রতিবেদন মূল্যায়নের জন্য কাওরান বাজার বাপেক্সে -এ প্রকল্প অফিস, কুমিল্লা জেলার মুরাদনগর ও ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা প্রকল্প এলাকা এলাকায় সরেজমিনে পর্যবেক্ষণের উপর ভিত্তি করে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন মূল্যায়ন করা হয়।

২০। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (প্রকল্প শুরু হতে শেষ সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক এর নাম, পদবি, আইডি নং	পূর্ণকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তরের তারিখ
মো: মিজানুর রহমান চৌধুরী, মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), প্রকৌশল বিভাগ, আইডি নং-৪২০।	২১-১২-২০১৬ হতে ৩১-১২-২০১৯ পর্যন্ত	২১-১২-২০১৬	৩১-১২-২০১৯
প্রকৌ: সাইয়্যেদ মুহাম্মদ কবির, ব্যবস্থাপক (তড়িৎ), উৎপাদন বিভাগ, আইডি নং-৫৬৫।	০১-০১-২০২০ হতে ৩০-০৬-২০২০ পর্যন্ত	০১-০১-২০২০	৩০-০৬-২০২০

২১। প্রকল্পের উদ্দেশ্য অর্জন: (ডিপিপি অনুযায়ী)

উদ্দেশ্য	অর্জিত ফলাফল
1. জুন,২০২০ এর মধ্যে তেল ও গ্যাস উৎপাদন বৃদ্ধিকরণ, প্রায় ১২০ বিসিএফ গ্যাস মজুদ ১১.৫ মিলিয়ন ঘনফুট জাতীয় গ্যাস লাইনে যুক্তকরণ।	১। **রূপকল্প-১ খনন** প্রকল্পের আওতায় শ্রীকাইল ইস্ট-১ ও সালদা নর্থ-১ অনুসন্ধান কূপদ্বয়ের এর মধ্যে শ্রীকাইল ইস্ট-১ কূপে খনন কাযর্ক্রমের মাধ্যমে সফলভাবে গ্যাসের মজুদ পাওয়া গিয়েছে যার মজুদ ৭০% রিকভারী ফ্যাক্টর ধরে ৫০ বিসিএফ নির্ধারণ করা হয়েছে এবং দৈনিক ১১.৫ এমএমসিএফ করে ১৫ বছর গ্যাস জাতীয় গ্রীডে সরবরাহ করা যাবে। সেই সাথে ২ ব্যারেল কনডেনসেট উপজাত হিসেবে পাওয়া যাবে।

২২। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: প্রযোজ্য নয়।

২৩। (ক) ডিপিপি/আরডিপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ক্রয় পরিকল্পনায় মোট প্যাকেজের সংখ্যাঃ

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ নং	প্যাকেজের বিবরণ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (কোটি টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (কোটি টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
				চুক্তি অনুযায়ী	প্রকৃত	
	পণ্য					
	Mud & Completion chemical	29-03-17 4.03	18-01-18 4.03	18-04-18	21-01-19	
		15-03-18 4.08	05-09-19 4.03	04-12-19	03-03-20	
	Drill pipe	26-10-17 6.04	20-06-18 6.04	18-09-18	05-12-18	
	Drill collar & HWDP	16-10-17 11.09	26-04-18 11.04	25-07-18	05-12-18	
	Casing (Different size)	15-01-17 5.1	17-09-17 5.13	16-12-17	24-04-18	
		25-03-18 6.15	28-01-19 6.1	28-04-19	25-08-19	
	Well Head & X-mass tree & control panel	15-01-17 2.04	31-08-17 2.04	29-11-17	25-04-18	
		25-03-18 1.75	27-01-19 1.72	27-04-19	20-02-20	
	Miscellaneous (Rig & Drilling)	20-08-17 2.9	24-04-18 2.9	23-07-18	20-06-19	
	Procurement of data acquisition equipment for Mud Logging Unit	10-10-19 3.7	23-03-20 3.67	21-06-20	10-11-20	
	Over hauling/Running spares & equipment for rig	1.36			23/02/20	
		22-01-19 6.9	13-11-19 1.71	11-02-20	23-02-20	

প্যাকেজ নং	প্যাকেজের বিবরণ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (কোটি টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (কোটি টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
				চুক্তি অনুযায়ী	প্রকৃত	
	Running electrical spares & equipment	17-01-18 1.21	20-08-18 1.2	18-11-18	04-03-19	
		30-01-19 1.56	17-11-19 1.55	15-02-20	16-07-20	
		23-12-19 1.65	10-04-20 1.65	09-07-20	10-09-20	
	Petroleum & other lubricant	11.02	11.00			Petroleum & other lubricant has been procured from state-owned and sole

প্যাকেজ নং	প্যাকেজের বিবরণ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (কোটি টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (কোটি টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
				চুক্তি অনুযায়ী	প্রকৃত	
						suppliers' organization by DPM method.
	সেবা					
	Wire line logging service	11-09-17 4.7	16-05-18 4.7	14-08-18	15-09-18	
		18-04-18 5.17	02-01-20 5.17	01-04-20	10-03-20	
	Drill Steam Testing & surface testing (DST)	30-04-17 1.06	30-12-18 1.06	30-03-19	12-10-18	
		30-05-18 2.66	18-12-19 2.36	17-03-20	16-03-20	
	Cementation services with unit Cementing Services/ Cementing Backup	16-04-17 1.29	18-01-18 0.35	18-04-18	09/09/18	
		22-03-18 0.82	11-10-19 0.68	30-12-19	01-03-20	
	Engineering Services/Operation & Maintenance Services	27-05-18 1.61	09-01-20 0.68	31-03-20	07-09-18	
		23-10-19 2.39	03-01-20 0.88	02-04-20	17-02-20	
	Lost in hole services	4.73	--	-		
	Mud Logging service	5/6/2017 1.29	01/01/18 1.11	6/12/18	30/12/18	
	Rental of Vehicle	10/1/17 1.20	15/3/17 0.82	31/7/18	30/6/20	
	কার্য					
	Rural roads (connecting road) & Other construction building	22-08-17 15.36	20-12-17 2.87	03-02-18	30-04-18	
		27-08-17	18-12-17 3.13	18-03-18	30-04-18	
		19-07-18	21-07-19 1.03	19-10-19	03-07-19	
		09-04-18	29-10-18 3.12	27-01-19	21-10-19	
	Land development (Earth excavation and site development	13-08-17 2.25	28-12-17 2.23	28-03-18	21-10-১৯	

Source: PCR Page:8-9

২৪. অডিট সংক্রান্ত :

অডিট সময়	রিপোর্ট প্রদান	আপত্তিসমূহ	আপত্তি নিষ্পত্তির সর্বশেষ পর্যায়	মন্তব্য
২০১৬-২০১৭	১২/১১/২০১৭	অডিট কমিটি কোন প্রকার আপত্তি প্রদান করেন নি।	বরাদ্দ না থাকায় অর্থ ব্যয় হয়নি এবং আপত্তি উত্তাপিত হয়নি। **(সংযুক্তি-১**: সংস্থা কর্তৃক প্রদত্ত ব্যবস্থা)	২০১৬-১৭ অর্থবছরে ১০৬.৬১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। কিন্তু কোন অডিট হয়নি।
১	২	৩	৪	৫
২০১৭-২০১৮	১৭/০২/২০১৯	১.কন্ট্রাক্টরের ইনভয়েস হতে ৩৭,৭৯৪.০০ টাকার ভ্যাট কর্তন। ২. মন্ত্রণালয়ের বিধি ও প্রবিধি অমান্য করে মাঠ পর্যায়ে অস্থায়ী শ্রমিকদের ২,৩৫,২০০.০০ টাকা ভাতা প্রদান ।	আপত্তি নিষ্পত্তির জন্য ব্রড সিট জবাব প্রদান করা হয়। **(সংযুক্তি- ২)**	২০১৭-১৮ অর্থবছরে ৮০৬৬.৫২ লক্ষ টাকা ব্যয় হয়েছে । (১) কলাম ৩ অনুযায়ী ৩৭,৭৯৪.০০ টাকার ভ্যাট কর্তনের অডিট আপত্তি উত্থাপিত হয়। কিন্তু প্রকল্প অফিস হতে প্রেরিত তথ্যে দেখা যায় গত ৩০/০৪/২০২১ তারিখে চালান নং ৩৮ ও ৩৯ এর মাধ্যমে সোনালী ব্যাংক, কাওরানবাজার শাখায় সরকারী কোষাগারে ৩৭৭৯৪.০০ টাকা জমা দেয়। (২) ২,৩৫,২০০.০০ টাকার শ্রমিকদের মেসিং ভাতা অডিট আপত্তি প্রসংগে গত ১৭.০২.২০১৯ তারিখে বাপেক্স কোম্পানির বোর্ড সভায় সুপারিশ এর ভিত্তিতে দলনেতা,নিরিক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, ঢাকা কে নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়।
২০১৮-২০১৯	২৩/০২/২০২০	1.Irregular bridge financing projects from BAPEX TK.	আপত্তি নিষ্পত্তির জন্য ব্রড সিট জবাব প্রদান করা হয়। **(সংযুক্তি- ৩)**	২০১৮-১৯ অর্থবছরে ২৫৭৮.৪৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। কিন্তু অনিয়মিতভাবে বাপেক্সের নিজস্ব

অডিট সময়	রিপোর্ট প্রদান	আপত্তিসমূহ	আপত্তি নিষ্পত্তির সর্বশেষ পর্যায়	মন্তব্য
২০১৬-২০১৭	১২/১১/২০১৭	অডিট কমিটি কোন প্রকার আপত্তি প্রদান করেন নি।	বরাদ্দ না থাকায় অর্থ ব্যয় হয়নি এবং আপত্তি উত্তাপিত হয়নি। **(সংযুক্তি-১**: সংস্থা কর্তৃক প্রদত্ত ব্যবস্থা)	২০১৬-১৭ অর্থবছরে ১০৬.৬১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। কিন্তু কোন অডিট হয়নি।
১	২	৩	৪	৫
		1,88,05,000		তহবিল হতে ১,৮৮,০৫,০০০.০০ টাকার ব্রিজ ফাইনান্সিং অডিট আপত্তি উত্থাপিত হয়। উক্ত বিষয়ে বাপেক্স ব্রড সিট জবাব প্রদান করেছে।
২০১৯-২০২০		অডিট চলমান	অডিট চলমান **(সংযুক্তি- ৪)**	২০১৯-২০ অর্থবছরে ৩৬৭৩.৫১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অডিট চলমান রয়েছে।

২৫। পরিদর্শন পর্যবেক্ষণ:

বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতায় বাংলাদেশ তৈল,গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)/বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশনের এন্ড প্রডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স) কর্তৃক বাস্তবায়িত "রুপকল্প-১ খনন প্রকল্প" ২টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ইস্ট-১ ও সালদা নর্থ-১) (২য় সংশোধিত) প্রকল্পটির সমাপ্ত প্রতিবেদন মূল্যায়নের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ের আইএমই বিভাগের সেক্টর-১ এর পরিচালক প্রকল্প পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, ও বাপেক্স-এর অন্যান্য বিভাগের প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন।

২৫.১ প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রমের স্থির চিত্রঃ (ক) রুপকল্প ১: শ্রীকাইল ইষ্ট- ১



চিত্র ১: শ্রীকাইল ইষ্ট-১ প্রকল্প এলাকার সাইনবোর্ড


চিত্র ২: শ্রীকাইল ইষ্ট-১ প্রকল্প রিগ ও অন্যান্য যন্ত্রপাতি



চিত্র ৩: শ্রীকাইল ইষ্ট-১ প্রকল্প –এ ষ্টার ট্রি (গ্যাসকুপের মূখ)



চিত্র ৪: শ্রীকাইল ইষ্ট-১ প্রকল্প –এ ব্যবহৃত ক্যারেন



চিত্র ৫: শ্রীকাইল ইষ্ট-১ প্রকল্প –এ ব্যবহৃত গুদাম



চিত্র ৬: শ্রীকাইল ইষ্ট-১ প্রকল্প –এ ব্যবহৃত সিমেন্ট মিক্সার এবং ব্লোয়ার

২৫.১ (খ) প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রমের স্থির চিত্রঃ রুপকল্প ১: সালদা-১



চিত্র ১৫: সালদা নর্থ--১ প্রকল্প –এর স্টার ট্রি (গ্যাসকুপের মূখ)



চিত্র ১৬: সালদা নর্থ-১ প্রকল্প –এর রিগের জন্য আরসিসি প্লাটফরম ও গুদাম

২৫.২ ভূমি অধিগ্রহণ/ ভূমি হুকুম দখল:

শ্রীকাইল ইষ্ট-১

শ্রীকাইল ইস্ট-১ গ্যাসকূপ কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার ২'টি মৌজা নিয়ে অবস্থিত। মূলত: এই গ্যাস কূপটি কুমিল্লার উত্তর ও ব্রাহ্মণবাড়িয়া জেলার দক্ষিণ-পশ্চিমে অবস্থিত। শ্রীকাইল ইষ্ট-১ অনুসন্ধান কূপের জন্য ব্রাহ্মণবাড়িয়া অংশে ২.৪৫ একর ভূমি এবং কুমিল্লা জেলা অংশে ৩.০৯৫৫ একর ভূমিতে কার্যক্রম গ্রহণ করা হয়। গ্যাস উত্তোলনের জন্য আরসিসি ফাউন্ডেশনসহ ভূমি উন্নয়ন কাজ করা হয়েছে।

সালদা নর্থ-১ :

সালদা নর্থ -১ গ্যাসকূপ ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলার ৫টি মৌজা নিয়ে অবস্থিত। এই অনুসন্ধান কূপের জন্য কসবা উপজেলার সালদায় ৫.০৩ একর ভূমি ইজারা নেয়া হয়। গ্যাস অনুসন্ধানের জন্য আরসিসি ফাউন্ডেশনসহ ভূমি উন্নয়ন কাজ করা হয়েছে।

২৫.২ শ্রীকাইল ইস্ট-১ গ্যাসক্ষেত্র খনন ও রিজার্ভঃ

শ্রীকাইল ইস্ট-১ গ্যাস ক্ষেত্র বাপেক্সের নিজস্ব fenced portion বৃত্তের লালমাই Structure এর অর্ন্তভূক্ত যা শ্রীকাইল ইস্ট-১ unconventional proposal-এ AVO analysis and RMS amplitude টেকনোলজির ব্যবহারের মাধ্যমে 3D Seismic Survey করে কূপটি অনুসন্ধান করা হয়।

পূর্ববর্তী এই সকল সার্ভে এবং 3D Seismic Survey উপর ভিত্তি করে G and G কমিটি কর্তৃক ২০১৭ সালে এই কূপ খননের অনুমোদন প্রদান করা হয়। ১৭ অক্টোবর,২০১৯ সনে (অফিসিয়ালি ২৮ অক্টোবর,২০১৯)৩৪৮২ মিটার খননের উদ্দেশ্যে Rig বা খনন যন্ত্র বসিয়ে খনন কাজ শুরু করে। ৩১ জানুয়ারি ২০২০ প্রায় ৯০ দিনের মধ্যে কূপ খনন শেষ হয়। যা ১০৬ দিন খনন কাজের জন্য নির্ধারিত ছিল। খননকৃত দু'টি জোন হচ্ছে - জোন-১: ৩০৫৬ - ৩৩৯৫ mRKB perforation (ছিদ্র) করা হয়, জোন-২:৩০৬৫-৩০৭১ mRKB perforation করে দৈনিক ১০-১২ mmcft গ্যাস ৩২/৬৪ choke size বসিয়ে সরবরাহ করা হয়। যাতে flowing pressure ছিল 1900 psi এবং উপজাত হিসেবে ২ ব্যারেল condensate,০.৮ ব্যারেল ওয়াটার প্রতি mmcft গ্যাসের মধ্যে পাওয়া যায় এবং ৫০ বিসিএফ গ্যাসের মজুদ নিশ্চিত নিশ্চিত করা হয়।

২৫.3 সালদা নর্থ-১ খনন ও গ্যাসের রিজার্ভঃ

প্রকল্পের আওতায় খননতব্য ০২টি কূপ (শ্রীকাইল ইস্ট-১ ও সালদা নর্থ-১) এর মধ্যে সালদা নর্থ-১ এর অনুসন্ধানের জন্য ২৮১৫ মিটার কূপের খনন অক্টোবর,২০১৮ সালে সম্পন্ন হয়। কিন্তু সেখানে বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য গ্যাস পাওয়া যায়নি। শুস্ক মৌসুমে Burma Oil Company(BOC) , Standards Vacuum oil Company(SVOCL) Oil and Gas Development of Pakistan (OGDC) and Geology and Geography ltd. data analysis করে । 1991-92 মাঠ মৌসুমে 2D Survey ২২ টি fold পাওয়া যায় এবং ১৯৯৬-৯৭ সালে 2D Survey করে ৩০ টি fold survey এর মাধ্যমে খনন কাজ শুরু হয়। ২০১২-২০১৩ সালে 3D seismic survey সিসমিক সার্ভে করে G and G কমিটি দ্বারা অনুমোদিত হয়। এই খনন কূপে ২৮১৫ মিটার Drilling করে এবং ৩টি জোনে সার্ভে করা হয়। কিন্তু বাণিজ্যিকভাবে উপযুক্ত পরিমানে গ্যাস পাওয়া যায়নি।

২৫.৪ প্রধান প্রধান পূর্তকাজ:

রিগ ফাউন্ডেশন নির্মাণ, গোডাউন -২ টা (কেমিক্যাল এবং ইলেকট্রিক্যাল), আনসার সেড -২টা, অস্থায়ী কর্মচারী সেড - ৩টা (২৫০ জন), কুকিং সেড -২টা ,২৩ টা ক্যারাভ্যান (শ্রীকাইল- ইস্ট-১৪ লাখ টাকা ও সালদা নর্থের জন্য ৮ লাখ টাকাসহ মোট ২২ লক্ষ টাকা মেইনটেইনেন্স), চায়না হতে রিগের সাথে আরও ৬ টি ক্যারাভান আনা হয়েছে। নামাজের জায়গা -১টি, বাথরুম-২ টি, ডিপ টিউবওয়েল ১টা এবং শ্যালো টিউবওয়েল ২টা, পিট কেমিক্যাল বর্জ্য ২ টা ওয়েস্ট বর্জ্য ও বার্ন পিট ও বাপেক্স ফেন্সিং / কেপিআই এলাকা নির্মাণ।

২৫.৫ **কেমিক্যাল ব্যবহার:**

কেমিক্যালের ব্যবহার গ্যাস কূপ ক্ষেত্রের জন্য গুরত্বপূর্ণ উপাদান। Baryte, Citric acid, Soda ash, Sodium bicarbonate, PAC-R, PAC-L, BarazanD (XCD Polymer), Dextrid LTE (Starch), EZ Mud DP (PHPA), Bara FLC903, CodetE (Detergent), Bara- Defoam W300, AldacideG, Therma Thin, Potassium Chloride, Caustic potash, Carbonox, Potassium Lignite, GEM GP প্রভৃতি ব্যবহার করা হয়।

২৫.৬ **গ্যাসকূপের গভীরতা খনন:**

এই প্রকল্পের আওতায় শ্রীকাইল ইস্ট-১ কূপ ৩২০০ মি. গভীর পর্যন্ত খনন করা হয়। প্রকল্পের ৩০″ dia casing pipe ৩০মি. গভীর, ২০″ dia casing pipe line ২০০ মি. গভীর পর্যন্ত ১৩.৩৭৫″ dia casing পাইপ লাইন ও ৯.৬২৫″ dia পাইপ লাইন মোট ১১৩০মি. গভীর পর্যন্ত ব্যবহার করে কূপ খনন করা হয়। সর্বশেষ ৭″ dia pipe লাইন ৩১০০ মিটার গভীর পর্যন্ত কূপ খনন করে গ্যাসের DST করা হয়।

২৫.৭ **গ্যাস নির্ণয়:**

শ্রীকাইল ইস্ট -১ এলাকা স্ট্রাকচারের বিস্তারিত পেট্রোলিয়াম-ভূতাত্ত্বিক বিশ্লেষণের সন্তোষজনক ফলাফলের পর বাপেক্স কর্তৃক ১ নম্বর কূপ খনন কার্যক্রম শুরু করা হয়। প্রকল্প পরিচালক জানান ৩১০০(^{2}) মিটার গভীরতা পর্যন্ত খনন করা হয়। শ্রীকাইল গ্যাস কূপ বাংলাদেশের ২৮ তম গ্যাস ফিল্ড। কূপ খননের তারিখ ১৭ অক্টোবর ,২০১৯। কূপের খনন গভীরতা ৩৪৮২ মিটার এমডিআরকেবি। থিকনেস অব দি গ্যাস ফিল্ড -১, ৩৩মিটার (৩০৫০-৩০৮৩ মিটিভিডিএসএস),

Flowing pressure during dust ১৯০০ psi, Formation pressure ৩৮০০ psi, Reserve of Gas(GIIP) ৩১ BCF, Recoverable Reserve ৫০ BCF এবং Daily Production of gas ১০-১২ mmscfd. গত ৩১ শে জানুয়ারি,২০২০ ড্রিলিং সফলভাবে সম্পন্নপূর্বক টেস্টিং কার্যক্রমের মাধ্যমে ৫০ বিসিএফ গ্যাসের মজুত নিশ্চিত করা হয়।

২৬. সমস্যা নির্ধারণ:

২৬.১) **ভূমি অধিগ্রহণে দীর্ঘ সূত্রিতাঃ** শ্রীকাইল ইষ্ট-১ অনুসন্ধান কূপের লোকেশন মার্চ ২০১৭ তে প্রাপ্তির পর ভূমি অধিগ্রহণের দীর্ঘ সূত্রিতায় ০৯ জানুয়ারি ২০১৮ তে ভূমি বুঝে পায়। ফলে খনন এলাকার ভূমি উন্নয়ন জুন ২০১৮ তে শেষ হয় (অনুচ্ছেদ ১৬)।

২৬.২) **ক্রয় প্রক্রিয়া সময়মত সম্পন্ন না হওয়াঃ** অবকাঠামো নির্মাণ কাজের ক্রয় প্রক্রিয়া প্রক্রিয়াগত জটিলতায় নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে না পারার ফলে অবকাঠামো নির্মাণ কাজ আরম্ভ করতে বিলম্ব হয় (অনুচ্ছেদ ১৬)।

২৬.৩) **Time Overrun:** একই কারণে কূপ খনন কাজের জন্য প্রয়োজনীয় বৈদেশিক খনন/রিগের যান্ত্রিক ও তড়িৎ মালামাল এবং তৃতীয় পক্ষ সেবাসমূহের ক্রয় প্রক্রিয়া দীর্ঘায়িত হয়। ফলে অবশিষ্ট কার্যক্রম সম্পন্ন করতে আগস্ট ২০১৯ পর্যন্ত সময়ের প্রয়োজন হয়। এ সকল কারণে শ্রীকাইল ইস্ট-১ অনুসন্ধান কূপ খনন কাজ সেপ্টেম্বর ২০১৯ এ শুরু করে ফেব্রুয়ারী ২০২০ এ সম্পন্নকরণ এবং কূপের তৃতীয় পক্ষীয় সেবার বিল পরিশোধসহ আনুষঙ্গিক কার্য সম্পন্ন করতে জুন ২০২০ পর্যন্ত সময়ের প্রয়োজন হয় অর্থাৎ সময় ওভাররান হয় ১০০% (অনুচ্ছেদ ১৬)।

২৬.৪) **অনিষ্পন্ন অডিট আপত্তি**: ২০১৭-১৮ অর্থবছরে External অডিট কর্তৃপক্ষ কর্তৃক উত্থাপিত ২টি অডিট আপত্তি এবং ২০১৮-১৯ অর্থবছরে External অডিট কর্তৃপক্ষ কর্তৃক উত্থাপিত ১টি অডিট আপত্তি এখনও অনিষ্পন্ন অবস্থায় আছে এবং ২০১৯-২০ অর্থ বছরে অডিট চলমান রয়েছে; (অনুচ্ছেদ ২৪)।

২৬.৫) **কূপ খননের লোকেশান নির্ধারণ না করে প্রকল্প প্রণয়ন:** রূপকল্প-৩ পরিদর্শন কালে প্রতীয়মান হলো যে, লোকেশান চূড়ান্ত করার আগেই ডিপিপি প্রণয়ন করে প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে । প্রকল্প বাস্তবায়নের সময় অতিক্রান্তের পর প্রকল্পের Scope Change করে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যা প্রকল্প প্রণয়ন ও অনুমোদন প্রক্রিয়ার ব্যত্যয়।

২৬.৬) শ্রীকাইল-১ কূপ-এর ব্যবহৃত অধিকাংশ মালামাল এখনো ফিল্ডে খোলা আকাশের নিচে পড়ে আছে। যা নষ্ট হওয়ার সম্ভাবনা হতে পারে।

২৭. **সুপারিশ:**

২৭.১ প্রকল্প পরিচালক ও বাপেক্সকে প্রতিবেদনের অনুচ্ছেদ-২৪ এ উল্লেখিত ২০১৭-১৮, ২০১৮-১৯ এবং ২০১৯-২০২০ অর্থবছরের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে আইএমইডিকে অবহিত করতে হবে;

২৭.২ শ্রীকাইল-১ কূপে প্রাপ্ত গ্যাস দ্রুত উত্তোলন করে বাণিজ্যিকভাবে ব্যবহার নিশ্চিত করতে হবে; এবং

২৭.৩ প্রকল্পের কাজে ব্যবহৃত যন্ত্রপাতি ও মালামাল বাপেক্স-এর কেন্দ্রীয় সংরক্ষণাগারে সংরক্ষণ করতে হবে।

২৭.৪ প্রকল্পের Scope Change,ব্যয় হ্রাস/বৃদ্ধ , প্রকল্প সংশোধন, প্রকল্প পরিচালক পরিবর্তন বিষয়গুলো পরিকল্পনা বিভাগের পরিপত্রের পরিপন্থি । এ বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে একটি ব্যাখ্যা আইএমডি'তে প্রেরণের জন্য অনুরোধ জানালো হলো।

২৮। অনুচ্ছেদ ২৭.১-২৭.৪ এর সুপারিশের আলোকে গৃহিত ব্যবস্থাদির বিষয়ে আগামী ০২ (দুই) মাসের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

“রূপকল্প-৩ খনন প্রকল্পঃ ২টি অনুসন্ধান কূপ (কসবা-১ ও মাদারগঞ্জ-১) (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৯)

১। পরিদর্শনকারী কর্মকর্তার নাম : মোঃ আমিনুল হক, পরিচালক (উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১, আইএমই বিভাগ।

২। পরিদর্শনের তারিখ : ১৩ ও ১৪ মার্চ, ২০২১

৩। প্রকল্পের নাম : “রূপকল্প-৩ খনন প্রকল্পঃ ২টি অনুসন্ধান কূপ (কসবা-১ ও মাদারগঞ্জ-১) (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প।

৪। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৫। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) (পেট্রোবাংলার একটি কোম্পানী)

৬। প্রকল্পের অবস্থান :

বিভাগ	জেলা	উপজেলা	সমগ্র বাংলাদেশ
০১	০২	০৩	০৪
চট্টগ্রাম	ব্রাহ্মণবাড়িয়া	কসবা	
ঢাকা	জামালপুর	মাদারগঞ্জ	

৭। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন কাল:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃতব্যয় সর্বমোট টাকা	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের %)
মূল সর্বমোট টাকা	সর্বশেষ সংশোধিত সর্বমোট টাকা		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩২,২৬৩.০০ (২৪,৬৫৫.০০)	২১,৬২১.২৭ (১৪,২৩৯.৮৫)	৮,৩২৮.৪৬ (৪,৫০৮.৮৫)	জুলাই,২০১৬-জুন,২০১৮	জুলাই,২০১৬ – ডিসেম্বর,২০১৯	জুলাই,২০১৬ – ডিসেম্বর, ২০১৯	-৪৩.৪৯% হ্রাস পেয়েছে।	+১ বছর ৬ মাস (+৭৫%)

৮। **প্রকল্পের অর্থায়ন:** গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) এবং বাপেক্স -এর স্ব-অর্থায়নে ব্যয় নির্বাহ।

৯। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমঃ

প্রকল্পের আওতায় প্রধান প্রধান কার্যক্রমসমূহ হচ্ছে-

i) Land Development (ভূমি উন্নয়ন) , ii) Procurement of Drill Equipment/Engg. Materials (ড্রিল মেশিন ও প্রকৌশল যন্ত্রপাতি ক্রয়)

iii) Procurement of Hiring 3rd party service (তয় পক্ষের সেবা গ্রহণ), iv) Rig Foundation (রিগ ফাউন্ডেশান)

v) Construction of Physical Infrastructure (ভৌত অবকাঠামো নির্মাণ), vi) Drilling operation (ড্রিল অপারেশন)

vii) Drill Steam Testing (DST) (ড্রিল স্টিম টেস্টিং)

১০. অঙ্গভিত্তিক অগ্রগতি: (সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুসরণে):

(লক্ষ টাকা)

	অঙ্গের নাম	এক ক	আরডিপিপি/ টিএপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব	আর্থিক
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
(ক) রাজস্ব ব্যয়ঃ						
৩১১১৩১২	মোবাইল/সেলফোন ভাতা (ইন্টারনেটসহ)	থোক	-	০.৯০	-	০.৪০
৩১১১৩৩২	সম্মানী ভাতা	থোক	-	৩৮.৬৮	-	৩৮.৬৮
৩১১১৩৩৮	অন্যান্য ভাতা (ফিল্ড মেচিং, টিএ/ডিএ)	থোক	-	৯৭.৫০	-	৮১.০৫
৩২১১১০৩	ক্ষতিপূরণ (ফসল, গাছ, স্থাপনা, পুকুর ইত্যাদি) পরিশিষ্ট-১১, পৃষ্ঠা ৬০-৬৪)	একর	-	১০৫.০০	-	৮৪.৩৭
৩২১১১০৬	আপ্যায়ন ব্যয়	থোক	-	৬.০০	-	৪.১৬
৩২১১১০৭	হায়ারিং চার্জ					
	ক) গাড়ী ভাড়া (বিস্তরিত বর্ণনা পরিশিষ্ট ৮, পৃষ্ঠা ৫৭)	লট	-	৬২.৪০	-	৪৬.৯৭
	খ) ড্রিলিং অপারেশন সার্ভিস	লট	-		-	
	১) টার্ন-কী ভিত্তিতে রিগ ভাড়া ও অন্যান্য যন্ত্রপাতি ও সেবা সংগ্রহ (মাদারগঞ্জ-১ কূপ খননের জন্য) (বিস্তরিত পরিশিষ্ট ১৫, পৃষ্ঠা ৮৯-৯৯)	লট	১	৯,৪৮৯.০০	০	-
	গ) থার্ড পার্টি সার্ভিসেস:					
	১) ওয়্যার লাইন লগিং সার্ভিস	লট	১	৪২৩.২০	১	৪২৩.২০
	২) ডিএসটি এবং সারফেস টেস্টিং	লট	১	১২৮.০০	১	১২৮.০০
	৩) সিমেন্টিং ইউনিট এবং ব্যাকআপ সার্ভিসেস	লট	১	৯৫.০০	১	৯৫.০০
	৪) স্লিক লাইন সার্ভিসেস	লট	১	১৩.০০	০	-
	৫) ইঞ্জিনিয়ারিং/অপারেশন এন্ড মেইন্টেনেন্স সার্ভিসেস	লট	১	১৫৯.০০	০	-
	৬) মাড লগিং সার্ভিসেস	লট	১	৯১.০০	১	৯১.০০
৩২১১১০৯	শ্রমিক মজুরী (বিস্তরিত বর্ণনা পরিশিষ্ট ৭, পৃষ্ঠা ৫৬)					
	ক) অস্থায়ী শ্রমিক	সংখ্যা	১৫০	১৯৭.০০	১৫০	১৯০.২৭
	খ) নিরাপত্তা প্রহরী	সংখ্যা	১২	৭.৯২	১২	৭.৬৫
৩২১১১২৫	প্রচার ও বিজ্ঞাপন ব্যয়	থোক	-	৬.০০	-	৩.৬০
৩২১১১২৯	অফিস ভবন ভাড়া	থোক	-	১১.০০	-	১০.৭৯
৩২২১১০৩	প্রাকজাহাজীকরণ পরির্দশন ফি	থোক	-	৫০.০০	-	৫০.০০
৩২২১১০৬	পন্যের ভাড়া ও পরিবহন ব্যয় (শুধুমাত্র বাপেক্স রিগের জন্য) (রিগ ও অন্যান্য যন্ত্রপাতি পরিবহন (মোব ও ডিমোব) বাবদ ব্যয়)	থোক	-	১৪.০০	-	১৩৮.৩৪
৩২২১১০৭	অনুলিপি ব্যয়, বাঁধাই	থোক	-	১.৪০	-	০.৬৩
৩২২১১০৭	ব্যাংক চার্জ (বিস্তরিত বর্ণনা পরিশিষ্ট ৬, পৃষ্ঠা ৫৫) (আমদানিকৃত যন্ত্রপাতি, রাসায়নিক ও সেবার উপরে ১.২৫%)	থোক	-	১০৯.০০	-	৫০.৪২

	অঙ্গের নাম	এক ক	আরডিপিপি/ টিএপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব	আর্থিক
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
৩২২১১১০	কমিশন (সিএনএফ)	থোক	-	৪৫.০০	-	৪৫.০০
৩২২১১১৪	ব্যবস্থাপনা ব্যয় (জেটি ব্যয়)	থোক	-	১৫.০০	-	১৫.০০
৩২৪৩১০১	পেট্রোল ও অন্যান্য লুব্রিকেন্ট	থোক	-	৫৫০.০০	-	৫০৬.৮৪
৩২৫৫১০১	কম্পিউটার সামগ্রী	থোক	-	২.০০	-	১.৭৮
৩২৫৫১০৫	অন্যান্য মনিহারী (স্টেশনারী)	থোক		৪.৭৯	-	৪.৬৩
৩২৫৬১০২	রাসায়নিক					
	১) এপিআই ক্লাস “জি” সিমেন্ট	মে.টন	৩৫০	৩৫.০০	৩৫০	৩৫.০০
	২) সিমেন্ট এডিটিভস	লট	১	১০০.০০	১	১০০.০০
	৩) মাড ও কমপ্লিশন কেমিক্যালস	লট	১	৩২২.০০	১	৩২২.০০
৩২৫৭১০৪	জরিপ (ইআইএ)	থোক	-	৪.০০	-	৪.০০
৩২৫৭৩০২	চিকিৎসা ব্যয় (প্রাথমিক চিকিৎসা)	থোক	-	১.০০	-	০.৭১
৩২৫৮১০১	মোটরযান মেরামত ও সংরক্ষণ	থোক	-	৬.০০	-	৬.০০
৩২৫৮১০৫	যন্ত্রপাতি ও সরঞ্জাম মেরামত ও রক্ষনাবেক্ষণ	থোক	-	২৫.০০	-	২০.৭০
৩২৫৮১০৮	অন্যান্য ভবন ও স্থাপনা মেরামত ও সংরক্ষণ	থোক	-	৩.৩০	-	৩.৩০
৩২৫৮১২৯	প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি (স্থানীয় ভাবে ক্রয়তব্য যন্ত্রপাতি মালামাল ও কনজুমেবলঃ পিপিই-হেলমেট, সেইফটি বুট, হ্যান্ড গেলাভস, হ্যান্ড টুলস, হার্ডঅয়ার, ইয়ার প্লাগ, রেইন কোট, মোজা, গগলস, উডেন প্লাংক, কটন ওয়েস্ট, বাসনপত্র/ক্রোকারিজ, সিআই সিট, এমএস সিট, রড এবং অ্যাঙ্গোলস, গ্যাসকেট, জিআই পাইপ এবং ফিটিংস, অক্সিজেন/এসিটিলিন/নাইট্রোজেন গ্যাস এবং ইলেকট্রিক ওয়েলডিং মালামাল, ওয়াটার ফিল্টার, ব্লোয়ারস, পেইন্ট এবং পেইন্টিং ম্যাটারিয়ালস, রাবার রিং, এয়ার/ওয়েল ফিল্টার/সেপারেটর, রাবার কাপলিং, টায়ার, টিউব, ব্যাটারসি, হোস পাইপ, প্যাকিং, গেইট ভালভ, কেমিকেল এবং অন্যান্য মেটারিয়াল ইত্যাদি)	থোক	-	৫৫.০০	-	৫২.৩২
৩৮২১১০৪	মূল্য সংযোজন কর (VAT) (বিস্তরিত বর্ণনা পরিশিষ্ট ৬, পৃষ্ঠা ৫৫)	থোক	-	২,১৩৬.০০	-	৭১৩.০০
৩৮২১১১৬	বীমা (আমদানিকৃত যন্ত্রপাতি, রাসায়নিক এর উপরে ৩%) (AIT)	থোক	-	১১৫.০০	-	১১৫.০০
৩৮২১১২৫	আয়কর (AIT)	থোক	-	২,২৮২.০০	-	৩৮৪.০০
	(ক) মোট রাজস্ব ব্যয়ঃ			১৬,৯৩২.০৯ (১০,৮৫৫.২০)		৩,৭৭৪.৭৯ (১,১৯৪.২০)

	অঙ্গের নাম	একক	আরডিপিপি/ টিএপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব	আর্থিক
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
(খ) মুলধন ব্যয়ঃ						
	ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ					
৪১১১৩০৪	গ্রামীন সড়ক (সংযোগ সড়ক, বক্স কালভার্ট ইত্যাদি)	মি.	৯৫০	১৯২.৬২	৯৫০	১৭৫.৮৫
৪১১১৩০৭	নিকাশ কাঠামো (ড্রেনেজ)	ব.মি.	৫১২	১২.২০	৫১২	১২.২০
৪১১১৩০৮	নলকূপ স্থাপনা	সংখ্যা	১	৩৪.৫০	১	৩৪.৩৯
৪১১১৩০৯	স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ	মি.	১০০	২০.৫০	১০০	১৯.৩০
৪১১১৩১০	খনন (মাড পিট, ভিএসপি পিট খনন)	কিউমি.	১৬৭৩০	২০.০০	১৬৭৩০	১৯.৫৩
৪১১১৩১৭	অন্যান্য ভবন ও স্থাপনা					
	ক) রিগ ফাউন্ডেশান	কিউমি.	২০২	৭৭.৮৬	২০২	৭৭.৮৬
	খ) অন্যান্য মেশিনারী ফাউন্ডেশান	ব.মি.	৫৬৭	১২৯.৯৩	৫৬৭	১২৯.৯৩
	গ) ওয়েলসাইট ইয়াড, ক্যাট ওয়াক ইত্যাদি	কিউমি.	৭০০০	৯০.০০	৭০০০	৯০.০০
	ঘ) গোডাউন (সাধারণ ও রাসায়নিক)	ব.মি.	৯৫০	১১৪.৮৬	৯৫০	১১৪.৮৬
	ঙ) ক্যারাভান ফাউন্ডেশন	ব.মি.	২২	৮.০০	২২	৮.০০
	চ) রান্না ও খাবার ঘর	ব.মি.	১০০	১৩.৬৫	১০০	১৩.৬৫
	ছ) কেজুয়েল লেবারদের কিচেন	ব.মি.	১০০	১০.০০	১০০	১০.০০
	জ) নিরাপত্তা চৌকি	ব.মি.	২৮	৫.৮৩	২৮	৫.৮৩
	ঝ) আন্ত সংযোগ রাস্তা	ব.মি.	১৪০	১৬.৯৩	১৪০	১৬.৯৩
	ঞ) বারবেড (সূচালো) তারের বেষ্টনি ও ফটক	ব.মি.	৬০০	১৬.৭৫	৬০০	১৬.৭৫
	ট) আনসার শেড	ব.মি.	১৮৫	১৯.৪৫	১৮৫	১৯.৪৫
	ঠ) ২ টি শ্রমিক আবাসিক শেড	ব.মি.	৪০০	৩০.০০	৪০০	৩০.০০
	ড) নামাজ ঘর নির্মাণ	ব.মি.	-	০.০০	-	০.০০
	ঢ) সেপটিক ট্যাংকসহ সোক ওয়াল	ব.মি.	৩০	৭.১৮	৩০	৭.১৮
	ণ) সয়েল টেস্ট	লট	২	১.৮৫	২	১.৮৫
৪১১২২০২	কম্পিউটার ও অনুষঙ্গিক	থোক	-	৩.৫০	-	৩.৫০
৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জামাদি	থোক	-	৭০.০০	-	২৫.১৫
৪১১২৩০৪	প্রকৌশল এবং অন্যান্য সরঞ্জামাদি					
	১) ড্রিল পাইপ	লট	১	৫৬৫.০০	১	৫৬৫.০০

	অঙ্গের নাম	একক	আরডিপিপি/ টিএপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব	আর্থিক
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
	২) ড্রিল কলার, এইচডব্লিউডিপি	লট	১	৮৬২.০০	১	৮৬২.০০
	৩) কেসিং (বিভিন্ন সাইজ)	লট		৪৬৩.০০		৪৬৩.০০
	৪) ওয়েলহেড ও ক্রিসমাস ট্রি এবং ওয়েল হেড কন্টোল প্যানেল	লট	১	১৯৯.০০	১	১৯৯.০০
	৫) ড্রিল বিট (বিভিন্ন সাইজ)	লট	১	৮২.০০	১	৮২.০০
	৬) কেসিং এক্সেসরিজ ও লাইনার হ্যাংগার	লট	১	১২৫.০০	১	১২৫.০০
	৭) ড্রিল স্ট্রিং কম্পোনেন্ট	লট	১	১৯৮.০০	১	১৯৮.০০
	৮) ড্রিলিং ফ্লোর হ্যান্ডেলিং টুলস এন্ড স্পেয়াস	লট	১	১৪৩.০০	১	১৪৩.০০
	৯) রিগ ইন্সট্রুমেন্টশন স্পেয়ারস	লট	১	১৩০.৬৫	১	১৩০.৬৫
	১০) ওয়েল সার্ভিসিং টুলস (মিলিং, ফিশিং, সার্ভে যন্ত্রপাতি ইত্যাদি)	লট	১	৮১.০০	১	৮১.০০
	১১) বিবিধ যন্ত্রপাতি (রিগ ও ড্রিলিং কনজুম্যাবল সামগ্রী, সেফটি গিয়ারস ইত্যাদি)	লট	১	২৭০.০০	১	২৭০.০০
	১২) ওয়েল কমপ্লিশন যন্ত্রপাতি ও ব্রিজ প্লাগ	লট	১	১০২.০০	১	১০২.০০
	১৩) টিউবিং	লট	১	৯৩.০০	১	৯৩.০০
	১৪) মাড টেস্টিং এ্যপারেটাস/ইকুইপমেন্ট এবং রিএজেন্ট	লট	১	৭০.০০	১	-
৪১১২৩০৫	অগ্নিনির্বাপক সরঞ্জামাদি	থোক	-	০.৫০	-	০.২৩
৪১১২৩১০	অফিস সরঞ্জামাদি	থোক	-	১.৭৯	-	১.৭৯
৪১১২৩১৪	আসবাবপত্র	থোক	-	৫.১০	-	৪.১০
	ভূমি অধিগ্রহণ/ক্রয়					
৫১১১১০৪	ভূমি উন্নয়ন/মাটি ভরাট	কিউমি	৯৩৭০০	৪০১.৫৩	৯৩৭০০	৪০০.৬৯
	খ) মোট মূলধন ব্যয়			৪,৬৮৯.১৮ (৩,৩৮৪.৬৫)		৪,৫৫৩.৬৭ (৩,৩১৪.৬৫)
	মোট (ক+খ)			২১,৬২১.২৭ (১৪,২৩৯.৪৫)		৮,৩২৮.৪৬ (৪,৫০৮.৮৫)
	প্রাইস কন্টিনজেন্সি					
	ফিজিক্যাল কন্টিনজেন্সি					
	সর্বমোট ব্যয় (ক + খ + কন্টিনজেন্সি)			২১,৬২১.২৭ (১৪,২৩৯.৪৫)		৮,৩২৮.৪৬ (৪,৫০৮.৮৫)

প্রকল্পের আর্থিক অগ্রগতি: ৩৮.৫২% এবং বাস্তব অগ্রগতি : ৭৮%।

১১। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: অসমাপ্ত নাই। (ব্রাহ্মণবাড়িয়ায় কসবা-১ কূপ খনন সফল হয়েছে ,অপরদিকে এই প্রকল্পের মাদারগঞ্জ-১ এর কূপ টার্ন-কী বেসিস খননের জন্য BAPEX and SOCAR AQS, Azerbaijan এর সাথে গত ১৬/০৭/২০১৭ সালে একটি চুক্তি স্বাক্ষর হয়। মাদারগঞ্জ-১ এর কূপটি উক্ত কোম্পানি খনন না করায় প্রকল্পের অর্ধেক কাজের চেয়ে বাস্তবে কিছু কাজ বেশি দেখানো হয়েছে। ক্রয় প্রক্রিয়া , চুক্তি এবং আনুসঙ্গিক খরচ করতে হয়েছে।)

১২। প্রকল্প গ্রহণের পটভুমি:

স্বাধীনতার ৫০ বছর পূর্তি ২০২১ সনে। ২০২১ এর লক্ষ্য বাস্তবায়নের উদ্দেশ্যে হাইড্রোকার্বন অনুসন্ধান এবং উৎপাদনের বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়। "রূপকল্প ২০২১" বাস্তবায়নের লক্ষ্যে বাপেক্স কর্তৃক গৃহীত "রূপকল্প ৩ খনন প্রকল্পঃ ৪টি অনুসন্ধান কূপ (কসবা-১, মাদারগঞ্জ-১, জামালপুর-১ ও শৈলকূপা-১)" শীর্ষক প্রকল্প ২২/০৯/২০১৬ তারিখে ৩৮,২৬৩.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রশাসনিকভাবে অনুমোদিত হয়। প্রকল্পের আওতায় ৩টি কূপ নিজস্ব রিগ দ্বারা এবং ১টি কূপ রিগ ভাড়ার ভিত্তিতে সম্পাদনের জন্য অন্তর্ভূক্ত ছিল। পরবর্তীতে প্রস্তাব প্রক্রিয়াকরণ কমিটির (পিপিসি) সিদ্ধান্ত অনুযায়ী রূপকল্পের অধীনে টার্ন-কী ভিত্তিতে ১৩টি কূপ খনন কার্য সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। অনুমোদিত ডিপিপি অনুযায়ী কসবা-১ অনুসন্ধান কূপ খনন কার্যক্রম বাপেক্স এর নিজস্ব রিগ দ্বারা গত ২৭/০৪/২০১৮ তারিখে শুরু হয়ে টেস্টিং এবং সিমেন্ট প্লাগসহ গত ১৮/১০/২০১৮ তারিখে সম্পন্ন হয়। তদানুযায়ী বাপেক্স ও সকার একিউএস এলএলসি ইন্টারন্যাশনাল ডিএমসিসি এর সাথে টার্ন-কী ভিত্তিতে গ্রুপ-১ এর আওতায় মাদারগঞ্জ ১ কূপ খননের জন্য চুক্তি স্বাক্ষরিত হয়।

১৩। প্রকল্পের উদ্দেশ্য (ডিপিপি অনুযায়ী):

- ২টি অনুসন্ধান কূপ খনন করে নতুন গ্যাসক্ষেত্র আবিষ্কারের মাধ্যমে দেশের গ্যাসের মজুদ বৃদ্ধি করা;
- গ্যাসক্ষেত্র আবিষ্কারের মাধ্যমে ২৮৪ বিসিএফ গ্যাস মজুদ বৃদ্ধি করা এবং প্রতিদিন ১০ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন করা।

১৪। **কার্যপরিধির পরিবর্তন (Change of Scope):**

রুপকল্প-৩ এর আওতায় বাপেক্স নিজস্ব রিগ দ্বারা ৩টি কুপ খনন এবং ভাড়া রিগ দ্বারা অন্য ১ টি কূপ খনন করার প্রকল্প গ্রহণ করে। তখনই Proposal Preparation Committee(PPC) কর্তৃক টার্ন-কী বেসিস ১৩ টি কূপ খনন করার সিদ্ধান্ত হয়। গ্রুপ-১ এর আওতায় মাদারগঞ্জ-১ এর কূপ টার্ন-কী বেসিস খননের জন্য BAPEX and SOCAR AQS, Azerbaijan এর সাথে গত ১৬/০৭/২০১৭ সালে একটি চুক্তি স্বাক্ষর হয়। সে লক্ষ্যে গত ০৯/০৭/২০১৮ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে আরডিপিপি প্রণয়নের সিদ্ধান্ত হয়। সে অনুসারে বাপেক্স একটি সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে এবং প্রকল্প হতে জামালপুর-১ ও শৈলকূপা-১ কে বাদ দিয়ে আরডিপিপি প্রণয়ন করে।

১৫। **ব্যয় সংশোধন:**

প্রকল্পের অনুমোদিত মূল ডিপিপি'তে ০৪টি কূপ খননের জন্য ৩৮,২৬৩.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। ইতোমধ্যে BAPEX and SOCAR AQS, Azerbaijan এর সাথে মাদারগঞ্জ-১ এর ৩টি কূপ টার্ন-কী বেসিস খননের জন্য ১,১৩,১২,৪২৯.০০ ইউএস ডলার বা ৯,৪৯৮.০০ লক্ষ টাকায় একটি চুক্তি স্বাক্ষর হয়। Geo Technical Order (GTO) এর মতে মাদারগঞ্জ-১ এর কূপ ডিরেকশনাল (তির্যক) অবস্থান। ফলে চুক্তি অনুসারে তির্যক (ডিরেকশনাল) কূপের অতিরিক্তি সার্ভিসের জন্য অতিরিক্ত অর্থের প্রয়োজন। সে জন্য চুক্তি মূল্য ১৩,৪৬২.৮৪ লক্ষ টাকায় পুন: নির্ধারণ করা হয়। ফলে জামালপুর-১ ও শৈলকুপা-১ কূপ খনন বাদ দিয়ে আরডিপিপিতে রেন্টাল রিগ এর ১০,০০০.০০ লক্ষ টাকা হ্রাস করা হয়। এছাড়া আরডিপিপিতে কেমিক্যাল, ড্রিলিং মেটেরিয়াল, ৩য় পক্ষীয় সেবার মাধ্যমে প্রকৌশল ইকুয়েপমেন্ট এর বরাদ্দ বাদ দেয়া হয়। ফলে আডিপিপি-র প্রাক্কলিত ব্যয় ৪৩.৪৯% হ্রাস হয়ে দাঁড়ায় ১৬,৬৪১.৭৩ লক্ষ টাকা।

১৬। **প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:**

কসবা-১ কূপ খনন ১৮ অক্টোবর,২০১৮ তারিখ সম্পন্ন হলেও মাদারগঞ্জ-১ ডিপিপি অনুসারে খনন কার্য সম্পন্ন না হওয়ায় প্রকল্প মেয়াদকাল ডিসেম্বর,২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১৭। প্রকল্প অনুমোদন এবং সংশোধন:

প্রকল্পের মূল প্রাক্কলিত ব্যয় ৩৮,২৬৩.০০ লক্ষ টাকা যা জুলাই ২০১৬- জুন,২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক ২২/০৯/২০১৬ তারিখে অনুমোদিত হয়। গত ৩১/০৩/২০১৯ তারিখে প্রাক্কলিত ব্যয় হ্রাস করে ২১,৬২১.২৭ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১৬- ডিসেম্বর,২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য ১ম সংশোধন হয়।

১৮। প্রকল্পের সার্বিক অগ্রগতি: সার্বিক ভৌত অগ্রগতি ৭৮% এবং আর্থিক অগ্রগতি ৩৮.৫২%।

অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিএপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থ ছাড় ও বাস্তবায়ন অবস্থা : (লক্ষ টাকা)

অর্থবছর	এডিপি/ আরএডিপি বরাদ্দ			জিওবি অর্থছাড়	ব্যয়		
	মোট	টাকা	পিএ (নিজস্ব)		মোট	টাকা	পিএ (নিজস্ব)
১	২	৩	৪	৬	৭	৮	৯
২০১৬-২০১৭	১৩৬.০০	১৩৬.০০		১৩৬.০০	৩৯.৭৪	৩৯.৭৪	
২০১৭-২০১৮	৯০০০.০০	৯০০০.০০		৮৫১৩.৫০	৬৮১৮.১৩	৬৮১৮.১৩	
২০১৮-২০১৯	৩২৪.০০	৩২৪.০০	১২৭০.৭৫	২৮৮.৩			১১৮২.২
২০১৯-২০২০	৩০.০০	৩০.০০		২৯.৯৮	২২.৪৯	২২.৪৯	

১৯। প্রকল্প মূল্যায়ন প্রক্রিয়া :

বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতায় বাংলাদেশ তৈল,গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা/বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশনের এন্ড প্রডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স) কর্তৃক বাস্তবায়িত "রুপকল্প-৩ খনন প্রকল্প" ২টি অনুসন্ধান কূপ (কসবা-১ ও মাদারগঞ্জ-১) (১ম সংশোধিত) প্রকল্পটির সমাপ্ত প্রতিবেদন মূল্যায়নের জন্য কাওরান বাজার বাপেক্সে -এ প্রকল্প অফিস, ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা এবং জামালপুরে মাদারগঞ্জ প্রকল্প এলাকা এলাকায় সরেজমিনে পর্যবেক্ষণের উপর ভিত্তি করে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন মূল্যায়ন করা হয়।

২০। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (প্রকল্প শুরু হতে শেষ সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক এর নাম,পদবি, আইডি নং ও মোবাইল নাম্বার	পূর্ণকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তরের তারিখ
জনাব মো: আনোয়ার হেসেন, উপ মহাব্যবস্থাপক		১২.১২.১৬	০৫.০৯.১৭
জনাব মো: মিজানুর রহমান (০৭৫৭), মহাব্যবস্থাপক ০১৭১১৯৬২৯১২		০৫.০৯.১৭	অদ্যাবধি

২১। প্রকল্পের উদ্দেশ্য অর্জন: (ডিপিপি অনুযায়ী)

উদ্দেশ্য	অর্জিত ফলাফল
১.কসবা-১ কুপ (২৯৭৫ মি.) খনন করে ৪ বিসিএফ গ্যাস মজুদ আবিষ্কার করা; ২.মাদারগঞ্জ -১ কুপ (৩২০০^{2}১০০ মি.) খনন করে২৮০ বিসিএফ গ্যাস মজুদ আবিষ্কার করন ও জাতীয় গ্রিডের জন্য ১০ এমএমসিএফ গ্যাস উৎপাদন বৃদ্ধি করন।	১। কসবা-১ অনুসন্ধান কূপ খনন করা হয়েছে তবে মজুদ গ্যাস হতে বানিজ্যিকভাবে উৎপাদন করা যাবেনা। ২। মাদারগঞ্জ -১ কূপ এর জন্য ভূমি উন্নয়ন ও রোড কানেকশন ডেভোলপ করা হলেও উক্ত কূপটি খনন করার জন্য SOCAR AQS, Azerbaijan এর সাথে কূপ টার্ণ-কী বেসিস খননের জন্য স্বাক্ষরিত হয়,কিন্তু উক্ত কোম্পানি কূপ খনন না করে টার্মিনেট করে চলে যাওয়ায় কুপ খনন করা হয়নি।

২২।. উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: প্রযোজ্য নয়।

২৩। (ক) ডিপিপি/আরডিপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ক্রয় পরিকল্পনায় মোট প্যাকেজের সংখ্যাঃ

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ নং (ডিপিপি প্যাকেজ)	প্যাকেজ বিবরণ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারন
				চুক্তি অনুযায়ী	প্রকৃত	
পন্য						
জিডি ১	১) এপিআই ক্লাস “জি” সিমেন্ট	১৬.০৪.২০১৭ ৩৫	২৬.১১.২০১৭ ৩৫	২৭.১০.২০১৭	২৭.১০.২০১৭	
জিডি ২	২) সিমেন্ট এডিটিভস	১৬.০৪.২০১৭ ১০০	২৬.১১.২০১৮ ১০০	২৭.১০.২০১৮	২৭.১০.২০১৮	
জিডি ৩	৩) মাড ও কমপ্লিশন কেমিক্যালস	১৬.০৪.২০১৭ ৩২২	০৩.০৬.২০১৭ ৩২২	৩০.১১.২০১৮	৩০.১১.২০১৮	
জিডি ৪	১) ড্রিল পাইপ	২৯.১১.২০১৭ ৫৬৫.০০	০৬.০৫.২০১৮ ৫৬৫.০০	১০.১০.২০১৮	১০.১০.২০১৮	
জিডি ৫	২) ড্রিল কলার, এইচডব্লিউডিপি	১৯.১১.২০১৭ ৮৬২.০০	০৬.০৫.২০১৮ ৮৬২.০০	১৮.০১.২০১৯	১৮.০১.২০১৯	
জিডি ৬	৩) কেসিং (বিভিন্ন সাইজ)	১৫.০১.২০১৭ ৪৬৩.০০	২১.০৮.২০১৭ ৪৬৩.০০	০৪.০২.২০১৮	০৪.০২.২০১৮	
জিডি ৭	৪) ওয়েলহেড ও ক্রিসমাস ট্রি এবং ওয়েল হেড কন্ট্রোল প্যানেল	০৬.০৫.২০১৮ ১৯৯.০০	০৬.০৫.২০১৮ ১৯৯.০০	৫.৯.২০১৯	৫.৯.২০১৯	
জিডি ৮	৫) ড্রিল বিট (বিভিন্ন সাইজ)	০৯.০৭.২০১৭ ৮২.৫০	০৩.১০.২০১৭	০২.০২.২০১৮	০২.০২.২০১৮	
জিডি ৯	৬) কেসিং এক্সেসরিজ ও লাইনার হ্যাংগার	২৯.১১.২০১৭ ১২৫.০০	০৬.০৫.২০১৮ ১২৫.০০	০৫.৯.২০১৮	০৫.৯.২০১৮	
জিডি ১০	৭) ড্রিল স্ট্রিং কম্পোনেন্ট	০৩.০৮.২০১৭ ১৯৮.৫০	০৫.১২.২০১৭ ১৯৮.৫০	০৪.০৪.২০১৮	০৪.০৪.২০১৮	
জিডি ১১	৮) ড্রিলিং ফ্লোর হ্যান্ডেলিং টুলস এন্ড স্পেয়াস	০৩.০৮.২০১৭ ১৪৩.০০	৩১.১২.২০১৭ ১৪৩.০০	৩০.৪.২০১৮	৩০.৪.২০১৮	

প্যাকেজ নং (ডিপিপি প্যাকেজ)	প্যাকেজ বিবরণ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারন
				চুক্তি অনুযায়ী	প্রকৃত	
জিডি ১২	৯) রিগ ইন্সট্রুমেন্টেশন স্পেয়ারস	০৮.০৮.২০১৭	২৮.১২.২০১৭	২৭.০৪.২০১৮	২৭.০৪.২০১৮	
		১৩০.৬৫	১৩০.৬৫			
জিডি ১৩	১০) ওয়েল সার্ভিসিং টুলস (মিলিং, ফিশিং, সার্ভে যন্ত্রপাতি ইত্যাদি)	১৭.০৮.২০১৭	৩১.১২.২০১৭	৩০.০৪.২০১৮	৩০.০৪.২০১৮	
		৮১.০০	৮১.০০			
জিডি ১৪	১১) বিবিধ যন্ত্রপাপতি (রিগ ও ড্রিলিং কনজুম্যাবল সামগ্রী, সেফটি গিয়ারস ইত্যাদি)	২০.০৮.২০১৭	২৭.০২.২০১৮	২৬.০৬.২০১৮	২৬.০৬.২০১৮	
		২৭০.০০	২৭০.০০			
জিডি ১৫	১২) ওয়েল কমপ্লিশন যন্ত্রপাতি ও ব্রিজ প্লাগ	০৮.০৮.২০১৭	২৭.০৩.২০১৮	২৬.০৭.২০১৮	২৬.০৭.২০১৮	
		১০২.০০	১০২.০০			
জিডি ১৬	১৩) টিউবিং	৩০.০৮.২০১৭	০১.০২.২০১৮	১৫.০৭.২০১৮	১৫.০৭.২০১৮	
		৯৩.০০	৯৩.০০			
জিডি ১৭	১৪) মাড টেস্টিং এ্যাপারেটাস/ ইকুইপমেন্ট এবং রিএজেন্ট	০৬.০৯.২০১৭	১১.১২.১৭	১৫.০৮.২০১৮	১৫.০৮.২০১৮	
		৭০.০০	৭০.০০			
জিডি ২১	কম্পিউটার ও আনুষঙ্গিক	১২.০৪.২০১৮	১২.০৬.২০১৮	৩১.১২.২০১৯	৩১.১২.২০১৯	
		৩.৫০	৩.৫০			
জিডি ২২	অফিস সরঞ্জামাদি	১২.০৪.২০১৮	১২.০৬.২০১৮	৩১.১২.২০১৯	৩১.১২.২০১৯	
		১.৭৯	১.৭৯			
জিডি ২৩	আসবাবপত্র	১৫.০৪.২০১৮	১৪.০৬.২০১৮	৩১.১২.২০১৯	৩১.১২.২০১৯	
		৫.১০	৫.১০			
জিডি ২৪	বৈদ্যুতিক সরঞ্জামাদি	১৫.০৪.২০১৮	১৪.০৬.২০১৮	৩১.১২.২০১৯	৩১.১২.২০১৯	
		৭০.০০	৭০.০০			
জিডি ২৫	প্রকৌশল ও অন্যান্য সরঞ্জামাদি	২০.০৮.২০১৭	১৭.০৯.২০১৭	১৪.০১.২০১৮	১৪.০১.২০১৮	
		৫৫.০০	৫৫.০০			
জিডি ২৬	অগ্নিনির্বাপক সরঞ্জামাদি	১০.০৪.২০১৮	০৬.০৫.২০১৮	১৩.০৫.২০১৮	১৩.০৫.২০১৮	
		০.৫০	০.৫০			
জিডি ২৭	পেট্রোল ও অন্যান্য লুব্রিক্যান্ট	১৫.০৪.২০১৮	২১.০৪.২০১৮	৩১.১০.২০১৮	৩১.১০.২০১৮	
		৫৫০.০০	৫৫০.০০			

প্যাকেজ নং (ডিপিপি প্যাকেজ)	প্যাকেজ বিবরণ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারন
				চুক্তি অনুযায়ী	প্রকৃত	
কার্য						
ডাব্লিডি ১	ভূমি উন্নয়ন/মাটি ভরাট (কসবা-১)	১৫.০৩.২০১৭	১০.০৮.২০১৭	১২.১১.২০১৭	১২.১১.২০১৭	
	ভূমি উন্নয়ন/মাটি ভরাট (মাদারগঞ্জ-১)	২০.০৯.২০১৭	১৩.০৩.২০১৮	১৫.০৭.২০১৮	১৫.০৭.২০১৮	
		৪০১.৫৩	৪০১.৫৩			
ডাব্লিডি ২	সংযোগ সড়ক (কসবা-১)	১৫.০৩.২০১৭	২৯.০৫.২০১৮	০৭.০৬.২০১৮	০৭.০৬.২০১৮	
	সংযোগ সড়ক (মাদারগঞ্জ-১)	২০.০৯.২০১৭	১৩.০৩.২০১৮	১৫.০৭.২০১৮	১৫.০৭.২০১৮	
		১৯২.৬২	১৯২.৬২			

প্যাকেজ নং (ডিপিপি প্যাকেজ)	প্যাকেজ বিবরণ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারন
				চুক্তি অনুযায়ী	প্রকৃত	
ডাব্লিডি ৩	খনন (মাড পিট, ভিএসপি পিট খনন)	১০.০৮.২০১৭	১৬.০৮.২০১৭	১২.১১.২০১৭	১২.১১.২০১৭	
		২০.০০	২০.০০			
ডাব্লিডি ৪	নলকূপ স্থাপন	২৬.০৬.২০১৭	০৩.০৭.২০১৭	১৫.১২.২০১৭	১৫.১২.২০১৭	
		৩৪.৫০	৩৪.৫০			
ডাব্লিডি ৫	স্বাস্থ বিধান ও পানি সরবরাহ	১৫.১১.২০১৭	০৪.০৩.২০১৮	১৫.০৫.২০১৮	১৫.০৫.২০১৮	
		২০.৫০	২০.৫০			
ডাব্লিডি ৬	অন্যান্য ভবন ও স্থাপনা	১০.০৮.২০১৭	১৮.১২.২০১৭	২২.০৪.২০১৮	২২.০৪.২০১৮	
		৫৪২.২৯	৫৪২.২৯			

প্যাকেজ নং (ডিপিপি প্যাকেজ)	প্যাকেজ বিবরণ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারন
				চুক্তি অনুযায়ী	প্রকৃত	
সেবা						
এসডি ১	১) টার্ন-কী ভিত্তিতে রিগ ভাড়া ও অন্যান্য যন্ত্রপাতি ও সেবা সংগ্রহ (মাদারগঞ্জ-১ কূপ খননের জন্য) (বিস্তারিত পরিশিষ্ট ১৫ পৃষ্ঠা ৮৯-৯৯)	১৫.১২.২০১৬	১৬.০৭.২০১৭	৩১.১২.২০১৯	৩১.১২.২০১৯	
		৯,৪৮৯.০০	৯,৪৮৯.০০			
এসডি ২	১) ওয়্যার লাইন লগিং সার্ভিস	৩০.০৮.২০১৭	৩০.১১.১৭	০৭.০২.২০১৮	০৭.০২.২০১৮	
		৪২৩.২০	৪২৩.২০			
এসডি ৩	২) ডিএসটি এবং সারফেস টেষ্টিং	০৪.০৬.২০১৭	০১.০৪.২০১৮	০১.০৪.২০১৯	০১.০৪.২০১৯	
		১২৮.০০	১২৮.০০			
এসডি ৪	৩) সিমেন্টিং ইউনিট এবং ব্যাকআপ সার্ভিসেস	১১.০৯.২০১৮	২৫.০২.২০১৮	৩০.০৯.২০১৮	৩০.০৯.২০১৮	
		৯৫.০০	৯৫.০০			
এসডি ৫	৪) স্লিক লাইন সার্ভিসেস	২৭.০৯.২০১৭	০৮.০৮.২০১৮	০৪.০৪.২০১৯	০৪.০৪.২০১৯	
		১৩.০০	১৩.০০			
এসডি ৬	৫) ইঞ্জিনিয়ারিং/অপারেশন এন্ড মেইন্টেনেন্স সার্ভিসেস	১১.০৯.২০১৮	২৫.০২.২০১৮	৩০.০৯.২০১৮	৩০.০৯.২০১৮	
		১৫৯.০০	১৫৯.০০			
এসডি ৭	৬) মাড লগিং সার্ভিসেস	০৪.০৬.২০১৭	২৫.১০.২০১৭	২৪.০৩.২০১৮	২৪.০৩.২০১৮	
		৯১.০০	৯১.০০			
এসডি ৮	ক) গাড়ি ভাড়া	২৮.০৮.২০১৭	০৭.১১.২০১৭	৩১.১২.২০১৯	৩১.১২.২০১৯	
		৬২.৪০	৬২.৪০			
এসডি ৯	জরিপ (ইআইএ)	১৭.০৮.২০১৭	২৬.১২.২০১৭	৩১.১২.২০১৮	৩১.১২.২০১৮	
		৪.০০	৪.০০			

Source: প্রকল্প অফিস থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিত

২৪. অডিট সংক্রান্ত :

অডিট অর্থবছর	রিপোর্ট প্রদানের তারিখ	আপত্তিসমূহ	আপত্তি নিষ্পত্তির সর্বশেষ পর্যায়
1	2	3	4
২০১৬-১৭ এবং ২০১৭-১৮	1৯/০২/2019	১. ট্যাক্স/ভ্যাট খাতে কন্ট্রাক্টরের ইনভয়েস থেকে ৩,১৯,৬২২.০০ টাকা কর্তন করা হয়। ২. দৈনিক শ্রমিকদের মজুরী খাতে ৬,৪০,৫০০.০০ টাকা প্রদান।	অডিট চলাকালে 3 নং কলামের অডিট আপত্তিসমূহ উত্থাপিত হলেও চূড়ান্ত নিরিক্ষা প্রতিবেদনে কোন প্রকার আপত্তি উল্লেখ করা হয়নি। প্রকল্প পরিচালক কর্তৃক দাখিলকৃত প্রমাণক সংযুক্ত করা হলো। সংযুক্ত -১ ,২.৩ ও ৪
২০১৮-১৯	১৩/০২/2020	১.বাপেক্সের নিজস্ব তহবিল হতে ১১,৫১,৫২,২১২.০০ টাকা ব্রিজ ফাইনেন্সিং করণ।	
2019-2020	১৫/০৩/২০২১	নিরিক্ষা চলমান রয়েছে।	

২৫। পরিদর্শন পর্যবেক্ষণ:

বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতায় বাংলাদেশ তৈল,গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা/বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশনের এন্ড প্রডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স) কর্তৃক বাস্তবায়িত “রুপকল্প-৩ খনন প্রকল্প” ২টি অনুসন্ধান কূপ (কসবা-১ ও মাদারগঞ্জ-১) (১ম সংশোধিত) প্রকল্পটির সমাপ্ত প্রতিবেদন মূল্যায়নের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ের আইএমই বিভাগের সেক্টর-১ এর পরিচালক জনাব মোঃ আমিনুল হক প্রকল্প এলাকা (কসবা-১ ও মাদারগঞ্জ-১) পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, ও বাপেক্স-এর অন্যান্য বিভাগের প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন।

২৫.১ প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রমের স্থির চিত্রঃ (ক) রুপকল্প ৩: কসবা- ১



চিত্র১: কসবা-১ প্রকল্প গেইট



চিত্র২: কসবা-১ প্রকল্পে ব্যবহৃত ক্যাসিন



চিত্র ৩: কসবা-১ প্রকল্পের ষ্টার ট্রি (কুপর মুখ), রিগে ব্যবহৃত যন্ত্রপাতি ও সেড



চিত্র ৪: কসবা-১ প্রকল্পের রিগে ব্যবহৃত যন্ত্রপাতি ও সেড

২৫.২ ভূমি অধিযাচন/ ভূমি হকুম দখল:

কসবা-১ ও মাদারগঞ্জ-১ :

প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের মাধ্যমে শষ্য মূল্যের ক্ষতিপূরণ দিয়ে কূপ খননের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। খননকৃত কূপে গ্যাস পাওয়া সাপেক্ষে এবং সেখান থেকে বানিজ্যিকভাবে গ্যাস উত্তোলনের জন্য জমি অধিগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। তবে কূপ খননের জায়গায় সাময়িকভাবে সিভিল ওয়ার্কসহ ভূমি উন্নয়নের কাজ করা হয়েছে।

২৫.২ কসবা-১ গ্যাসক্ষেত্র খনন ও রিজার্ভঃ

কসবা-১ ভারতের ত্রিপুরা অঞ্চল এবং বাংলাদেশ সীমান্ত এলাকায় কসবা থেকে ২০ কি.মি. দূরে সালদা নদীর গ্যাস ফিল্ডের নিকট অবস্থিত। কসবা-১ Greater Rukhia Anticline (উর্ধ্বভাঁজ / অধ:ভাঁজ) অঞ্চলের অংশ এবং এই এলাকায় বৈশিষ্ট্য (NNW-SSE) উত্তরউত্তর পশ্চিম থেকে দক্ষিণ দক্ষিণ পূর্বমূখী। টেকটোনিক ভূখন্ডটি ইস্টার্ন ফোল্ডেড বেল্টে (আসাম-আরকান ফ্রন্টাল বেল্টে) বেঙ্গল বেসিনের ত্রিপুরা উর্ধ্বভাঁজের মধ্যে অবস্থিত। 3D seismic survey (সিসমিক সার্ভে) এবং অন্যান্য তথ্য-উপাত্তের উপর ভিত্তি নর্থ-১, নর্থ-২, এবং নর্থ-৩ কূপের সন্ধান লাভ করে। এছাড়া ধারণা করা হয়েছিল এই এলাকায় প্রচুর হাইড্রোকার্বন আছে যার পরিমান ১৯৩ বিসিএফ।

২৫.3 মাদারগঞ্জ -১ খনন ও গ্যাসের রিজার্ভঃ

মাদারগঞ্জ-১ প্রসফেক্ট অনুসন্ধান ব্লক-৮ এ অবস্থিত। এই কূপ অঞ্চলটি সুরমা বেসিন এর বর্ধিতাংশ যা সেল্ল জোন থেকে হিন্জ জোনে পর্যন্ত বির্স্তৃত। মূলত: এই এলাকাটি দুর্বল টেকটোনিক বলয়ের অংশ। এই স্লোপ প্যান এবং বেসিন প্যানটি স্যান্য এবং কার্বোনেটের আধিক্যতায় ধারণা করা হয়েছিল এখানে অনেক গ্যাস পাওয়ার সম্ভবনা রয়েছে। 2D seismic survey (সিসমিক সার্ভে) 79 সিরিজ : PK Series , JS Series and TM Series এবং অন্যান্য তথ্য-উপাত্তের উপর ভিত্তি BAPEX ধারনা করেছে এখানে 1831 bcf গ্যাস মজুদ রয়েছে।

২৫.৪ প্রধান প্রধান পূর্তকাজ:

রিগ ফাউন্ডেশান ২০২ ব.মি., গোডাউন -২ টা (কেমিক্যাল এবং ইলেকট্রিক্যাল) ৯৫০ ব.মি., আনসার সেড -১৮৫ ব.মি, অস্থায়ী কর্মচারী সেড -৩টা (২৫০ জন), কুকিং সেড -১০০ ব.মি. ,২২ টা ক্যারাভ্যান , নামাজের জায়গা -১টি, বাথরুম-২ টি, ডিপ টিউবওয়েল ১টা এবং শ্যালো টিউবওয়েল ২টা, ৯৫০ মিটার গ্রামীণ সড়ক নির্মাণ, ৩০ ব.মি. সেপটিক ট্যাংক ও সোক ওয়াল, পিট কেমিক্যাল বজ্য ২ টা ওয়েস্ট বজ্য ও বার্ন পিট ১৬৭৩০ কিউবিক মিটার ও বাপেক্স ফেন্সিং / কেপিআই এলাকা নির্মাণ করা হয়।

২৫.৫ গ্যাসকূপের গভীরতা খনন:

প্রকল্পের আওতায় **কসবা-১ কূপ** বাপেক্স এর রিগ দ্বারা ২৯৭৫ মি. গভীর পর্যন্ত খনন করা হয়। এই এলাকা ২টি জোনে কূপ খনন করা হয় কিন্তু উৎপাদন গ্যাসের পরিমান বাণিজ্যকভাবে সফল নয়। বাপেক্স-এর টেস্টিং ডিপার্টমেন্ট কর্তৃক পরীক্ষায় দেখা যায় গ্যসের মজুদ খুব কম মাত্র ^{2}২.০ এমএমসিএফডি উৎপাদন করা যাবে। ফলে ১৮ অক্টোবর,২০১৮ তারিখে সিমেন্ট প্লাগ লাগিয়ে দেয়া হয়।

মাদারগঞ্জ-১ কূপ খননের জন্য চূড়ান্ত ভাবে বাপেক্স-এর সাথে SOCAR AQS, Azerbaijan এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয় কিন্তু উক্ত কোম্পানি পরবর্তীতে কূপ খনন না করে Notice of Termination প্রেরণ করে ,কিন্তু বাপেক্স টার্মিনেশন লেটার গ্রহণ না করে বারবার তাগিদ পত্র দেয়ার পরও কোন পজিটিভ রেসপন্স না পাওয়ায় প্রকল্পের ৩য় স্টিয়ারিং কমিটির সভায় (পিএসসি) গত ৩১.১২.২০১৯ তারিখে গ্যাস উত্তোলন বন্ধ করে।

২৬. সমস্যা নির্ধারণ:

২৬.১) **কূপ খননের লোকেশান নির্ধারণ না করে প্রকল্প প্রণয়ন:** রুপকল্প-৩ পরিদর্শন কালে প্রতীয়মান হলো যে, লোকেশান চূড়ান্ত করার আগেই ডিপিপি প্রণয়ন করে প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে । প্রকল্প বাস্তবায়নের সময় প্রকল্পের Scope Change করে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যা প্রকল্প প্রণয়ন ও অনুমোদন প্রক্রিয়ার ব্যতয়।

২৬.২ **Cost and Time Overrun**: প্রকল্পের মূল প্রাক্কলিত ব্যয় ৩৮,২৬৩.০০ লক্ষ টাকায় জুলাই,২০১৬ থেকে জুন, ২০১৮ মেয়াদ কালে বাস্তবায়নের জন্য ২২ সেপ্টেম্বর,২০১৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদন লাভ করে। পুনরায় ৩১ মার্চ, ২০১৯ তারিখে ৪৩.৪৯% টাকা হ্রাস করে প্রকল্প ব্যয় ২১,৬২১.২৭ লক্ষ টাকা পুন:নির্ধারণ করে যার বাস্তবায়নকাল ৭৫% টাইম ওভার রান করে জুলাই ২০১৬ থেকে ডিসেম্বর,২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়। ফলে প্রকল্প প্রণয়নে বাপেক্স-এর অক্ষমতা ও বাস্তবায়নে ব্যর্থতার পরিচয় প্রতীয়মান হয়।

২৬.৩) কসবা-১ কূপ-এর ব্যবহৃত অনেক মালামাল এখনো কূপ এলাকায় খোলা আকাশের নিচে পড়ে আছে। যা ব্যবহার অনুপযোগী হতে পারে।

২৬.৪ মাদারগঞ্জ-১ কূপ খননের জন্য বাপেক্স-এর সাথে চুক্তিবদ্ধ SOCAR AQS, Azerbaijan কোম্পানি কূপ খনন না করে ফিরে যায়। এবং আজারবাইজান থেকে Notice of Termination প্রেরণ করে , বাপেক্স টার্মিনেশন লেটার গ্রহণ না করে বারবার তাগিদ পত্র দেয়ার পরও কোন পজিটিভ রেসপন্স না পাওয়ায় গ্যাস উত্তোলন বন্ধ করে দেয়া।

২৭. **সুপারিশ:**

২৭.১ আলোচ্য প্রকল্পের ডিপিপি'র উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট সংস্থাকে কূপ খনন করার বিষয়ে ভূতাত্ত্বিক সার্ভে ও অন্যান্য তথ্যকে প্রাধান্য দিয়ে অভিজ্ঞ বিশেষজ্ঞ জ্ঞান প্রয়োগ করার মাধ্যমে প্রকল্প গ্রহণ করা উচিত;

২৭.২ মাদারগঞ্জ-১ কূপ খননের জন্য চুক্তিবদ্ধ SOCAR AQS, Azerbaijan কোম্পানি কূপ খনন না করে Notice of Termination প্রেরণ করায় প্রকল্পের ডিপিপি-তে উল্লেখিত কর্মপরিকল্পনা ও ক্রয়পরিকল্পনা বাস্তবায়িত হয়নি। ফলে প্রকল্পটির ডিপিপি সংশোধন করে পুনরায় আরডিপিপি-তে নতুন কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা নির্ধারণপূর্বক কসবা-১ কূপ খনন করা হয়। এই ধরনের প্রকল্প বাস্তবায়নের বিষয়ে বাপেক্সকে আরো সচেষ্ট থাকতে হবে;

২৭.৩ SOCAR AQS, Azerbaijan কোম্পানি Notice of Termination বিষয়টি দ্রুত নিষ্পত্তি করে মাদারগঞ্জ-১ কূপ খনন করার জন্য বাপেক্সকে পুনরায় উদ্যোগ গ্রহণ করতে হবে;

২৭.৪ কসবা-১ কূপ খনন সফলভাবে শেষ হলেও বাণিজ্যিক ভিত্তিতে গ্যাস উত্তোলন সম্ভব না হওয়ায় প্রকল্প পরিচালক এবং বাপেক্স-কে অবশ্যই কূপ
এলাকায় রক্ষিত মূল্যবান যন্ত্রপাতি ও মালামাল বাপেক্স-এর কেন্দ্রীয় সংরক্ষণাগারে সংরক্ষণ করতে হবে।

২৭.৫ ভবিষ্যতে কূপ খননের জন্য বিদেশি কোম্পানির সাথে চুক্তি করার পূর্বে তাদের দক্ষতা, সক্ষমতা ও শর্তসমূহ কঠোরভাবে অনুসরণ এবং গ্যারান্টি ও ওয়ারেন্টি Clause সমূহ আরোপ করতে হবে।

২৮। অনুচ্ছেদ ২৭.১-২৭.৫ এর আলোকে গৃহিত ব্যবস্থাদির বিষয়ে আগামী ০২ (দুই) মাসের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

কনস্ট্রাকশন অব মোংলা অয়েল ইন্সটলেশন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৯)

১। প্রকল্পের নাম : কনস্ট্রাকশন অব মোংলা অয়েল ইন্সটলেশন

২। প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম : মোঃ আমিনুর রহমান, সহকারী পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১।

৩। প্রকল্প পরিদর্শনের তারিখ : ১৭-১৮/০৯/২০২১ খ্রি.

৪। প্রকল্পের অবস্থান :

বিভাগ	জেলা	উপজেলা
খুলনা	বাগেরহাট	মংলা

৫। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)

৬। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৭। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (বৈ.মু.)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন-কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৪৩৯২.১৩	২০৫৪৬.৮৪	২০৫২৬.৭১ (০.০০)	জুলাই' ২০০৭-জুন' ২০১০	জুলাই' ২০০৭-ডিসেম্বর' ২০১৯	জুলাই' ২০১৪-ডিসেম্বর' ২০১৯	৪৬৭.৮১	৪১৬.৬৭

৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি

(লক্ষ টাকায়)

কোড	অঙ্গের বিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১.১২.২০১৯)	
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
ক)	রাজস্ব ব্যয়					
৪৮০০	**সরবরাহ ও সেবা**					
৪৮২৩	জ্বালানি ও লুব্রিক্যান্ট	থোক	১১.২০	১০০%	১১.১৫	৯৯.৫৫%
৪৮২৮	অফিস স্টেশনারী	থোক	৫.৮০	১০০%	৫.৮০	১০০%
৪৮৪৫	আপ্যায়ন ব্যয়	থোক	৩.৭০	১০০%	৩.৭০	১০০%
৪৮৫১	অনিয়মিত শ্রমিক	থোক	৫.৭০	১০০%	৫.৫৫	৯৭.৩৭%
৪৯০০	**মেরামত,সংরক্ষণ ও পুনর্বাসন**					
৪৯০১	মোটর যানবাহন রক্ষণাবেক্ষণ	থোক	৩.০০	১০০%	৩.০০	১০০%
৪৯১১	অফিস ইকুইপমেন্ট রক্ষণাবেক্ষণ	থোক	৩.৩০	১০০%	৩.৩০	১০০%
উপ-মোট রাজস্ব ব্যয়			**৩২.৭০**		**৩২.৫০**	
খ)	**মূলধন ব্যয়**					
৬৮০০	সম্পদ সংগ্রহ/ ক্রয়					
৬৮০৭	ডাবল কেবিন পিকআপ ক্রয়-০১ টি	লট	৪৩.৯২	১০০%	৪৩.৯২	১০০%
৬৮১৩	**যন্ত্রপাতি,সরঞ্জাম ও স্পেয়ারস্**					
	ক) ১৪ টি স্টোরেজ ট্যাংকের জন্য যন্ত্রপাতি, সরঞ্জাম ও স্পেয়ারস্ (রি-এলাইনমেন্ট/ মডিফিকেশন অফ পাইপ লাইন)	লট	৯২৮৬.৭০	১০০%	৯২৮৬.৭০	১০০%

	খ) সাপ্লাই, ইন্সটলেশন, টেস্টিং এন্ড কমিশনিং অব ল্যাবরেটরি ইকুইপমেন্ট	লট	৭৯.৬৪	১০০%	৭৯.৬৪	১০০%
	গ) জেটির জন্য যন্ত্রপাতি, সরঞ্জাম ও স্পেয়ারস্ (অতিরিক্ত পাইপ লাইনের কাজসহ ৮টি ১০ টনের বোলার্ড)	লট	১২১২.১৫	১০০%	১২০৯.৭৬	১০০%
৬৮১৫	কম্পিউটার ও যন্ত্রাংশ (১ টি ল্যাপটপ, ১টি ডেস্কটপ এবং ১টি প্রিন্টার)	৩টি	১.৫০	১০০%	১.৫০	১০০%
৬৮১৯	অফিস সরঞ্জাম (ফটোকপি মেশিন, স্ক্যানার ইত্যাদি)	লট	২.০০	১০০%	২.০০	১০০%
৬৮২১	অফিস আসবাবপত্র	লট	৪.৮২	১০০%	৪.৮২	১০০%
৬৮২৭	বৈদ্যুতিক সরঞ্জাম					
	ক) ১৪ টি স্টোরেজ ট্যাংকের জন্য বৈদ্যুতিক সরঞ্জাম (ফায়ার ফাইটিং সিস্টেমসহ)	লট	২০০.০০	১০০%	২০০.০০	১০০%
	খ) জেনারেটর, সাব-স্টেশন, এইচটি এন্ড এলটি কেবল	লট	২৭৬.৯৪	১০০%	২৭৬.৯৪	১০০%
	গ) প্লাই, ইন্সটলেশন, টেস্টিং এন্ড কমিশনিং অব সিকিউরিটি লাইটিং	লট	৭৭.৯৮	১০০%	৭৭.৯৮	১০০%
	ঘ) জেটির জন্য বৈদ্যুতিক সরঞ্জাম		৩৭.৪৩	১০০%	৩৪.১৭	১০০%
৭০০০	পূর্ত নির্মাণ					
৭০০১	ভূমি উন্নয়ন	৬৭১৮২.২৫ ঘন মি.	১৭৮.৭০	১০০%	১৭৮.৭০	১০০%
৭০০৬	অফিস ভবন (৩x৬০০=১৮০০ বর্গ মি: + ৯৩ বর্গ মি: প্লিন্থ এরিয়া এ্যাট ট্যাংক ফার্ম)	১৮৯৩ বর্গ মি:	৬১০.৫০	১০০%	৬১০.৫০	১০০%
৭০১১	আবাসিক ভবন (৪x৩০০)বর্গ মি:	১২০০ বর্গ মি:	৩৪৮.৩৭	১০০%	৩৪৮.৩৭	১০০%
৭০১৬	অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ					
	ক) ১৪ টি স্টোরেজ ট্যাংকের জন্য ভবন ও অবকাঠামো নির্মাণ		৫২৫৪.৩৬	১০০%	৫২৫৪.৩৬	১০০%
	খ) কনস্ট্রাকশন অব সেভারেল সিভিল ইনফ্রাস্ট্রাকচার	লট	৪৩৪.১৮	১০০%	৪২০.০২	১০০%
	গ) জেটির জন্য ভবন ও অবকাঠামো নির্মাণ		২২১৪.৯৫	১০০%	২২১৪.৯৫	১০০%
৭০২১	রোড/ সাব-রোড (৫০০০ বর্গ মি: আরসিসি এন্ড ১০০৬০ বর্গ মি: বিটুমিনাস রোড)	১৫০৬০ বর্গ মি:	২৫০.০০	১০০%	২৫০.০০	১০০%
উপ-মোট মূলধন ব্যয়:			**২০৫১৪.১৪**		**২০৪৯৪.৩৩**	
৭৯৮১	গ) প্রাইস কন্টিনজেন্সি	থোক	০.০০	-	০.০০	-
৭৯৮১	ঘ) ফিজিক্যাল কন্টিনজেন্সি	থোক	০.০০	-	০.০০	-
সর্বমোট (ক+খ+গ+ঘ):			**২০৫৪৬.৮৪**		**২০৫২৬.৮৩**	

৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রযোজ্য নহে।

১০। **প্রকল্পের পটভূমি**: চট্টগ্রামস্থ পতেঙ্গায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের (বিপিসি) আওতাধীন রাষ্ট্রায়াত্ব তিনটি তেল বিপণন কোম্পানির মেইন ইন্সটলেশন অবস্থিত। দেশের ক্রমবর্ধমান জ্বালানি তেলের চাহিদা বৃদ্ধি পাওয়াতে তেল মজুদাগার বৃদ্ধির প্রয়োজন পড়ে। স্থান সংকুলানের অভাবে চট্টগ্রামস্থ মেইন ইন্সটলেশনে বড় আকারে মজুদাগার বৃদ্ধি করা সম্ভব নয়। সে

লক্ষ্যে বিপিসি'র চাহিদা মোতাবেক সরকার মংলা বন্দর শিল্প এলাকায় বন্দর সংলগ্ন ২১ নং প্লটে ২৫ একর জমি বিপিসিকে বরাদ্দ প্রদান করে। উক্ত জমির মধ্যে ট্যাংক ফার্ম, পাম্প হাউজ, ডেলিভারি শেড, ওয়্যার হাউজ এবং অফিস, আবাসিক ভবন নির্মাণের জন্য ১০.২০ একর এবং জেটি ও তৎসংলগ্ন এলাকার জন্য ৪.৫৩ একর, এলপিজি বটলিং প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে ৬.৩৭ একর এবং স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানি লিমিটেড (এসওসিএল)-কে ২.৫০ একর জমি প্রদান করা হয়। এছাড়া মংলা বন্দর কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে রেল লাইন স্থাপনের জন্য ১.৪০ একর জমি বরাদ্দ রাখা হয়েছে। মংলা বন্দর দেশের দ্বিতীয় বৃহত্তম সমুদ্র বন্দর। এ বন্দরকে কেন্দ্র করে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে জ্বালানি তেলের মজুদ গড়ে তোলার লক্ষ্যে বন্দর সংলগ্ন বরাদ্দকৃত জমিতে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক ১,০০,০০০ (এক লক্ষ) মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন দ্বিতীয় জ্বালানি প্রধান তেল স্থাপনা (2nd Main Installation) "মংলা অয়েল ইন্সটলেশন" নির্মাণের উদ্দেশ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

১১। **প্রকল্পের উদ্দেশ্য:** চট্টগ্রামে অবস্থিত একমাত্র প্রধান স্থাপনায় আমদানিকৃত পেট্রোলিয়াম পণ্য খালাস-সহ দৈব (বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছাস ইত্যাদি) কারণে কোন জটিলতা তৈরি হলে জ্বালানি তেল খালাস-সহ দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের পেট্রোলিয়াম পণ্যের চাহিদা পূরণের উদ্দেশ্যে এবং জ্বালানি তেল সরবরাহ সহজতর ও ব্যয় সাশ্রয় করে দৌলতপুর, ঝালকাঠি, বরিশাল ডিপোসমূহ-সহ পাওয়ার প্ল্যান্টে কোষ্টাল ট্যাংকারের মাধ্যমে জ্বালানি তেল পরিবহণ করা ও ট্যাংক লরির মাধ্যমে বাগেরহাট, পিরোজপুর, গোপালগঞ্জ, ফরিদপুর জেলাসমূহে জ্বালানি তেল সরবরাহকরণ, মংলা বন্দরে বিদেশ থেকে আগত জাহাজে বাংকারিং সুবিধা সহজতর করার লক্ষ্যে 2nd Main Installation নামে অভিহিত করে ডিপিপি প্রণয়ন করা হয়। জ্বালানি তেলের মজুদ বৃদ্ধির লক্ষ্যে মংলা অয়েল ইন্সটলেশন প্রকল্পে ভূমি উন্নয়ন ও মূল ডিপিপি'তে ৫৯,৬০০ (উনষাট হাজার ছয়শত) মে. টন মজুদ তৈরির লক্ষ্যে ৬,২০০ মে. টন - ০৩টি, ৬,০০০ মে. টন- ৬টি ও ৮,০০০ মে. টন - ০১টি মোট ১০টি পেট্রোলিয়াম স্টোরেজ ট্যাংক নির্মাণ করার উদ্দেশ্য অন্তর্ভুক্ত করা হয়েছিল। পরবর্তীতে মজুদ বৃদ্ধি করে ১,০০,০০০ (এক লক্ষ) মে. টন ধারণক্ষমতায় উন্নীতের লক্ষ্যে ১ম সংশোধিত ডিপিপি' তে ১৪ টি পেট্রোলিয়াম স্টোরেজ ট্যাংক (১৫০০০ মে.টন - ০৩টি, ১০০০০ মে.টন - ০১টি, ৭০০০ মে.টন -০১টি, ৫০০০ মে.টন - ০৫টি, ৪০০০ মে.টন - ০১টি ও ৩০০০ মে.টন-০৩টি), পাইপ লাইন, প্রডাক্ট পাম্প হাউজ, অটোগেজিং, ক্যাথোডিক প্রটেকশন, ০২টি ফ্লোটিং রুফ ট্যাংক, অটো-ম্যানুয়াল ফায়ার ফাইটিং সিস্টেম, ফায়ার পাম্প হাউজ, ফায়ার পন্ড, ফায়ার ওয়াটার ট্যাংক (৪০০০ মে.টন), ফোম ট্যাংক, ডলফিন অয়েল জেটি; DOJ DWT 15000-30000, ০৪টি মেরিন লোডিং আর্ম (MLA), ৫০০ কেভিএ সাব স্টেশন ও জেনারেটর, ফুয়েল টেস্টিং ল্যাবরেটরি ইকুইপমেন্ট, ওয়্যার হাউজ, প্রোডাক্ট ফিলিং গ্যান্ট্রি, আরসিসি/ বিটুমিনাস রাস্তা, শোর প্রটেকশন, বাউন্ডারি ওয়াল, ইন্টারনাল ফেন্সিং, সিকিউরিটি ব্যারাক, অফিস ভবন, আবাসিক/ ডরমিটরি ভবন-সহ অন্যান্য স্থাপনাদি নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধন:

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয় **(লক্ষ টাকায়)**				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	মূল/ পূর্ববর্তী আরডিপিপি'র সাপেক্ষে পরিবর্তন	
	মোট	জিও বি	প্র.সা.	নিজস্ব অর্থায়ন (পিওসিএল/ এমপিএল/ জেওসিএল)			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৪৩৯২.১৩	-	-	৪৩৯২.১৩	জুলাই' ২০০৭-জুন' ২০১০	০৭/১০/২০১০	০.০০	০.০০
সংশোধিত (১ম)	১৭৮৯৯.০০	-	-	১৭৮৯৯.০০	জুলাই' ২০০৭-জুন' ২০১৪	০৯/০৭/২০১২	৩০৭.৫২	১৩৩.৩৩
সংশোধিত (২য়)	২০০১৮.০০	-	-	২০০১৮.০০	জুলাই' ২০০৭-জুন' ২০১৭	২৫/১০/২০১৫	১১.৮৪	৪২.৮৬
সংশোধিত (৩য়)	২০৪৫৬.০০	-	-	২০৪৫৬.০০	জুলাই' ২০০৭-মার্চ' ২০১৮	১৫/০৬/২০১৭	২.১৯	৭.৫০

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয় **(লক্ষ টাকায়)**				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	মূল/ পূর্ববর্তী আরডিপিপি'র সাপেক্ষে পরিবর্তন	
	মোট	জিও বি	প্র.সা.	নিজস্ব অর্থায়ন (পিওসিএল/ এমপিএল/ জেওসিএল)			ব্যয় (%)	মেয়াদ (%)
সংশোধিত (৪র্থ)	২০৫৪৬.৮৪	-	-	২০৫৪৬.৮৪	জুলাই' ২০০৭- ডিসেম্বর' ২০১৯	১৩/১১/২০১৯	০.৪৪	১৬.২৮

১৩। প্রকল্প সংশোধনের প্রধান কারণ:

১ম সংশোধনীর কারণ:

- পেট্রোলিয়াম পণ্যের ক্রমাগত চাহিদা বৃদ্ধি পাওয়ায় মজুদাগার বাড়ানোর লক্ষ্যে মূল ডিপিপি'তে প্রস্তাবিত ধারণক্ষমতা ৫৯,৬০০ (উনষাট হাজার ছয়শত) মেট্রিক টন হতে ১০০০০০ (এক লক্ষ) মেট্রিক টনে বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হওয়ায় ডিপিপি'তে প্রস্তাবিত WR-1 & WR-5 প্যাকেজের আওতায় ১০টি মজুদাগারের স্থলে ১৪টি মজুদাগার নির্মাণ করার সিদ্ধান্ত গ্রহণের কারণে প্রকল্প ব্যয় ও সময় বৃদ্ধি পেয়েছে;

- এছাড়াও মূল ডিপিপি'র কাজের বাইরে ফায়ারফাইটিং সিস্টেম, ট্যাংকসমূহে অটোগেজিং সিস্টেম, পাইপলাইনের ক্যাথোডিক প্রটেকশন ও ২টি ট্যাংকে ফ্লোটিং রুফ করার সিদ্ধান্ত গ্রহণের কারণেও প্রকল্পের ব্যয় ও সময় বৃদ্ধি পেয়েছে;

২য় সংশোধনীর কারণ:

- ১৪টি পেট্রোলিয়াম স্টোরেজ ট্যাংক ও জেটি নির্মাণের লক্ষ্যে SR-1 প্যাকেজের আওতায় পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত ০১/০৭/২০১২ তারিখে EOI ইস্যু করা হয়। প্রাপ্ত দরপত্রসমূহের দলিলাদি পর্যালোচনায় উপযুক্ত যোগ্যতাসম্পন্ন পরামর্শক প্রতিষ্ঠান না পাওয়ায় সমস্ত প্রতিষ্ঠানকে মূল্যায়ন কমিটি Non-responsive হিসেবে ঘোষণা করে। তেল বিপণন কোম্পানিসমূহের পেট্রোলিয়াম অয়েল ট্যাংক ও পাইপলাইন ডিজাইন/ নির্মাণের ব্যাপারে ব্যাপক অভিজ্ঞতা রয়েছে। সে জন্য EPC চুক্তির মাধ্যমে পেট্রোলিয়াম অয়েল ট্যাংক, পাইপলাইন ও সংশ্লিষ্ট স্থাপনা যথা রিসিভিং, ডেলিভারি পয়েন্ট, ফায়ারফাইটিং সিস্টেম, সাব-স্টেশন ইত্যাদি কাজ কোম্পানিসমূহের ব্যবস্থাপনায় করার ব্যাপারে মূল্যায়ন কমিটি সুপারিশ প্রদান করে। যেহেতু তেল বিপণন কোম্পানিসমূহের জেটি ডিজাইনের অভিজ্ঞতা নেই, সে জন্য জেটি ও ইমারত নির্মাণের নিমিত্ত পুনঃ-বিজ্ঞপ্তির মাধ্যমে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্যেও মূল্যায়ন কমিটি সুপারিশ করে। মূল্যায়ন কমিটির সুপারিশক্রমে ১৪টি ট্যাংক নির্মাণের লক্ষ্যে WR-1 & WR-5 প্যাকেজের আওতায় ঠিকাদার নির্মাণের লক্ষ্যে ১৭/০৭/২০১৪ তারিখে দরপত্র আহবান করা হয়। যথাযথ প্রক্রিয়া অনুসরণ ও পর্যালোচনাপূর্বক মূল্যায়ন কমিটি নভেম্বর' ২০১৩ মাসে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান মেসার্স ম্যাক্সওয়েল ইঞ্জিনিয়ারিং লি:-পাইপলাইনার্স লি: (জেভি)-এর সঙ্গে চুক্তি সম্পাদনের জন্য সুপারিশ প্রদান করেন। এ পর্যায়ে সর্বনিম্ন ঠিকাদারের অভিজ্ঞতা সনদের বিষয়ে বেনামে সরকারি বিভিন্ন মন্ত্রণালয় ও দুর্নীতি দমন কমিশন (দুদক)-এ অভিযোগ দাখিল করে। সে প্রেক্ষিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কমিটি গঠন করে দীর্ঘদিন তদন্ত করে অভিযোগের সত্যতা না পাওয়ায় সর্বনিম্ন ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স ম্যাক্সওয়েল ইঞ্জিনিয়ারিং লি:-পাইপলাইনার্স লি: (জেভি)-এর সাথে ২ জুলাই, ২০১৪ সালে চুক্তি সম্পাদিত হয়। একারণে প্রকল্পের ব্যয় ও সময় বৃদ্ধি পেয়েছে।

- মূল্যায়ন কমিটির সুপারিশক্রমে জেটি নির্মাণের লক্ষ্যে SR-1 প্যাকেজের আওতায় পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে পুনরায় EOI আহবান করা হয়। প্রাপ্ত দরপত্রসমূহের দলিলাদি পর্যালোচনায় উপযুক্ত যোগ্যতাসম্পন্ন পরামর্শক প্রতিষ্ঠান না পাওয়ায় সমস্ত প্রতিষ্ঠানকে মূল্যায়ন কমিটি Non-responsive হিসেবে ঘোষণা করে এবং EPC চুক্তির মাধ্যমে বর্ণিত জেটি নির্মাণ কাজ সম্পাদনের জন্য সুপারিশ প্রদান করে। মূল্যায়ন কমিটির সুপারিশক্রমে জেটি নির্মাণের লক্ষ্যে WR-2 প্যাকেজের আওতায় EPC ঠিকাদার নিয়োগের লক্ষ্যে ১৭/০৪/২০১৪ তারিখে দরপত্র আহবান করা হয়। মূল ডিপিপি'তে WR-2 প্যাকেজের আওতায় শুধু জেটি নির্মাণ কাজ অন্তর্ভুক্ত ছিল এবং যার প্রাক্কলিত মূল্য ১১.২০ (এগার দশমিক বিশ) টাকা। কিন্তু বাস্তবতার নিরিখে এবং ভবিষ্যৎ পরিকল্পনায় ১৫,০০০ -

৩০,০০০ DWT ধারণক্ষমতাসম্পন্ন জেটি নির্মাণের ব্যাপারে বিপিসি কর্তৃক গঠিত কমিটির সুপারিশের প্রেক্ষিতে প্রস্তাবিত জেটির আকার বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে আলোকে ৪টি মেরিন লোডিং আর্ম (MLA), জেটি পরিচালনার জন্য সাব-স্টেশন, ফায়ারফাইটিং সিস্টেম, এপ্রোচ ব্রিজ, পাইপলাইন-সহ জেটি নির্মাণের জন্য দরপত্র দলিল প্রস্তুত করা হয়। প্রাপ্ত দরপত্রসমূহের দলিলাদি পর্যালোচনায় করে মূল্যায়ন কমিটি ২৮/১২/২০১৪ তারিখে কারিগরিভাবে নির্বাচিত ও সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান মেসার্স এস.এস. রহমান ইন্টারন্যাশনাল এন্ড এফ.এম.সি ডকইয়ার্ড জেভি কোম্পানি-কে বর্ণিত কাজ সম্পাদনের নিমিত্ত কার্যাদেশ প্রদানের সুপারিশ প্রদান করে। একারণেও প্রকল্পের ব্যয় ও সময় বৃদ্ধি পেয়েছে।

৩য় সংশোধনীর কারণ:

- প্রকল্পের GD-1 প্যাকেজের আওতায় ০১টি জীপ (প্রকল্প পরিচালকের জন্য) ও ০১টি ডাবল কেবিন পিক-আপ (প্রকল্প সংশ্লিষ্ট কাজের জন্য) ১৪০.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। তন্মধ্যে জীপ গাড়ীটি ক্রয়ের জন্য ৯০.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। বিপিসি'র সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত প্যাকেজের আওতায় শুধুমাত্র ০১টি ডাবল কেবিন পিক-আপ ক্রয়ের সিদ্ধান্ত হওয়ায় এ খাতে ৯০ লক্ষ টাকা ব্যয় হ্রাস পেয়েছে।
- অফিস ভাড়ার জন্য ৫.৪০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। কিন্তু প্রকল্প এলাকায় অস্থায়ী ভিত্তিতে টিন-শেডের প্রকল্প কার্যালয় নির্মাণ করার ফলে আলাদাভাবে অন্যত্র অফিস ভাড়া না করার কারণে এ খাতের বরাদ্দকৃত ৫.৪০ লক্ষ টাকা অর্থ ব্যয় হ্রাস পেয়েছে।
- প্রকল্পের WR-3 প্যাকেজের আওতায় ৩তলা বিশিষ্ট অফিস ভবন (৩X৬০০=১৮০০ বর্গমিটার) ও ট্যাংক ফার্মের কন্ট্রোলরুম (৯৩ বর্গমিটার) নির্মাণের জন্য ০৩/০১/২০১৬ তারিখে ও ০৭-০৮/০৬/২০১৬ তারিখে পুনঃদরপত্র, ৪তলা বিশিষ্ট আবাসিক ভবন (৪X৩০০=১২০০ বর্গমিটার) ও অভ্যন্তরীণ রাস্তা নির্মাণের জন্য ১১-১২/০৪/২০১৭ তারিখে এবং ওয়্যার হাউজ, সিকিউরিটি ব্যারাক, শোর প্রটেকশন (২৭০ মিটার), ভূমি উন্নয়ন, সীমানা প্রাচীর ও গেট-সহ ইন্টারনাল ফেন্সিং নির্মাণের জন্য ২৬-২৭/০৯/২০১৭ তারিখে ঠিকাদার নিয়োগের নিমিত্ত দরপত্র আহবান করা হয়। অফিস ভবন ও আবাসিক ভবন নির্মাণের জন্য ২০০৬-০৭ সময়ে প্রাক্কলন সম্পন্ন করা হয়। পরবর্তীতে বর্ণিত অফিস ভবন নির্মাণের জন্য ও আবাসিক ভবন নির্মাণের জন্য ২০১৬-২০১৭ সময়ে দরপত্র আহবান করা হলে সর্বনিম্ন দরদাতা কর্তৃক উদ্ধৃত দর প্রাক্কলিত মূল্যের চেয়ে বেশী হওয়ায় বর্ণিত কাজের জন্য পুনরায় PWD Schedule, 2014 অনুসারে প্রাক্কলন সম্পন্ন করা হয়। অফিস ভবনের সর্বনিম্ন দরদাতা কর্তৃক উদ্ধৃত দর ৬১০.৫০ লক্ষ টাকা এবং আবাসিক ভবন ও আরসিসি/বিটুমিনাস রোডের সর্বনিম্ন দরদাতা কর্তৃক উদ্ধৃত দর ৫৯৮.৩৭ লক্ষ টাকা পুনঃপ্রাক্কলিত দরের প্রেক্ষিতে যুক্তিসংগত বিচেনায় মূল্যায়ন কমিটির সুপারিশক্রমে ও কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানকে যথাক্রমে ০২/০৭/২০১৭ ও ১১/০৯/২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়। একারণে প্রকল্পের ব্যয় ও সময় বৃদ্ধি পেয়েছে।

৪র্থ সংশোধনীর কারণ:

- প্রকল্প এলাকায় ডিপিপি মোতাবেক WR-1 & WR-5 প্যাকেজের আওতায় ০৫টি প্রডাক্ট (MS, HOBC, SKO, HSD & FO)-এর ১৪টি ট্যংকের পাইপলাইনসহ যাবতীয় কাজ সম্পন্ন করা হয়। পরবর্তীতে বিপিসি'র চেয়ারম্যান মহোদয় ০৮/০৭/২০১৭ তারিখে প্রকল্প এলাকা পরিদর্শনের সময় প্রেক্ষাপট বিবেচনায় এ স্থাপনায় কেবলমাত্র ০২টি প্রডাক্ট (HSD & FO) পরিচালনা করা হবে মর্মে সিদ্ধান্ত প্রদান করেন। এ সিদ্ধান্তের প্রেক্ষিতে ১৪টি পেট্রোলিয়াম ট্যাংকের পাইপলাইন, পাম্প হাউজ-সহ আনুষঙ্গিক কাজের পুনর্বিন্যাস বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা মোতাবেক বিপিসি কর্তৃক গঠিত কমিটির সুপারিশ মোতাবেক যাবতীয় পুনর্বিন্যাস কাজ সম্পন্ন করা হয়। একারণে প্রকল্পের ব্যয় ও সময় বৃদ্ধি পেয়েছে।
- ১৪টি পেট্রোলিয়াম ট্যাংকের পাইপলাইন, পাম্প হাউজ-সহ আনুষঙ্গিক কাজের পুনর্বিন্যাস করার ফলে WR-2 প্যাকেজের আওতায় জেটির পাইপলাইন ও আনুষঙ্গিক কাজের পুনর্বিন্যাস করতে হয়েছে। জেটি পরিচালনার নিমিত্ত চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এর বিশেষজ্ঞগণ কর্তৃক ভেটিংকৃত ড্রয়িং-এ ০৪টি ব্রেস্টিং ডলফিন ও ০৪টি মুরিং ডলফিনে ০৮টি ৮০ টনের বোলার্ড ও ০৮টি ১০ টনের বোলার্ড স্থাপনের নির্দেশনা মোতাবেক যাবতীয় কাজ সম্পাদন করা হয়, কিন্তু দরপত্র দলিলের BOQ-তে শুধুমাত্র ০৮টি ৮০ টনের বোলার্ড স্থাপনের বিবরণ লিপিবদ্ধ থাকায় অবশিষ্ট বোলার্ড ঠিকাদার কর্তৃক ক্রয় করে জেটিতে অতিরিক্ত কাজ হিসেবে স্থাপন করা হয়েছে। এছাড়াও, পশুর নদীর ড্রাফট যথেষ্ট না থাকায় এবং ভবিষ্যতে জেটি পরিচালন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত অপেক্ষাকৃত বেশী ড্রাফট সম্পন্ন ট্যাংকার জেটিতে বার্থিং-এর সুযোগ রাখার জন্য জেটিটি পূর্বনির্ধারিত স্থান হতে নদীগর্ভে আরও প্রায় ৫০মিটার সরিয়ে স্থাপন করতে হয়েছে। এ কারণে জেটির এপ্রোচ রোড ও ব্রিজ-সহ আনুষঙ্গিক কাজ অতিরিক্ত হিসেবে সম্পাদন করা হয়েছে। একারণে প্রকল্পের ব্যয় ও সময় বৃদ্ধি পেয়েছে।

- প্রকল্প এলাকায় আরডিপিপি মোতাবেক WR-3 প্যাকেজের আওতায় মংলা অয়েল ইনস্টশলেশনের পশুর নদীর তীরবর্তী এলাকা শোর প্রটেকশন করার জন্য শোরের দিকে প্রায় ৫০মিটার পর্যন্ত বালু ভরাট করা হয়। মংলা বন্দরের মূল ড্রেন প্রকল্প এলাকার মধ্য দিয়ে পশুর নদীতে পড়ায় অতিবৃষ্টির ফলে পানি বের হওয়ার সময় প্রবল স্রোতে শোর প্রটেকশন ক্ষতিগ্রস্ত হয়। একারণে শোর প্রটেকশন রক্ষার নিমিত্ত উক্ত এলাকায় মূল ড্রেনের সাথে আরসিসি কানেকশন ক্যানাল ড্রেন নির্মাণ করা হয়, যা অতিরিক্ত কাজ হিসেবে সম্পাদন করা হয়েছে। এছাড়া ভরাটকৃত বালির সারফেস এরিয়ার পানি নিষ্কাশনের জন্য ০২টি স্ট্রম ড্রেন ও ক্যানালের দুই পার্শ্বেও ড্রেন নির্মাণ করা হয়। একারণে প্রকল্পের ব্যয় ও সময় বৃদ্ধি পেয়েছে।

- তাছাড়া ভূমি উন্নয়ন বাবদ বরাদ্দকৃত অর্থ ছিল ২১৮.৭৯ লক্ষ টাকা, ভূমি উন্নয়ন বাবদ খরচ ১৭৮.৭০ লক্ষ টাকা। বর্ণিত কাজদ্বয়ের বরাদ্দকৃত অর্থ ডিপিপি হতে বাদ দেয়া হয়েছে। ফলে এ খাতে ব্যয় হ্রাস পেয়েছে।

- ০১টি ডাবল কেবিন পিক-আপ ক্রয়ে ৪৩.৯২ লক্ষ টাকায় ব্যয় হওয়ায়, এ খাতে ৬.০৮ লক্ষ টাকা ব্যয় হ্রাস পেয়েছে।

- প্রকল্পের খরচের জন্য কন্টিনজেন্সি হিসেবে অর্থ কোড ৭৯৮১ প্রাইস কন্টিনজেন্সি টাকা ৯৮.০৭ লক্ষ এবং ফিজিক্যাল কন্টিনজেন্সি টাকা ৭৭.৪৬ লক্ষ, সর্বমোট ১৭৫.৫৩০ লক্ষ টাকা খরচ না হওয়ায় তা সংশোধিত ৪র্থ ডিপিপি হতে বাদ দেয়া হয়েছে।

১৪। আর্থিক অগ্রগতি:

(লক্ষ টাকায়)

	এডিপি/ আরএডিপি বরাদ্দ			জিওবি অর্থ ছাড়	ব্যয়			অব্যয়িত নিজস্ব অর্থ
অর্থ বছর	মোট	জিওবি	পিএ		মোট	টাকা	পিএ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১৩-২০১৪	১৭৭২৮.০০	-	-	-	১৭৬.৫৫	-	-	১৭৫৫১.৪৫
২০১৪-২০১৫	১৭৭২২.০০	-	-	-	৫০৮২.২২	-	-	১২৬৪৫.৭৮
২০১৫-২০১৬	৭০০০.০০	-	-	-	৬০৬৬.২২	-	-	৯৩৩.৭৮
২০১৬-২০১৭	২৫০০.০০	-	-	-	৩৩২৮.১১	-	-	-৮২৮.১১
২০১৭-২০১৮	৫৫৮৯.০০	-	-	-	২৩৭৮.৮৭	-	-	৩২১০.১৩
২০১৮-২০১৯	৩২৯৭.০০	-	-	-	২৫৪৮.৫৮	-	-	৭৪৮.৪২
২০১৯-২০২০	৯৬৬.২৯	-	-	-	৯৪৬.২৮	-	-	২০.০১
মোট					**২০৫২৬.৮৩**			**২০.০১**

১৫। প্রকল্পের প্রধান প্রধান ক্রয়/ কাজ সংক্রান্ত তথ্য (আরডিপিপি'র তথ্যানুযায়ী):

প্রকল্পের WR-1 হতে WR-6 পূর্ত কাজে প্যাকেজের আওতায় কাজ বাস্তবায়নের ক্ষেত্র ৯টি দরপত্রের মাধ্যমে বহুল প্রচারিত সংবাদ পত্রের মাধ্যমে উন্মুক্ত দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করা হয়। উল্লেখ্য, প্যাকেজ নং WR-1 & WR-5 বিপিসির মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রীসভা কমিটিতে (CCGP) অনুমোদিত হয়। WR-2 প্যাকেজের কাজটি উন্মুক্ত দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুমোদনক্রমে কাজ বাস্তবায়ন করা হয়। অন্যান্য প্যাকেজের আওতায় কাজসমূহের প্রাক্কলন Head of Procuring Entitity (HOPE) তথা চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের আওতায় থাকায় উন্মুক্ত দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে তার অনুমোদনক্রমে বাস্তবায়ন করা হয়।

প্যাকেজের কাজসমূহ নিম্নরুপ:

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	কাজের বিবরণ	ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন	চুক্তিমূল্য		দরপত্র প্রস্তাব		সরবরাহ/ কাজ সম্পাদনের তারিখ	
			চুক্তিমূল্য	সংশোধিত চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
WR-1 & WR-5	১৪টি পেট্রোলিয়াম ষ্টোরেজ ট্যাংক নির্মাণসহ অটোগেজিং সিষ্টেম	১৪২৯৮.৩২ + ২০০.০০ =১৪৪৯৮.৩২	১৪৪০০.০০	১৪৭৪০.৭৩	০৫-১০/০৪ /২০১৩	০২/০৭/২০১৪	০২/০১/২০১৬	০২/১২/২০১৯

- WR-1 & WR-5 প্যাকেজের কাজটি ঠিকাদার নির্বাচন করার জন্য EPC সংক্রান্ত সংশ্লিষ্ট Specific Experience হিসেবে ৭.৫০ কোটি টাকা ও ১০,০০০ মে. টন অথবা ২× ৫০০০ মে. টন পেট্রোলিয়াম ট্যাংক নির্মাণের অভিজ্ঞতা সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত/ বিপিসি/ বিপিসি'র অঙ্গ প্রতিষ্ঠান/ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীন বেসরকারি বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের সনদ প্রদান করতে বলা হয়। সেক্ষেত্রে সর্বনিম্ন ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স ম্যাক্সওয়েল ইঞ্জিনিয়ারিং লি:-পাইপলাইনার্স লি: (জেভি) বিপিসি'র অঙ্গ প্রতিষ্ঠান পদ্মা অয়েল কোম্পানি লিমিটেডের শাহ্ আমানত ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট, চট্টগ্রামের JET A-1 ট্যাংক, পাইপলাইন, পাম্প স্টেশন-সহ যাবতীয় কাজ EPC এর মাধ্যমে সম্পন্ন করেছিল মর্মে সনদ প্রদান করেছিল। ফলে মূল্যায়ন কমিটি নভেম্বর' ২০১৩ চুক্তি সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর অন্যান্য ঠিকাদারি প্রতিষ্ঠান বেনামে সরকারি বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থা তথা দুদকে অভিযোগ দেয়। সে প্রেক্ষিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কমিটি গঠন করে দীর্ঘদিন তদন্ত করে অভিযোগের সত্যতা না পাওয়ায় সর্বনিম্ন ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স ম্যাক্সওয়েল ইঞ্জিনিয়ারিং লি:-পাইপলাইনার্স লি: (জেভি)-এর সাথে ২ জুলাই' ২০১৪ সালে চুক্তি সম্পাদিত হয়। পরবর্তীতে দুদক পুনরায় অভিযোগের ব্যাপারে তদন্ত শুরু করলে ঠিকাদারের কাজ ব্যাহত হতে থাকে। প্রকল্প পরিচালক-সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও ঠিকাদারি প্রতিষ্ঠান বিভিন্ন সময় দুদকের বিভিন্ন অভিযোগের জবাব দিতে থাকে। অতঃপর দুদক অভিযোগের ব্যাপারে কোনরূপ সত্যতা না পাওয়ায় ১৯/১২/২০১৬ খ্রি. অব্যাহতি প্রদান করায় ঠিকাদার পুরোদমে কাজ শুরু করে ২০১৮-তে তাদের আওতাধীন কাজ সম্পন্ন করে।
- বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)-এর জায়গা হতে স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানি লিমিটেড (এসএওসিএল)-কে প্রকল্প এলাকা হতে জায়গা প্রদান ও প্রকল্প এলাকার ভিতর দিয়ে মংলা বন্দরের জেটিতে রেললাইন স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করায় পুনরায় লে-আউট ড্রইং বিস্ফোরক অধিদপ্তরের অনুমোদন করাতে হয়। ফলশ্রুতিতে কাজ শুরুতে বিলম্ব হয়।
- মংলা অয়েল ইন্সটলেশন প্রকল্পে ০৫টি প্রডাক্টের (MS, HOBC, SKO, HSD & FO) জন্য স্থাপিত ১৪টি পেট্রোলিয়াম স্টোরেজ ট্যাংকের পাইপ লাইন-সহ WR-1 & WR-5 প্যাকেজের আওতায় যাবতীয় কাজ সম্পন্ন করা হলেও পরবর্তীতে বিপিসি চেয়ারম্যান মহোদয় ০৮/০৭/২০১৭ তারিখে প্রকল্প এলাকা পরিদর্শনের সময় প্রেক্ষাপট বিবেচনায় এ স্থাপনায় কেবলমাত্র ০২টি প্রডাক্ট (HSD & FO) পরিচালনা করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হওয়ায় কমিটির সুপারিশক্রমে পুনরায় পাইপ লাইনসহ পাম্প হাউজ পুনর্বিন্যাস করার কারণে কাজে বিলম্ব হয়। সে মোতাবেক আরডিপিপি প্রণয়ন করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হলে ০৭/০১/২০১৯ তারিখে অনুমোদনের পর পাইপ লাইন পুনর্বিন্যাসের কাজ সম্পন্ন করা হয়। ডলফিন অয়েল জেটি নির্মাণ কাজ সম্পাদনে বিলম্ব হওয়ার কারণে প্রধান স্থাপনা, চট্টগ্রাম হতে পেট্রোলিয়াম পণ্য আনয়ন করা যায়নি। সে কারণে ট্যাংকের অটোগেজিং-সহ কমিশনিং সম্পন্ন করতে না পারায় বিলম্ব হয়।

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	কাজের বিবরণ	ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন	চুক্তিমূল্য		দরপত্র প্রস্তাব		সরবরাহ/ কাজ সম্পাদনের তারিখ	
			চুক্তিমূল্য	সংশোধিত চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
WR-2	ডলফিন অয়েল জেটি নির্মাণসহ ৪টি লোডিং আর্ম স্থাপন	১১২০.০০	৩৩৮৮.৮৯	৩৪৬৪.৪২	১৪/০৮/২০১৪	১৩/০১/২০১৬	১৩/০১/২০১৭	০৩/১২/২০১৯

- ডলফিন অয়েল জেটি নির্মাণ ঠিকাদারি প্রতিষ্ঠান এসএস রহমান ইন্টারন্যাশনাল এবং এফএমসি ডকইয়ার্ড (জেভি) কোম্পানির সাথে ১৩/০১/২০১৬ খ্রি. চুক্তি স্বাক্ষরিত হয়। কিন্তু এফএমসি ডকইয়ার্ড কাজ না করে সময় ক্ষেপণ করতে থাকে। এ ব্যাপারে প্রকল্প পরিচালক বারংবার তাগাদা পত্র প্রদান করলে পরবর্তীতে পারফরম্যান্স গ্যারান্টির টাকা রক্ষার স্বার্থে লিড পার্টনার এসএস রহমান ইন্টারন্যাশনাল ডিসেম্বর' ২০১৬ হতে কাজ শুরু করতে বাধ্য হয়। ফলে কাজে প্রায় এক বছর বিলম্ব হয়।
- প্রকল্প সংলগ্ন পশুর নদীতে ড্রাফটজনিত অনাকাঙ্ক্ষিত অবস্থা হতে উত্তরণের জন্য নির্মাণাধীন জেটি নদীর অভ্যন্তরে পশ্চিম দিকে প্রায় ৫০মিটার ভিতরে স্থাপনের কারণে মংলা বন্দর কর্তৃপক্ষ (মবক) কর্তৃক অনুমোদনে সময়ক্ষেপণ হয়। এ কারণে কাজে বিলম্ব হয়।
- ফরেন জাহাজের আমদানিকৃত পেট্রোলিয়াম পণ্য খালাসের নিমিত্ত দরপত্র মোতাবেক জেটিতে মেরিন লোডিং আর্ম (MLA) স্থাপন করতে হয় এবং জাপান হতে এ মেরিন লোডিং আর্ম (MLA) আমদানি করার উদ্দেশ্যে পরিদর্শনে সময়ক্ষেপণ হয় ফলে আমদানি করতে বিলম্ব হয়। পরবর্তীতে জেটিতে মেরিন লোডিং আর্ম (MLA) স্থাপনের জন্য জাপান হতে এক্সপার্ট আসতে বিলম্ব হওয়ায় কাজ দেরীতে শুরু হয়।

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	কাজের বিবরণ	ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন	চুক্তিমূল্য		দরপত্র প্রস্তাব		সরবরাহ/ কাজ সম্পাদনের তারিখ	
			চুক্তিমূল্য	সংশোধিত চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
WR-3	(i) তিন তলাবিশিষ্ট অফিস ভবন (৩X৬০০=১৮০০ বর্গ মি. ও এক তলা বিশিষ্ট কন্ট্রোল ভবন (৯৩ বর্গ মি.)	২৫০.০০	৬১০.৫০	৬১০.৫০	০৭-১৪/০৬/২০১৬	০২/০৭/২০১৭	০২/০১/২০১৮	১৫/০৯/২০১৯
	(ii) চারতলা বিশিষ্ট আবাসিক ভবন (৪X৩০০=১২০০ বর্গ মি.) এবং আরসিসি/ বিটুমিনাস রোড	১৮৫.০০	৫৯৮.৩৭	৫৯৮.৩৭	১২-১৭/০৪/২০১৭	১১/০৯/২০১৭	১১/০৩/২০১৮	০৪/১২/২০১৯
	(iii) ওয়ার হাউজ, শোর প্রটেকশন, সিকিউরিটি ব্যারাক, ভূমি উন্নয়ন ও বাউন্ডারি ওয়াল-ইন্টারনাল ফেন্সিং নির্মাণ কাজ।	৪৪৩.৭৯	৪০৭.৩৪	৪৪৭.৬১	২৭/০৯/২০১৭ ০৩/১০/২০১৭	০৭/১২/২০১৭	০৭/০৩/২০১৮	০৫/১২/২০১৯
	(iv) ফিলিং গ্যান্ট্রি নির্মাণ কাজ	৭৫.০০	৭৫.০০	৭১.৬২	১৫-২০/১২/২০১৬	২৩/০৩/২০১৭	২৩/০৬/২০১৭	১০/১২/২০১৮

- ঠিকাদারি প্রতিষ্ঠান কাজ শুরুর পরপরই রড, ইট, বালি, সিমেন্টসহ সংশ্লিষ্ট নির্মাণ সামগ্রীর দাম মাত্রাতিরিক্ত বৃদ্ধি পাওয়ায় ঠিকাদারি প্রতিষ্ঠানের ব্যয় বৃদ্ধির জন্য বারংবার আবেদন করে। কিন্তু কর্তৃপক্ষ ব্যয় বৃদ্ধির ব্যাপারে কোন শর্ত না থাকায় তা বিবেচনা করতে পারেনি। সে কারণে কাজ সম্পন্নে বিলম্ব হয়।
- জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী বিপিসি'র কর্তৃক গঠিত কমিটির সুপারিশের আলোকে অতিরিক্ত কাজ হিসেবে ক্যানাল মেকিং ও স্ট্রম ড্রেন নির্মাণ কাজে অতিরিক্ত সময়ের প্রয়োজন হওয়ায়, কাজে বিলম্ব হয়।

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	কাজের বিবরণ	ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন	চুক্তিমূল্য		দরপত্র প্রস্তাব		সরবরাহ/ কাজ সম্পাদনের তারিখ	
			চুক্তিমূল্য	সংশোধিত চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
WR-4	(i) সাব-ষ্টেশন ভবন নির্মাণসহ ৫০০ কে.ভি.এ সাব-ষ্টেশন সরবরাহ, স্থাপন, টেষ্টিং ও কমিশনিং	১৭৫.০০	১৯৭.০৫	২০৭.০৫	২২-২৫/০৫/২০১৬	২১/১১/২০১৬	২০/০৫/২০১৭	০৩/১০/২০১৮
	(ii) ৫০০ কেভিএ ডিজেল জেনারেটর সরবরাহ, স্থাপন, টেষ্টিং ও কমিশনিং	৭৫.০০	৬৯.৯০	৬৯.৯০	০৮-১৩/০৩/২০১৭	৩১/০৮/২০১৭	২৯/১১/২০১৭	০৩/১০/২০১৮

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	কাজের বিবরণ	ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন	চুক্তিমূল্য		দরপত্র প্রস্তাব		সরবরাহ/ কাজ সম্পাদনের তারিখ	
			চুক্তিমূল্য	সংশোধিত চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
WR-6	সিকিউরিটি লাইটিং স্থাপন ও কমিশনিং	৯০.০০	৭৭.৯৯	৭৭.৯৯	২০-২১/০৬/২০১৭	১৩/০৯/২০১৭	১২/১২/২০১৭	১০/১২/২০১৮

তদুপরি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্যাকেজ নং- WR-1 & WR-5, WR-2, WR-3, WR-4, WR-6 কাজে বিলম্ব হওয়ায় LIQUIDATED DAMAGES (LD) নিরূপণে বিপিসি কর্তৃক কমিটি গঠন করা হয়। কমিটি দরপত্র দলিল ও ঠিকাদারের সাথে সংঘটিত চুক্তি বিশেষভাবে পর্যালোচনা করে এবং এতে LIQUIDATED DAMAGES (LD) নিরূপণের কোন শর্ত অন্তর্ভুক্ত না থাকার কারণে LD আরোপ না করার ব্যাপারে সুপারিশ প্রদান করেন। সে মোতাবেক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ৪র্থ সংশোধিত ডিপিপি অনুমোদন করে।

প্রকল্পের ডিপিপিতে পণ্য খাতে (GD) প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ নং	কাজের বিবরণ	ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন	চুক্তিমূল্য		দরপত্র প্রস্তাব		সরবরাহ/ কাজ সম্পাদনের তারিখ	
			চুক্তিমূল্য	সংশোধিত চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
GD-1	ডাবল কেবিন পিকআপ ক্রয়-০১টি	১৪০.০০	৪৩.৯২	৪৩.৯২	১২/০৩/২০১৪	২১/০৫/২০১৪	২৫/১২/২০১৪	২৫/১২/২০১৪
GD-2	সাপ্লাই, ইনস্টলেশন, টেষ্টিং, কমিশনিং অব ল্যাবরেটরী	৭৫.০০	৭৯.৬৪	৭৯.৬৪	২০/০৬/২০১৭	১৫/১০/২০১৭	১৫/০৪/২০১৮	০২/১০/২০১৮

	ইকুইপমেন্ট							
GD-3	কম্পিউটার ও যন্ত্রাংশ (১ টি ল্যাপটপ, ১টি ডেস্কটপ এবং ১টি প্রিন্টার)	৩.৫০	৩.৩০	৩.৩০	০১/১১/১৫	০১/১২/২০১৫	১৫/০১/২০১৬	১৫/০১/২০১৬
GD-4	অফিস আসবাবপত্র	২.০০	২.০০	২.০০	০১/১২/২০১৫	১৫/০১/২০১৬	১৫/০২/২০১৬	১৫/০২/২০১৬

প্যাকেজ নং GD-1 জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুমোদনক্রমে সরকারি সংস্থা প্রগতি ইন্ডাষ্ট্রিজ লি: হতে সরাসরি ক্রয় করা হয়। প্যাকেজ নং GD-2 উন্মুক্ত দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে Head of Procuring Entitity তথা চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের অনুমোদনক্রমে বাস্তবায়ন করা হয়।

প্রকল্পের ডিপিপিতে পরামর্শক খাতে (SR) প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ নং	কাজের বিবরণ	ডিপিপি/ আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন	চুক্তিমূল্য		দরপত্র প্রস্তাব		সরবরাহ/ কাজ সম্পাদনের তারিখ	
			চুক্তিমূল্য	সংশোধিত চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
SR-1	পরামর্শ সেবা	১৫০.০০	পেট্রোলিয়াম অয়েল ট্যাংক ও পাইপলাইন ডিজাইন/ নির্মাণ এবং জেটি নির্মাণ, ভবন নির্মাণ-সহ সকল কাজ প্রকল্প পরিচালক ও তেল বিপণন কোম্পানিসমূহের অভিজ্ঞতার আলোকে সম্পাদন করার সিদ্ধান্ত গ্রহণের কারণে এ খাতে কোন পরামর্শক নিয়োগ করা হয়নি।					

১৫। পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:

প্রকল্পের আওতায় কার্যক্রম পর্যবেক্ষণের জন্য ১৭ ও ১৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে বাগেরহাট জেলার মংলা উপজেলা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিদর্শন শেষে প্রকল্প পরিচালকের দপ্তর হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়। পরিদর্শনকালীন তথ্য এবং প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এই প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। পরিদর্শিত এলাকার অগ্রগতির তথ্য নিম্নের অনুচ্ছেদসমূহে বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।

পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের WR-1 & WR-5 প্যাকেজের আওতায় প্রডাক্ট রিসিভিং ও ডেলিভারি পাইপলাইন, অটোগেজিং সিস্টেম, প্রডাক্ট ডেলিভারি মিটার স্থাপন, প্রডাক্ট পাম্পসহ পাম্প হাউজ, ডিজেল ইঞ্জিন-ভিটি পাম্পসহ পাম্প হাউজ, ক্যাথোডিক প্রটেকশন সিস্টেম, অটোম্যানুয়াল হাইড্রান্ট ও ফোম ফায়ার ফাইটিং সিস্টেম-সহ ১৪টি পেট্রোলিয়াম স্টোরেজ ট্যাংক নির্মাণ করা হয়েছে। এর মধ্যে ১৫,০০০ মে. টনের ০৩টি; ১০,০০০ মে. টনের ০১টি; ৭,০০০ মে. টনের ০১টি; ৫,০০০ মে. টনের ০৫টি; ৪,০০০ মে. টনের ০১টি এবং ৩,০০০ মে. টনের ০৩টি পেট্রোলিয়াম স্টোরেজ ট্যাংক রয়েছে। তন্মধ্যে ৫০০০ মে. টনের ০২টি ট্যাংকে ইন্টারনাল ফ্লোটিং রুফ নির্মাণ করা হয়েছে। তাছাড়া ফায়ার ওয়াটার রিজার্ভের জন্য ৪০০০ মে. টন ধারণক্ষমতাসম্পন্ন ০১টি ওভারহেড পানির ট্যাংক ও ৩০০ মে. টন মে. টন ধারণক্ষমতাসম্পন্ন ০১টি ফায়ার পন্ড নির্মাণ করা হয়েছে। বর্ণিত কাজের জন্য ০২/০৭/২০১৪ তারিখে ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স ম্যাক্সওয়েল ইঞ্জিনিয়ারিং লিঃ-পাইপলাইনার্স লিঃ (জেভি) সহিত চুক্তি স্বাক্ষরিত হয় এবং চুক্তি অনুযায়ী কাজটি সম্পাদনের তারিখ ০২/০১/২০১৬ , কিন্তু প্রকৃতপক্ষে কাজটি সম্পন্ন হয়েছে ০২/১২/২০১৯ খ্রিঃ। অতিরিক্ত কাজসহ এ কাজের জন্য ১৪৭৪০.৭৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। পরিদর্শনকালীন ১৮-০৯-২০২১ তারিখে পদ্মা, মেঘনা এবং যমুনা এর HSD এর সর্বমোট মজুদ ছিল ১৭১২৯১৬৪ লিটার এবং FO এর মজুদ ছিল ২১৭৮৬২৩ লিটার । প্রকল্প শুরু থেকে এ পর্যন্ত বছর ভিত্তিক মজুদ এবং বিক্রয় সম্পর্কিত তথ্য নিম্নের ছকে বর্ণনা করা হলোঃ

Statement of Yearly Received and Sales						
	Received		Sale		Transfer to Others Depo	
	HSD	FO	HSD	FO	HSD	FO
JOCL*	55428589	9880154	26678440		22719712	9109223
POCL**	106562656	7725685	68222211	6515631	22857486	1907134
MPL***	66657950	11440786	44230193	5643180	19570850	5281472
Total	**228649195**	**29046625**	**139130844**	**12158811**	**65148048**	**16297829**

* JOCL: Jamuna Oil Company Limited; ** POCL: Padma Oil Company Limited; MPL: Meghna Petroleum Limited

প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী।

প্রকল্পের WR-2 প্যাকেজের আওতায় বিদেশী জাহাজ হতে পেট্রোলিয়াম পণ্য গ্রহণের জন্য ০৪টি মেরিন লোডিং আর্ম (MLA)-সহ DOJ DWT 15000-30000 এর ডলফিন অয়েল জেটি নির্মাণ করা হয়েছে। জেটিতে এপ্রোচ রোড, এপ্রোচ ব্রিজ, পাইপলাইন, ফোম ট্যাংক, হাইড্রান্ট লাইন ও একতলা বিল্ডিং বিশিষ্ট সাব-স্টেশন নির্মাণ করা হয়েছে। বর্ণিত কাজের জন্য ১৩/০১/২০১৬ তারিখে ঠিকাদারি প্রতিষ্ঠান এস এস রহমান ইন্টারন্যাশনাল এবং এফএমসি ডকইয়ার্ড লি: (জেভি) এর সহিত চুক্তি স্বাক্ষরিত হয় এবং চুক্তি অনুযায়ী কাজটি সম্পাদনের তারিখ ৩০/০৬/২০১৭, কিন্তু প্রকৃতপক্ষে কাজটি সম্পন্ন হয়েছে ০৩/১২/২০১৯ খ্রি:। অতিরিক্ত কাজসহ এ কাজের জন্য ৩৪৫৮.৮৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

প্রকল্পের WR-3 প্যাকেজের আওতায় তিন তলা বিশিষ্ট অফিস ভবন (৩X৬০০=১৮০০ বর্গ মি:) এবং এক তলা বিশিষ্ট ১টি কন্ট্রোল ভবন (৯৩ বর্গ মি:) নির্মাণ করা হয়েছে। অফিস ভবনটির প্রতি তলায় ১৬টি কক্ষ, ০২ টি কিচেন ও ০৯ টি বাথরুম রয়েছে। বর্ণিত কাজের জন্য ০২/০৭/২০১৭ তারিখে ঠিকাদারি প্রতিষ্ঠান আনোয়ার ল্যান্ডমার্ক এর সহিত চুক্তি স্বাক্ষরিত হয় এবং চুক্তি অনুযায়ী কাজটি সম্পাদনের তারিখ ০২/০১/২০১৮, কিন্তু প্রকৃতপক্ষে কাজটি সম্পন্ন হয়েছে ১৫/০৯/২০১৯ খ্রি.। এ কাজের জন্য ৬১০.৫০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অফিস ভবনটি বর্তমানে প্রকল্প অফিস এবং ৩টি তেল বিপণন কোম্পানির কাজে ব্যবহৃত হচ্ছে। কন্ট্রোল ভবনে ক্যাথোডিক প্রটেকশন, অটোগেজিং সিস্টেমের কন্ট্রোল প্যানেল রয়েছে এবং সিসিটিভি ক্যামেরার সাহায্যে প্রকল্প এলাকার নিরাপত্তা-সহ সকল অগ্রগতি মনিটর করা হচ্ছে।

প্রকল্পের WR-3 প্যাকেজের আওতায় ১টি চারতলা বিশিষ্ট আবাসিক ভবন (৪X৩০০ বর্গ মি:) নির্মাণ করা হয়েছে। আবাসিক ভবনের তিন তলা পর্যন্ত প্রতি তলায় ১৬১৫ বর্গফুটের (৩টি বেড রুম, ৩টি বাথরুম, ড্রইং, ডাইনিং, কিচেন) ০২টি করে ফ্লাট রয়েছে। চতুর্থ তলার রেস্ট হাউজ হিসেবে ব্যবহারের জন্য এটাচ বাথরুম ও ডাইনিংসহ ০২টি ভিআইপি রুম এবং এটাচ বাথরুম, ড্রইং ,ডাইনিং ও কিচেনসহ ০৩টি রুম রয়েছে। এছাড়াও এ দরপত্রের আওতায় আরসিসি রোড/ বিটুমিনাস রোড নির্মাণ করা হয়েছে। বর্ণিত কাজের জন্য ১১/০৯/২০১৭ তারিখে ঠিকাদারি প্রতিষ্ঠান আনোয়ার ল্যান্ডমার্ক এর সহিত চুক্তি স্বাক্ষরিত হয় এবং চুক্তি অনুযায়ী কাজটি সম্পাদনের তারিখ ১০/০৩/২০১৮, কিন্তু প্রকৃতপক্ষে কাজটি সম্পন্ন হয়েছে ০৪/১২/২০১৯ খ্রি.। এ কাজের জন্য ৫৯৮.৩৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

প্রডাক্ট ডেলিভারির জন্য চারটি ফিলিং পয়েন্টসহ ফিলিং গ্যান্ট্রি নির্মাণ করা হয়েছে। এ কাজের জন্য ৭১.৬২ লক্ষ টাকা ব্যয়ে হয়েছে। ট্যাংক লরিতে জ্বালানি তেল ডেলিভারির কাজে ফিলিং গ্যান্ট্রি ব্যবহৃত হচ্ছে।

প্রকল্প এলাকায় ২০৭.০৫ লক্ষ টাকা ব্যয়ে এক তলা ভবন বিশিষ্ট ৫০০ কেভিএ সাব-স্টেশন নির্মাণ করা হয়েছে। যা চালু অবস্থায় রয়েছে। তাছাড়া সাবস্টেশন ভবনে ৬৯.৯০ লক্ষ টাকা ব্যয়ে ০১ টি ৫০০ কেভিএ ডিজেল জেনারেটর স্থাপন করা হয়েছে এবং জেনারেটরটি যথাযথভাবে কাজ করছে বলে পরিদর্শনকালে প্রতীয়মান হয়েছে।

প্রকল্পের আওতায় ৭৯.৬৪ লক্ষ টাকা ব্যয়ে ফুয়েল টেস্টিং ল্যাবরেটরি ইক্যুইপমেন্টস ও সংশ্লিষ্ট মালামাল ক্রয় ও ল্যাবরেটরি রুমে স্থাপন করা হয়েছে। প্রয়োজন মোতাবেক ফুয়েল টেস্টিং করা হয়।

প্রকল্পের আওতায় ৪৪৭.৬০ লক্ষ টকা ব্যয়ে ০৩টি ওয়ার হাউজ, ০১টি সিকিউরিটি ব্যারাক, ভূমি উন্নয়ন, শোর প্রটকেশন, আরসিসি ক্যানাল মেকিং, স্ট্রম ড্রেন, বাউন্ডারি ওয়াল ও ইন্টারনাল ফেন্সিং নির্মাণ করা হয়েছে, যা দৃশ্যমান রয়েছে।

প্রকল্প এলাকার সার্বিক নিরাপত্তা রক্ষায় ৭৭.৯৯ লক্ষ টাকা ব্যয়ে সিকিউরিটি লাইটিং সিস্টেম নির্মাণ করা হয়েছে, যা নিরাপত্তা রক্ষায় কাজ করছে বলে প্রতীয়মান হচ্ছে।

পরিদর্শনকালে ফায়ার পাম্প হাউজ এলাকার চারপাশে অনেক আগাছা জন্মানো অবস্থায় দেখা গিয়েছে। এ অংশটি-সহ প্রকল্প এলাকায় প্রাকৃতিকভাবে জন্মানো সকল আগাছা নিয়মিত পরিষ্কার করার জন্য প্রকল্প কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়।

পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জানান যে, গত ১২ মে' ২০১৯ খ্রি. হতে অপারেশনাল কার্যক্রম শুরু হয়েছে (কোম্পানি অনুযায়ী বিক্রয় ও মজুদ প্রতিবেদন সংযোজিত)। কিন্তু কোভিড-১৯ এর কারণে আনুষ্ঠানিকভাবে প্রকল্পটি উদ্বোধন করা যায়নি। উল্লেখ্য, মংলা অয়েল ইন্সটলেশন প্রকল্পের যাবতীয় কাজ আরডিপিপি অনুযায়ী সঠিকভাবে সম্পন্ন হয়েছে বলে প্রতীয়মান হয়। ২০০৭ সনে প্রকল্প অনুমোদিত হলেও দীর্ঘ ০৫ বছরে প্রকল্পের কোন কাজ করা সম্ভব হয়নি। বর্তমান প্রকল্প পরিচালক ১৯ ফেব্রুয়ারি' ২০১২ সালে নিয়োগের পর তার ও প্রকল্প সংশ্লিষ্ট প্রকল্প প্রকৌশলীদের সঠিক তত্ত্বাবধানের মাধ্যমে প্রকল্পের সফল বাস্তবায়ন শেষ হয়েছে। উল্লেখ্য, জ্বালানি তেল পরিচালন কাজ শুরু করার পরপরই প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট প্রকৌশলীগণ তাদের স্ব-স্ব কোম্পানিতে অন্যত্র কর্মরত আছেন।

১৭। প্রকল্পের ব্যবহৃত গাড়ি সম্পর্কিত তথ্য:

মংলা অয়েল ইন্সটলেশন নির্মাণ প্রকল্প বিপিসি তথা ০৩টি তেল বিপণন কোম্পানির নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হয়েছে। সে ক্ষেত্রে প্রকল্পের আওতায় ৪৩.৯২ লক্ষ টাকা ব্যয়ে ০১টি ডাবল কেবিন পিকআপ প্রতিষ্ঠানের নিজস্ব অর্থ হতে সরাসরি সরকারি প্রতিষ্ঠান হতে ক্রয় করা হয়েছে। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের কাজ শেষ হওয়ায় তা মংলা অয়েল ইন্সটলেশনের ইনচার্জকে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক বুঝিয়ে দেন (সংযুক্তি)। গাড়ীটি বর্তমানে মংলা অয়েল ইন্সটলেশন, মংলা, বাগেরহাটে তিনটি তেল বিপণন কোম্পানি (পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড/ মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড/ যমুনা অয়েল কোম্পানি লিমিটেড) তাদের অপারেশনাল কার্যক্রমে ব্যবহার করছে।

১৮। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তর/ প্রকল্পের সমাপ্তিকরণের তারিখ
২০০৭ হতে ১৯/০২/২০১২ পর্যন্ত প্রকল্প পরিচালকগণের তথ্য প্রকল্প অফিসে সংরক্ষিত নেই। প্রকল্প পরিচালকবৃন্দ বিপিসি'র মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক নিয়োগকৃত। এ নিয়োগ সংক্রান্ত তথ্যাবলি প্রকল্প প্রেরণ করা হয়নি, ফলে প্রকল্প অফিসে প্রকল্প পরিচালক নিয়োগ সম্পর্কিত কোন তথ্য নেই।				
প্রকৌশলী মোঃ মোছাদ্দেক হোসেন, এফআইই বি-৩৯৯৪	পূর্ণকালীন		১৯/০২/২০১২	৩১/১২/২০১৯

*** পরিদর্শনকালে জানা যায় যে, প্রকল্পটি বাস্তবায়নকালে মোট ৫ জন প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে। প্রকল্প কর্তৃপক্ষ ১৯/০২/২০১২ এর পূর্বে নিয়োগপ্রাপ্ত প্রকল্প পরিচালক সম্পর্কিত কোন তথাদি সরবরাহ করতে পারেনি।**

১৯। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন
• দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ ও উন্নয়নের লক্ষ্যে স্থাপনা নির্মাণ;	• মংলা অয়েল ইনস্টলেশন প্রকল্প সমাপ্তির মাধ্যমে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল তথা সমগ্র দেশের জ্বালানি নিরাপত্তা বৃদ্ধি পেয়েছে এবং স্থাপনা নির্মাণের কারণে দেশে উন্নয়নের ধারা অব্যাহত রয়েছে ;
• চট্টগ্রামে প্রধান স্থাপনায় আমদানীকৃত পেট্রোলিয়াম পণ্য খালাসের কোন জটিলতা বা দৈবাৎ কারণে এ স্থাপনায় আমদানীকৃত পেট্রোলিয়াম পণ্য রিসিভ করার লক্ষ্যে 2nd Main Installation নির্মাণ;	• মংলা অয়েল ইনস্টলেশন নির্মাণ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে 2nd Main Installation নির্মাণ সম্পন্ন হয়েছে;
• আমদানীকৃত পেট্রোলিয়াম পণ্য (HSD, FO, SKO, HOBC & MS) মংলা অয়েল ইনস্টলেশনে মজুদ ও সারাদেশে বিশেষত দক্ষিণ-পশ্চিমাঞ্চলে জ্বালানি তেলের চাহিদা মিটানোর লক্ষ্যে স্থাপনা নির্মাণ;	• ডিপিপি অনুমোদনের পরে বিপিসি'র সিদ্ধান্তক্রমে আমদানিকৃত পেট্রোলিয়াম পণ্য (HSD, FO)-এর জন্য মজুদাগার নির্মাণ করা হয়েছে ;
• ৫৯,৬০০ মে. টন ক্ষমতাসম্পন্ন জ্বালানি তেল মজুদাগার বৃদ্ধি;	• ডিপিপি অনুমোদনের পরে বিপিসি'র সিদ্ধান্তক্রমে ১০০০০০ (এক লক্ষ) মেট্রিক টন জ্বালানি স্টোরেজ ক্ষমতার মজুদাগার নির্মাণ করা হয়েছে;
• মংলা বন্দরে আগত বিদেশি জাহাজে বাংকারিং সহজতর করা।	• মংলা বন্দরে আগত বিদেশি জাহাজে বাংকারিং সহজতর হয়েছে।

২০। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: অত্র অঞ্চলের চাহিদা পূরণের লক্ষ্যে আমদানীকৃত পেট্রোলিয়াম পণ্যের জাহাজ এ স্থাপনায় খালাসের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্বান্ত গ্রহণ করা প্রয়োজন। তাহলে 2nd Main Installation স্থাপনের প্রকৃত উদ্দেশ্য অর্জিত হবে।

২১। অডিট:

নিরীক্ষা বছর	ইস্যুকৃত প্যারা সংখ্যা	নিষ্পত্তিকৃত প্যারা সংখ্যা	অবশিষ্ট প্যারা সংখ্যা	আপত্তিসমূহ
১৪/০২/২০২১	১২	১২	০	

২২। **প্রকল্প বাস্তবায়ন সমস্যা:**

- ১৪টি পেট্রোলিয়াম স্টোরেজ ট্যাংক ও জেটি নির্মাণের লক্ষ্যে EPC চুক্তির মাধ্যমে মেসার্স ম্যাক্সওয়েল ইঞ্জিনিয়ারিং লি:-পাইপলাইনার্স লি: (জেভি)-এর সঙ্গে চুক্তি সম্পাদনের জন্য দরপত্র মূল্যায়ন কর্তৃক সুপারিশ প্রদান করার পরে নির্বাচিত ঠিকাদারের অভিজ্ঞতা সনদের বিষয়ে বেনামে সরকারি বিভিন্ন মন্ত্রণালয় ও দুর্নীতি দমন কমিশন (দুদক)-এ অভিযোগ উত্থাপিত হওয়ার প্রেক্ষিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কমিটি গঠন করে দীর্ঘদিন তদন্ত করে। অভিযোগের সত্যতা না পাওয়ায় সর্বনিম্ন ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স ম্যাক্সওয়েল ইঞ্জিনিয়ারিং লি:-পাইপলাইনার্স লি: (জেভি)-এর সাথে ২ জুলাই, ২০১৪ সালে চুক্তি সম্পাদিত হয়। কিন্তু এ পর্যায়ে দুদক তদন্ত শুরু করলে প্রকল্পের বাস্তবায়ন কাজ স্থগিত হয়। অবশেষে দুদক ১৯/১২/২০১৬ অভিযোগের বিষয়ে কোন সত্যতা না পাওয়ায় অভিযোগ নিষ্পত্তি করলে ঠিকাদার পুরোদমে কাজ শুরু করে;
- মংলা অয়েল ইন্সটলেশন প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)-এর জায়গা হতে স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানি লিমিটেড (এসএওসিএল) তেল মজুদাগার নির্মাণের জন্য এবং প্রকল্পের অভ্যন্তর দিয়ে রেললাইন মংলা বন্দরের জেটি পর্যন্ত স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ রেলওয়েকে জমি বরাদ্দ প্রদান করার কারণে প্রকল্পের সামগ্রিক লে-আউট পরিবর্তন করতে হয়;
- মূল ডিপিপি'তে প্রস্তাবিত ধারণক্ষমতা ৫৯,৬০০ (উনষাট হাজার ছয়শত) মেট্রিক টন হতে ১০০০০০ (এক লক্ষ) মেট্রিক টনে বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণের ফলে ১০টি মজুদাগারের স্থলে ১৪টি মজুদাগার নির্মাণ করা হয়েছে। এতে সমগ্র ডিজাইন পুনরায় সম্পন্ন করতে সমস্যার সৃষ্টি হয়;

- মূল ডিপিপি'তে প্রস্তাবিত পেট্রোলিয়াম পণ্যের গ্রেড (HSD, FO, SKO, HOBC & MS) পরিবর্তন করে শুধু (HSD, FO) করার সিদ্ধান্তের ফলে চলমান কাজ বন্ধ করে পুনরায় ডিজাইন সম্পন্ন করে কাজ করতে হয়;
- মূল ডিপিপি'তে প্রস্তাবিত কাজের বাইরে ফায়ারফাইটিং সিস্টেম, ট্যাংকসমূহে অটোগেজিং সিস্টেম, পাইপলাইনের ক্যাথোডিক প্রটেকশন ও ২টি ট্যাংকে ফ্লোটিং রুফ করার সিদ্ধান্ত গ্রহণের কারণেও প্রকল্প বাস্তবায়নে সমস্যার সৃষ্টি হয়;
- মূল ডিপিপি'তে প্রস্তাবিত জেটির ডিজাইন ও অবস্থান পরিবর্তন করে জেটির আকার বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণের ফলে ৪টি লোডিং আর্ম, জেটি পরিচালনার জন্য সাব-স্টেশন, ফায়ারফাইটিং সিস্টেম, এপ্রোচ ব্রিজ, পাইপলাইন-সহ জেটি নির্মাণের পুনরায় জেটি ডিজাইন সম্পন্ন করে কাজ করতে হয়। জেটি পরিচালনার নিমিত্ত চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এর বিশেষজ্ঞগণ কর্তৃক ভেটিংকৃত ড্রয়িং-এ ০৪টি ব্রেস্টিং ডলফিন ও ০৪টি মুরিং ডলফিনে ০৮টি ৮০ টনের বোলার্ড ও ০৮টি ১০ টনের বোলার্ড স্থাপনের নির্দেশনা মোতাবেক যাবতীয় কাজ সম্পাদন করা হয়;
- প্রকল্পের আওতায় পূর্তকাজ যথা ৩তলা বিশিষ্ট অফিস ভবন (৩X৬০০=১৮০০ বর্গমিটার) ও ট্যাংক ফার্মের কন্ট্রোলরুম (৯৩ বর্গমিটার), ৪তলা বিশিষ্ট আবাসিক ভবন (৪X৩০০=১২০০ বর্গমিটার) ও অভ্যন্তরীণ রাস্তা, ওয়্যার হাউজ, সিকিউরিটি ব্যারাক, শোর প্রটেকশন (২৭০ মিটার), ভূমি উন্নয়ন, সীমানা প্রাচীর ও গেট-সহ ইন্টারনাল ফেন্সিং নির্মাণের ২০০৬-০৭ সময়ে প্রস্তুতকৃত প্রাক্কলন পুনরায় PWD Schedule, 2014 অনুসারে সম্পন্ন করে কাজ করা হয়;
- প্রকল্প এলাকায় পশুর নদীর তীরবর্তী ৫০মিটার বালু ভরাট করার ফলে বৃষ্টিতে পানি জমে শোর-প্রটেকশন এলাকা ক্ষতিগ্রস্ত হয়। শোর প্রটেকশন রক্ষার নিমিত্ত উক্ত এলাকায় ড্রেন স্থাপন করা হয়। এছাড়াও, মংলা বন্দর কর্তৃপক্ষের মেইন ড্রেন লাইন বর্ণিত প্রকল্প এলাকার ভিতর দিয়ে পশুর নদীতে পড়েছে, যার মাধ্যমে বৃষ্টির পানি ও বন্দরের আবাসিক এলাকার ড্রেনের পানি পশুর নদীতে পড়ে। পশুর নদীর তীরবর্তী ৫০মিটার বালু ভরাট করার ফলে নদী সংলগ্ন এরিয়া ব্লক স্থাপনের মাধ্যমে ক্যানাল তৈরি করে পানি নিষ্কাশনের ব্যবস্থা করা হয়। বর্ষা মৌসুমের অতিরিক্ত পানির চাপে ব্লকের নীচ হতে বালু সরে গিয়ে স্থাপিত ব্লক স্থানান্তরিত হওয়ায় শোর প্রটেকশনের স্বার্থে ক্যানাল ও স্ট্রং ড্রেন নির্মাণ করা হয়, যা অতিরিক্ত কাজ হিসেবে সম্পাদন করা হয়।

২৩। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run): জুলাই' ২০০৭ হতে জুন' ২০১০ এর স্থলে জুলাই' ২০০৭ হতে ডিসেম্বর' ২০১৯ পর্যন্ত ১২ (বার) বৎসর ৬ (ছয়) মাস। মূল বাস্তবায়ন কালের ৪১৬.৬৬%।

২৪। **পিআইসি এবং পিএসসি সভা সংক্রান্ত:** প্রকল্পের শুরু থেকে ১০টি টি পিআইসি এবং ১০ স্টিয়ারিং/পিএসসি কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

ক্র. নং	সভার ধরণ	সভার তারিখ	মন্তব্য
১	পিআইসি	০২/০৪/২০১২, ১২/০৭/২০১৫, ২৬/১১/২০১৭, ১৪/১২/২০১৭, ২২/০৩/২০১৮, ০৭/০৫/২০১৮, ২২/০৭/২০১৮, ১৩/০৯/২০১৮, ২৩/১০/২০১৮ এবং ২৫/০২/২০১৯	
২	পিএসসি	১০/০৫/২০০৭, ০৫/০৪/২০১২, ২০/০৮/২০১৫, ০৬/০৪/২০১৭, ০৭/০১/২০১৮, ২৭/০৩/২০১৮, ২৫/০৭/২০১৮, ১১/১১/২০১৮, ২৩/১২/২০১৮, ২১/০৭/২০১৯	

ক্র. নং	সভার তারিখ	স্টিয়ারিং সভার সুপারিশসমূহ	গৃহীত ব্যবস্থা
১	১০/০৫/২০০৭	মূল ডিপিপি অনুমোদন	
২	০৫/০৪/২০১২	• প্রকল্পটির ডিজাইন ও সুপারভিশনের জন্য দেশীয় পরামর্শক নিয়োগের লক্ষ্যে মে, ২০১২ এর মধ্যে RFP ইস্যু করতে হবে; • পরামর্শকের স্বয়ংসম্পূর্ণ TOR আরডিপিপি'তে সংযোজন করতে হবে; • প্রকল্প বাস্তবায়নের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্ত যমুনা অয়েল কোম্পানী লিমিটেড হতে ০১ (এক) জন সিভিল ইঞ্জিনিয়ার এবং মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড হতে ০১ (এক) জন মেক্যানিক্যাল অথবা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার ডেপুটেশনে নিয়োগ করতে হবে এবং আরডিপিপি'তে ম্যানেজমেন্ট সেট-আপ প্রকল্প বাস্তবায়নের জন্য নিয়োজিত জনবলের জন্য বিস্তারিত বর্ণনা সংযোজন করতে হবে; • প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যুগ্ম-সচিব উন্নয়ন এর সাথে আলোচনাক্রমে স্টোরেজ ট্যাংকের সাইজ অপটিমাইজ করতে হবে; • প্রকল্পের আওতায় একটি প্রকল্প বাস্তবায়ন কমিটির সংস্থান রাখতে হবে; • প্রকল্পের সংশোধিত বাস্তবায়ন মেয়াদকাল জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৪ পর্যন্ত নির্ধারণ করতে হবে; • প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা, প্রকল্পের উদ্দেশ্য, বিভিন্ন অঙ্গের যথাযথ ইউনিট/	সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থাবলি গ্রহণ করে আরডিপিপি প্রণয়ন করা হয়েছে।

ক্র. নং	সভার তারিখ	স্টিয়ারিং সভার সুপারিশসমূহ	গৃহীত ব্যবস্থা
		পরিমাণ/ টোটাল প্রক্রিউরমেন্ট প্ল্যান এর কন্ট্রাক্ট এপ্রুভিং অথোরিটি এবং প্রকল্প সংশোধনের যথাযথ যৌক্তিকতা আরডিপিপি'তে সংযোজন করতে হবে; • পূর্ত নির্মাণ কাজের প্রাক্কলন PWD Rate Schedule এর সর্বশেষ রেট অনুসরণ করতে হবে।	
৩	২০/০৮/২০১৫	• ডিপিপি'তে জেটির জন্য (বিভিন্ন আইটেম-সহ) যে ব্যয় হবে তা আলাদা খাতে (হেড-এ) প্রদর্শন করতে হবে; • জুন, ২০১৭ এর মধ্যে প্রকল্পটি সমাপ্ত করতে হবে; • প্রকল্পের বাস্তবায়ন তরান্বিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল সংস্থার প্রতিনিধির সমন্বয়ে একটি স্টিয়ারিং কমিটি গঠন করতে হবে; • ডিপিপি'র অন্তর্ভুক্ত জেটি সংক্রান্ত ডকুমেন্টের অনুলিপি ডিপিপি হতে বাদ দিয়ে টেন্ডার মূল্যায়ন কমিটির প্রতিবেদনের সার-সংক্ষেপ আরডিপিপি'তে সংযুক্ত করতে হবে; • জুন, ২০১৫ পর্যন্ত সময়ে বাস্তবায়ন অগ্রগতির তথ্য পুনর্গঠিত আরডিপিপি'তে অন্তর্ভুক্ত করতে হবে।	সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থাবলি গ্রহণ করে আরডিপিপি প্রণয়ন করা হয়েছে।
৪	০৬/০৪/২০১৭	• আরডিপিপি'র ৯ নং অনুচ্ছেদে ২য় সংশোধিত ব্যয়, ৩য় ২য় সংশোধিত ব্যয়, বৃদ্ধির পরিমাণ ও শতকরা হার উল্লেখ-সহ সংশোধনের যৌক্তিকতা এবং মেয়াদ বৃদ্ধির যৌক্তিকতা যথাযথভাবে উল্লেখ করতে হবে; • PWD Rate Schedule 2014 এর কোন রেট ধরা হয়েছে তা সংশোধিত ডিপিপি'র সংশ্লিষ্ট স্থানে উল্লেখ করতে হবে; • ক্রয় পরিকল্পনায় উল্লেখিত Indicative Dates হালনাগাদ করতে হবে এবং আরডিপিপি'তে সংযোজন করতে হবে; • প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ মার্চ, ২০১৮ পর্যন্ত নির্ধারণ করে আরডিপিপি প্রণয়ন করতে হবে; • বাস্তবায়নকারী সংস্থাকে বর্ধিত মেয়াদের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে; • প্রকল্পের সম্পাদিত কাজের রিভাইজড ওয়ার্ক প্ল্যান জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে; • প্রকল্প পরিচালক-সহ প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকলকে সাইটে অবস্থান করে কাজ ত্বরান্বিত করতে হবে।	সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থাবলি গ্রহণ করে আরডিপিপি প্রণয়ন করা হয়েছে।
৫	০৭/০১/২০১৮	• প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ সেপ্টেম্বর, ২০১৮ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব যৌক্তিকতা-সহ প্রেরণ করতে হবে; • প্রকল্পের আওতায় সকল কাজের কার্যাদেশ প্রদান করায় তা সম্পন্ন করার সকল উদ্যোগ গ্রহণ করতে হবে; • প্রস্তাবিত বর্ধিত সময় অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে; • প্রকল্পের সকল কাজ মার্চ, ২০১৮ এর মধ্যে সম্পন্ন করতে হবে। ঠিকাদারদের ব্যরথতায় Liquidated Damages আরোপ করতে হবে; • বিপিসি কর্তৃক মনিটরিং জোরদার করে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করতে হবে।	সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থাবলি গ্রহণ করে আরডিপিপি প্রণয়ন করা হয়েছে।
৬	২৭/০৩/২০১৮	• প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুলাই, ২০০৭ হতে মার্চ, ২০১৮ এর পরিবর্তে জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৮ পর্যন্ত অর্থাৎ ৩ মাস বৃদ্ধি করা যেতে পারে; • বাস্তবায়নকারী সংস্থাকে আবশ্যিকভাবে মেয়াদের মধ্যে প্রকল্পের অপারেশনাল কাজ শুরু করতে হবে; • প্রকল্পের আওতায় সম্পাদিতব্য কাজের রিভাইজড ওয়ার্ক প্ল্যান আগামী ০৭	সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থাবলি গ্রহণ করে আরডিপিপি প্রণয়ন করা হয়েছে।

ক্র. নং	সভার তারিখ	স্টিয়ারিং সভার সুপারিশসমূহ	গৃহীত ব্যবস্থা
		কার্যদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে; ● প্রকল্প পরিচালক-সহ প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকলকে নিরবচ্ছিন্নভাবে প্রকল্প সাইটে অবস্থান করে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে; ● প্রকল্পটির বাস্তবায়ন কাজ সম্পন্ন করার জন্য বিপিসি কর্তৃক জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
৭	২৫/০৭/২০১৮	● প্রকল্পের ৪র্থ সংশোধিত ডিপিপি'র ব্যয় প্রাক্কলন-সহ সংশ্লিষ্ট বিষয়াদি পর্যালোচনার জন্য বিপিসি কর্তৃক ০১টি কমিটি গঠন করতে হবে; ● সংশোধনের যৌক্তিকতা উল্লেখপূর্বক কমিটির সুপারিশের আলোকে প্রণীত ৪র্থ সংশোধিত ডিপিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে; ● প্রকল্পের আওতায় সম্পাদিতব্য কাজের সংশোধিত কর্মপরিকল্পনা আরডিপিপি'তে সংযুক্ত করতে হবে; ● প্রকল্প পরিচালককে প্রকল্প বাস্তবায়নের কাজ নিষ্ঠার সাথে সম্পন্ন করতে হবে; ● প্রকল্পটির বাস্তবায়ন কাজ প্রস্তাবিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য বিপিসি কর্তৃক জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থাবলি গ্রহণ করে আরডিপিপি প্রণয়ন করা হয়েছে।
৮	১১/১১/২০১৮	● প্রকল্প সংশোধনের যৌক্তিকতা যথাযথভাবে উল্লেখ করতে হবে; ● ০৫টি প্রডাক্টের পরিবর্তে ০২টি প্রডাক্ট লোড ও আনলোড করার সংস্থান করতে কি পরিমাণ ব্যয় বৃদ্ধি পেয়েছে সে সংক্রান্ত বিবরণী আরডিপিপি'তে সংযুক্ত করতে হবে; ● ভবিষ্যতে বাস্তবায়নকারী সংস্থা/ কোম্পানি অনুমোদিত ডিপিপি/ আরডিপিপি সংস্থানের অতিরিক্ত অর্থ ব্যয় করতে পারবে না।	সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থাবলি গ্রহণ করে আরডিপিপি প্রণয়ন করা হয়েছে।
৯	২৩/১২/২০১৮	● প্রকল্প সংশোধনের যথার্থ যৌক্তিকতা উল্লেখপূর্বক Liquidated damages (LD) আরোপ বিষয়ে বিপিসি কর্তৃক প্রণীত প্রতিবেদন-সহ ৪র্থ সংশোধিত ডিপিপি ১০দিনের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে; ● প্রকল্পের আওতায় সম্পাদিতব্য কাজের সংশোধিত কর্মপরিকল্পনা আরডিপিপি'তে সংযুক্ত করতে হবে; ● প্রকল্পের ৪র্থ সংশোধিত ডিপিপি বিবেচনার জন্য পুনরায় সভা আহবান করতে হবে।	সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থাবলি গ্রহণ করে আরডিপিপি প্রণয়ন করা হয়েছে।
১০	২১/০৭/২০১৯	● প্রকল্পের বাস্তবায়নকাল ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত নির্ধারণ করে ৪র্থ সংশোধিত ডিপিপি পুনর্গঠন করতে হবে; ● প্রকল্পের আওতায় সম্পাদিতব্য কাজের সংশোধিত কর্মপরিকল্পনা আরডিপিপি'তে সংযুক্ত করতে হবে; ● পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড ও বিপিসি কর্তৃক নিবিড়ভাবে তদারকি করে প্রকল্পের সকল কাজ সম্পন্ন করে চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে; ● ভবিষ্যতে প্রকল্প যথাসময়ে সম্পন্ন করার জন্য সর্বোচ্চ উদ্যোগ গ্রহণ করতে হবে।	সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থাবলি গ্রহণ করে আরডিপিপি প্রণয়ন করা হয়েছে।

২৪। প্রকল্পের সার্বিক অগ্রগতি:

- প্রকল্পের শুরু থেকে ডিসেম্বর' ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২০৫২৬.৮৩ লক্ষ টাকা যা মূল প্রাক্কলিত ব্যয়ের ৪৬৭.৩৫% এবং সর্বশেষ ৪র্থ সংশোধিত প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৯০%। প্রকল্পের কাজের বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে দেশের দ্বিতীয় প্রধান জ্বালানি তেল স্থাপনা হওয়ায় অর্থাৎ ১০০০০০ (এক লক্ষ) মেট্রিক টন জ্বালানি তেল মজুদ ক্ষমতা বৃদ্ধি পেয়েছে;
- প্রকল্পটির মাধ্যমে তিনটি ১৫,০০০ মে.টন, একটি ১০,০০০ মে.টন, একটি ৭,০০০ মে.টন, পাঁচটি ৫,০০০ মে.টন (দুইটি ইন্টারনাল ফ্লোটিং রুফ), একটি ৪,০০০ মে.টন এবং তিনটি ৩,০০০ মে.টন ট্যাংক অর্থাৎ সর্বমোট ১৪ টি পেট্রোলিয়াম স্টোরেজ ট্যাংক, প্রডাক্ট ডেলিভারি ও রিসিভিং পাইপলাইন নির্মাণ করা হয়েছে। তাছাড়া ট্যাংকসমূহে অটোগেজিং

সিস্টেম, ক্যাথোডিক প্রটেকশন সিস্টেম এবং অটো-ম্যানুয়াল হাইড্রান্ট ও ফোম ফায়ার ফাইটিং সিস্টেম স্থাপন করা হয়েছে। বিদেশি জাহাজ হতে পেট্রোলিয়াম পণ্য গ্রহণের জন্য ০৪টি মেরিন লোডিং আর্ম (MLA), জেটির জন্য আলাদা সাব-স্টেশন-সহ ডলফিন অয়েল জেটি: DOJ DWT 15000-30000 নির্মাণ করা হয়েছে। এছাড়া তিন তলা বিশিষ্ট অফিস ভবন (৩X৬০০=১৮০০ বর্গ মি:), ১ টি কন্ট্রোল ভবন (৯৩ বর্গ মি:) এবং চারতলা বিশিষ্ট আবাসিক ভবন (৪X৩০০ বর্গ মি:) নির্মাণ-সহ আরডিপিপি'তে উল্লেখিত সকল কাজ সফল সম্পন্ন করা হয়ে ১২/০৪/২০১৯ তারিখ হতে পরিচালন কার্যক্রম চলমান রয়েছে;

- মংলা অয়েল ইনস্টলেশন প্রকল্পের বাস্তবায়নের ফলে ট্যাংকলরির মাধ্যমে বাগেরহাট, পিরোজপুর, গোপালগঞ্জ, ফরিদপুর জেলাসমূহে জ্বালানি তেল সরবরাহকরণ-সহ মংলা বন্দরে আগত বিদেশি জাহাজে বাংকারিং সুবিধা সহজতর হয়েছে;
- প্রকল্পটি বাস্তবায়নের ফলে এই অঞ্চলে জনগণের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি-সহ অত্র অঞ্চলে শিল্পকারখানা স্থাপনে অভূতপূর্ব উন্নতি পরিলক্ষিত হচ্ছে।

২৫। প্রকল্প কার্যক্রম পরিদর্শনের স্থিরচিত্র:

প্রকল্পের স্থির চিত্র	**প্রকল্পের স্থির চিত্র**
	
প্রকল্প অফিস	পেট্রোলিয়াম স্টোরেজ ট্যাংক
	
প্রকল্প এলাকায় আগাছা জন্মানোর চিত্র	**প্রকল্প এলাকায় আগাছা জন্মানোর চিত্র**

২৬। সুপারিশ/মতামতঃ

২৬.১. প্রকল্পের অব্যয়িত অর্থ এবং প্রকল্পের আওতায় ক্রয়কৃত আসবাবপত্র এবং যন্ত্রপাতির একটি ইনভেন্টরি প্রস্তুত পূর্বক বিধি মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বুঝিয়ে দিয়ে আইএমইডি'কে অবহিত করতে হবে;

২৬.২. মংলা অয়েল ইন্সটলেশন দেশের ২য় প্রধান জ্বালানি তেল স্থাপনা হওয়ায় আমদানিকৃত জ্বালানি দ্রুত খালাস করার সকল সক্ষমতা এখানে রয়েছে। এই সক্ষমতাকে কাজে লাগাতে এ স্থাপনায় আমদানিকৃত জ্বালানি তেল আনয়নের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। বিষয়টি মন্ত্রণালয় বিবেচনা করে দেখতে পারে;

২৬.৩. এ স্থাপনায় এলপিজি বটলিং প্ল্যান্ট স্থাপনের জন্য প্রায় ৭.০ একর জমি খালি পড়ে রয়েছে। এ স্থানের লাভজনক ব্যাবহারের উদ্দেশ্যে দ্রুত এলপিজি বটলিং প্ল্যান্ট নির্মাণ করা অথবা পেট্রোলিয়াম পণ্যের মজুদাগার বৃদ্ধির লক্ষ্যে পেট্রোলিয়াম স্টোরেজ ট্যাংক নির্মাণ করা প্রয়োজন;

২৬.৪. প্রকল্প এলাকাটি একটি স্পর্শকাতর এলাকা বিধায় প্রকল্প এলাকায় প্রাকৃতিকভাবে জন্মানো আগাছা নিয়মিত পরিষ্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।